


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 71 Years ■ Issue-199 ■ 28 April, 2025 ■ আগরতলা ২৮ এপ্রিল, ২০২৫ ইং ■ ১৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### মন কি বাত অনুষ্ঠানে

# পহেলগাঁও হামলার অপরাধীদের উপযুক্ত জবাব দেওয়া হবে ঃ প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২৭ এপ্রিল (হি.স.)।।** জম্মু ও কাশ্মীরের পহেলগামে ভয়াবহ সন্ত্রাসী হামলায় ফের একবার উদ্বেগ প্রকাশ করলেন প্রধানমন্ত্রী। স্বজনহারাদের প্রতি প্রধানমন্ত্রীর আশ্বাস, আপনারা ন্যায়বিচার অবশ্যই পাবেন। পহেলগাম হামলার অপরাধীদের উপযুক্ত জবাব দেওয়া হবে।

রবিবার মন কি বাত অনুষ্ঠানের ১২১-তম পর্বে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'আমি শোকসন্তপ্ত পরিবারগুলিকে আশ্বস্ত করছি, তাঁরা ন্যায়বিচার পাবেন। ন্যায়বিচার নিশ্চিত করা হবেই। এই হামলার পেছনের অপরাধী এবং মূল পরিকল্পনাকারীদের উপযুক্ত জবাব দেওয়া হবে।' প্রধানমন্ত্রী বলেছেন, '২২ এপ্রিল পহেলগামের সন্ত্রাসী হামলা দেশের প্রতিটি নাগরিকের মনে গভীর শোক সঞ্চার করেছে। শোকাহত পরিবারের বেদনা প্রতিটি ভারতীয় অনুভব করে। রাজ্য অথবা ভাষা নির্বিশেষে, প্রতিটি ব্যক্তি এই হামলায় যারা তাদের প্রিয়জনদের হারিয়েছেন তাদের শোক ভাগ করে নিচ্ছেন।' এরপরই প্রধানমন্ত্রী মোদী বলেন, 'মাত্র দুই দিন আগে, আমরা আমাদের দেশের মহান বিজ্ঞানী ডঃ কে. কস্তুরীরঙ্গনকে হারিয়েছি। যখনই আমি ডঃ কস্তুরীরঙ্গনের সঙ্গে দেখা করতাম, আমরা প্রায়শই ভারতের যুব প্রতিভা, আধুনিক শিক্ষা, মহাকাশ বিজ্ঞান এবং এই ধরনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতাম। বিজ্ঞান, শিক্ষা এবং ভারতের মহাকাশ কর্মসূচির অগ্রগতিতে তাঁর অবদান সর্বদা স্মরণীয় হয়ে থাকবে।

'এক পেড় মা কে নাম' অভিযানে দেশবাসীর ব্যাপক অংশগ্রহণে ভূয়সী প্রশংসা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার মন-কি-বাত অনুষ্ঠানের ১২১-তম পর্বে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, '''এক পেড় মা কে নাম'' অভিযানটি সেই মায়ের প্রতি উৎসর্গীকৃত যিনি আমাদের ও মাতৃভূমিকে জন্ম দিয়েছেন। ৫ জুন, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে এই অভিযানের এক বছর পূর্ণ হবে। এই এক বছরে, সারা দেশে ১.৪ বিলিয়নেরও বেশি গাছ লাগানো হয়েছে। ভারতের এই উদ্যোগ দেখে, বিদেশেও মানুষ তাদের মায়ের নামে গাছ লাগিয়েছে। আপনাদেরও এই অভিযানে যোগদান করা উচিত।'

মানবতার সেবার ক্ষেত্রে ভারত সর্বদাই এগিয়ে ছিল এবং ভবিষ্যতেও এই ধরণের প্রতিটি প্রয়োজনে সর্বদা এগিয়ে থাকবে। রবিবার মন কি বাত অনুষ্ঠানে এই মন্তব্য ☛ ৬ এর পাতায় দেখুন

## সন্ত্রাসবাদীরা জনবলের অভাব থেকেই ষড়যন্ত্র করে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা আজ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কথাগুলি সর্বদা সেবা এবং দেশ গঠনের চেতনার সাথে অনুরণিত হয় এবং তাঁর দৃষ্টিভঙ্গি সর্বদা সবাইকে অনুপ্রাণিত করে।

বামুটিয়া বিধানসভার অন্তর্গত কামালঘাট এলাকার ১৭ নং বুথের নাগরিকদের সাথে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির "মন কি বাত" কার্য্যক্রমের ১২১ তম পর্ব শ্রবণ করেন মুখ্যমন্ত্রী ডাঃ সাহা।

এই কার্যক্রমে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর মন কি বাত এর জন্য মানুষ অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করেন। এমনকি আমিও এই কার্য্যক্রমে উপস্থিত থাকি। শুধু আগরতলায় নয়, রাজ্যের অন্যান্য এলাকাতেও যেতে হয়। আমরা অধীর আগ্রহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কথা শোনার জন্য অপেক্ষা করি। আজ প্রথমে প্রধানমন্ত্রী মোদি জম্মু ও কাশ্মীরের পহলগামে সন্ত্রাসবাদীদের নৃশংস আক্রমনে নিহত নিরীহ লোকদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সন্ত্রাসবাদী হামলার প্রেক্ষাপট নিয়েও আলোচনা করেন। আমরা দেখেছি আর্থিক অস্থিতিশীলতার কারণে সন্ত্রাসবাদ কীভাবে জম্মু ও কাশ্মীরকে আঁকড়ে ধরেছিল। কিন্তু ৩৭০ ধারা বিলোপ হওয়ার পর শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, মানুষ জম্মু ও কাশ্মীর যেতে শুরু করেছে এবং অর্থনীতি উন্নতি হয়েছে। সন্ত্রাসবাদ থেকে মুক্ত হওয়ায় মানুষ খুশি হয়েছিল এবং সরকারও গঠিত হয়েছিল। মূলত, বেকার অংশের লোকদের পাথর নিক্ষেপের কাজে লাগানো হতো। তবে জম্মু ও কাশ্মীর এখন এসব থেকে মুক্ত। সন্ত্রাসবাদীরা জনবলের অভাব থেকেই ষড়যন্ত্র রচনা করে প্রায় ২৬ জনকে নৃশংসভাবে ☛ ৬ এর পাতায় দেখুন

### হরিয়ানায় পরশুরাম জয়ন্তী মহোৎসব

# ধর্মীয় ও জাতিগত ভিন্নতা সত্ত্বেও সকল সম্প্রদায় ভারতীয় পরিচয়ে ঐক্যবদ্ধ ঃ বিপ্লব



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** ভগবান পরশুরাম জয়ন্তী উপলক্ষে আজ হরিয়ানার পঞ্চকুলার তাউ দেবীলাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হলো এক বিশাল মহোৎসব। রাজ্যসভার সাংসদ কার্তিকেয় শর্মার উদ্যোগে আয়োজিত এই মহোৎসব রাজ্যের সমস্ত জেলা থেকে আগত হাজার হাজার মানুষের উপস্থিতিতে এক বিশাল সমাবেশে পরিণত হয়। স্টেডিয়াম জুড়ে ধ্বনিত হয় ভগবান পরশুরামের জয়ধ্বনি।

এই মহোৎসবে বিশেষ আকর্ষণ হয়ে ওঠেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি তার বক্তব্যে ভারতের সনাতন ঐতিহ্য, জাতীয়তাবাদ এবং প্রতিরক্ষা নীতির গুরুত্বপূর্ণ দিকগুলি তুলে ধরেন।

বিপ্লব দেব বলেন, "ভারত কখনোই প্রথম আক্রমণ করে না, তবে যদি কেউ ভারতের দিকে আক্রমণের চেষ্টা করে, তাহলে দেশের প্রধানমন্ত্রী ও জনগণ মিলে উপযুক্ত প্রতিশোধ নিতে প্রস্তুত থাকে।" তিনি প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর বক্তব্য উদ্ধৃত করে বলেন, "সীমান্তে যদি দেশের একজন সেনার গলা কাটা হয়, তবে অপরাধীদের পাঁচজনের গলা কেটে আনা হবে।"

পহেলগাঁও হামলার প্রসঙ্গ টেনে তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ☛ ৬ এর পাতায় দেখুন

### প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করে পোস্ট

# সরকারি কর্মচারীর বিরুদ্ধে মামলা, ধৃত এক যুবক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৭ এপ্রিল।।** দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিতর্কিত ছবি সামাজিক মাধ্যমে শেয়ার করার অপরাধে এক যুবকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্ত যুবক মনসুর আলী, যিনি কদমতলা অগ্নিনির্বাপক দফতরে কর্মরত, তার বিরুদ্ধে চুরাইবাড়ি ও কদমতলা থানায় পৃথক দুটি মামলা করা হয়েছে।

প্রথম মামলাটি বিশ্ব হিন্দু পরিষদের পক্ষ থেকে কদমতলা প্রখন্ডে রাজু পাল ও অন্যান্যরা চুরাইবাড়ি থানায় দায়ের করেন, আর অপরটি বিজেপি উত্তর জেলা কমিটির পক্ষ থেকে কদমতলা থানায় দায়ের করা হয়। কদমতলা প্রখন্ডের সভাপতি রাজু পাল এবং বিজেপি নেত্রী রুপালি অধিকারী জানান, অভিযুক্ত যুবক ফেসবুকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, গৃহমন্ত্রী অমিত শাহ, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এবং ☛ ৬ এর পাতায় দেখুন

## অজয় বাউল প্রয়াত, শোক



**নিজস্ব প্রতিনিধি, বিশ্রামগঞ্জ, ২৭ এপ্রিল।।** তরুণ বাউল শিল্পী অজয় বাউল ওরফে অজয় ঘোষের অকাল মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে বিশ্রামগঞ্জে। রামকৃষ্ণ পল্লী এলাকার বাসিন্দা অজয়, যিনি মায়ের সঙ্গে ভাড়া থাকতেন, শনিবার সন্ধ্যায় হঠাৎ রক্ত বমি করতে শুরু করেন। অবস্থা গুরুতর হলে তাকে দ্রুত আগরতলা জিবিপি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে, শনিবার গভীর রাতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু ঘটে।

তার মৃত্যুতে বিশ্রামগঞ্জের ভাড়া বাড়িতে এক আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়। রবিবার দুপুরে কান্নায় ভেঙে পড়েন তার মা, করুণা ঘোষ, এবং মামীসহ প্রতিবেশীরা। এক প্রতিবেশী তথা বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য সম্পা দেব সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে আবেগপ্রবণ হয়ে পড়েন। তিনি জানান, 'সে আমাকেও মা ডাকতো, তার মৃত্যু মেনে নিতে পারছি না।' অজয়ের অকাল প্রয়াণে শুধু তার পরিবার, বরং পুরো এলাকার মানুষই গভীর শোকাহত।

## জমি দখলকে কেন্দ্র করে আহত এক ব্যক্তি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** দেবীপুর রাজারটিলা এলাকায় জমি দখল সংক্রান্ত বিবাদের জেরে শনিবার সন্ধ্যায় ধারালো অস্ত্রের হামলায় গুরুতর আহত হলেন ভানুলাল দাস। আহত ভানুলাল দাস ও অভিযুক্ত ক্ষিতীশ দাস ভায়রা সম্পর্কে আত্মীয়। একদিকে ভানুলাল দাস অসহায় অবস্থায় দিন কাটাচ্ছেন, অপরদিকে ক্ষিতীশ দাস শাসক দলের চুনোপুঁটি নেতা হিসেবে এলাকায় পরিচিত এবং প্রভাবশালী বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

অভিযোগ, দীর্ঘদিন ধরে শ্বশুরবাড়ি থেকে পাওয়া ভানুলাল দাসের সম্পত্তি ☛ ৬ এর পাতায় দেখুন

### সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেসের অভিযোগ

# নির্বাচন কমিশন, সিবিআই, আয়কর বিজেপির এজেন্ট হিসাবে কাজ করছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** কাশ্মীরের পহেলগামে পাকিস্তানের মদদপুষ্ট সন্ত্রাসীদের দ্বারা নিরীহ পর্যটকদের উপর বর্বরোচিত হামলার নিন্দা জানিয়েছে কংগ্রেস দল। দলটির পক্ষ থেকে শোকাহত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানানো হয়েছে এবং চরমপন্থী পাকিস্তানের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করা হয়েছে।

কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের জনগণকে বলেছিলেন যে নোটবন্দীকরণ চরমপন্থী কার্য্যকলাপকে নিয়ন্ত্রণ করবে এবং সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ বাতিল করার পর কাশ্মীর উপত্যকায় চরমপন্থী কার্যকলাপ ধ্বংস হবে, কিন্তু বাস্তবে তা ঘটছে না।

কংগ্রেসের দাবি, ভারতের নির্বাচন কমিশন, সিবিআই, এবং আয়কর বিভাগ বিজেপির এজেন্ট হিসেবে কাজ করছে, যা বিরোধী দলের কণ্ঠকে চাপা দিতে সহায়তা করছে।

তারা আরও অভিযোগ করেছে যে বিজেপি, ভারতের বিচারব্যবস্থা তথা সুপ্রিম কোর্টকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে, যা ভারতের সংবিধানের প্রতি আক্রমণ বলে বিবেচিত। কংগ্রেস দলের মতে, সংবিধানের ১৪২ অনুচ্ছেদ অনুযায়ী, ন্যায়বিচারের আদেশ দেওয়ার ক্ষমতা শুধুমাত্র সুপ্রিম কোর্টের এবং এটি পুরো দেশে প্রযোজ্য। বিজেপি নেতাদের একাংশ ভারতের সুপ্রিম কোর্টকেও নিন্দা করেছেন। বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে বলেছেন, 'সুপ্রিম কোর্ট সমস্ত সিদ্ধান্ত দিলে সংসদ বন্ধ করতে হবে। সুপ্রিম কোর্ট তার সীমা অতিক্রম করছে, রাষ্ট্রপতি সুপ্রিম হওয়ায় তাকে চ্যালেঞ্জ করা যায় না।' তবে কংগ্রেস দাবি করেছে, এসব মন্তব্য আদালত অবমাননা এবং সুপ্রিম কোর্টের উচিত এর বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া।

বিজেপি দল অবশ্য দুই সাংসদের মন্তব্য থেকে নিজেদের দূরে সরিয়ে নিয়েছে, তবে এখনো কোনো পদক্ষেপ নেয়নি। কংগ্রেস দলের মতে, এই বিবৃতিগুলি আদালত অবমাননা এবং সুপ্রিম কোর্টের উচিত সংবিধান রক্ষার জন্য আইনগত কার্য্যক্রম শুরু করা।

# রাজ্যে নির্বিঘ্নে সম্পন্ন টেট পরীক্ষা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** রাজ্যে রবিবার একযোগে অনুষ্ঠিত হল টেট-টু পরীক্ষা। রাজ্যের আটটি জেলা মিলিয়ে ১১৯টি পরীক্ষাকেন্দ্রে প্রায় ৩৫ হাজার ১৪৮ জন পরীক্ষার্থী অংশ নেন। কঠোর নিরাপত্তার মধ্যে সকাল ১১টায় পরীক্ষা শুরু হয় এবং কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। টেট-টু পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় প্রশাসন ও পরীক্ষার্থীরা স্বস্তি প্রকাশ করেছেন।

টিচার রিক্রুটমেন্ট বোর্ডের পক্ষ থেকে ☛ ৬ এর পাতায় দেখুন

### বধূর রহস্য মৃত্যু

## খুনের অভিযোগ পরিবারের

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৭ এপ্রিল।।** শান্তিনগর এলাকায় এক গৃহবধূর রহস্যজনক অগ্নিদগ্ধ মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতা দীপান্বিতা সরকার পাল শনিবার সন্ধ্যায় অগ্নিদগ্ধ হন এবং পরে তার মৃত্যু হয়। ঘটনাটি তেলিয়ামুড়া থানার অদূরে ঘটে, ফলে এলাকাজুড়ে চরম উত্তেজনার সৃষ্টি হয়েছে।

মৃতার মা থানার সামনে দাঁড়িয়ে বিস্ফোরক অভিযোগ করে জানান, 'ননদ ও শ্বশুর মিলে আমার মেয়েকে মেরে ফেলেছে। অন্য এক মহিলার সঙ্গে তন্ময়ের (স্বামী) পরকীয়ার সম্পর্ক ছিল, সেই কারণেই আমার মেয়েকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে।' ☛ ৬ এর পাতায় দেখুন

# স্কুলে চুরির অভিযোগে গ্রেপ্তার ৬

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ২৭ এপ্রিল।।** সোনামুড়া শহরের দুই স্কুলে সংঘটিত চাঞ্চল্যকর চুরির ঘটনায় দ্রুত পদক্ষেপ নিয়ে বড়সড় সাফল্য পেয়েছে সোনামুড়া থানার পুলিশ। ঘটনার দুদিনের মধ্যে পাঁচজন অভিযুক্ত চোর এবং চুরির মালামাল ক্রয়ের অভিযোগে আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

সোনামুড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) জয়ন্ত কুমার দে জানান, গত বৃহস্পতিবার রাতে সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয় এবং নবদ্বীপ চন্দ্র ইনস্টিটিউশনে চুরির ঘটনা ঘটে।

ঘটনার পরপরই শুক্রবার রাতে যাত্রাপুর থানাধীন মতনবাড়ি এলাকার ঝুটন পাল এবং মেলাঘর থানাধীন খাষচৌমুহনী এলাকার গবিন্দ দাসকে গ্রেপ্তার করা হয়।

জেল হেফাজতে থাকা এই দুই অভিযুক্তকে জিজ্ঞাসাবাদে পুলিশের হাতে আসে আরও কয়েকজনের নাম। এরপর শনিবার দুপুরে অভিযান চালিয়ে সোনামুড়া তামসাবাড়ি এলাকার জুয়েল হোসেন এবং নলছড় এলাকার অপর এক জুয়েল হোসেনকে গ্রেপ্তার করা হয়। একই দিনে মেলাঘরের সুমন দাস এবং সোনামুড়ার পুরাতন মালামাল ব্যবসায়ী বেনু দেবনাথকেও গ্রেপ্তার করা হয়। বেনু দেবনাথের বিরুদ্ধে চুরি যাওয়া মালামাল কেনার অভিযোগ উঠেছে।

গতকাল গ্রেপ্তার হওয়া চার অভিযুক্তকে আজ সোনামুড়া আদালতে সোপর্দ করেছে পুলিশ। পুলিশের দ্রুত পদক্ষেপে জনমনে কিছুটা স্বস্তি ফিরে এসেছে।

উল্লেখ্য, একই রাতে পার্শ্ববর্তী খেদাবাড়ি এলাকায় একটি রেশন দোকান এবং ধলিয়াই এলাকার এক কৃষকের খেতেও চুরির ঘটনা ঘটে। পুরো ঘটনায় শহরজুড়ে চরম উদ্বেগের সৃষ্টি হয়েছিল।



জাগরণ আগরতলা,২৮ এপ্রিল, ২০২৫ ইং
১৪ বৈশাখ, সোমবার,১৪৩২ বঙ্গাব্দ

## চড়ছে উত্তেজনার পারদ ধাক্কা লাগল শেয়ার বাজারে

ভারত-পাকিস্তানের মধ্যে এখন যুদ্ধের আবহ। বিগত দু-একদিনে স্টক মার্কেটে যে উত্থান হইয়াছিল সেখান থেকে শুক্রবার বিরাট পতন লক্ষ্য করা গেল। বিনিয়োগকারীরা শুক্রবার অনেকটাই পিছাইয়া গেলেন বিনিয়োগের দিকে। পহেলগাঁওতে হামলার পর ভারত কড়া মনোভাব দেখাইয়াছে পাকিস্তানকে। তারা ইতিমধ্যে কঠোর থেকে কঠোরতর দিক অবলম্বন করিয়াছে। শিমলা চুক্তি থেকে শুরু করিয়া পাকিস্তানকে জল দেওয়া নিয়া ভারতের মনোভাব প্রভাব ফেলিয়াছে বাজারে। এই পরিস্থিতিকে স্টক মার্কেট খানিকটা যুদ্ধের পরিস্থিতি বলিয়াই বিচার করিতেছে।এদিন এক শেয়ার বিশেষজ্ঞ বলেন, যেভাবে দুই দেশের ভৌগলিক সীমানাতে উত্তেজনা তৈরি হইয়াছে সেখান থেকে বিনিয়োগকারীরা এখন আর বিনিয়োগের পথে যাইতে চাইছেন না। ফলে একধাক্কায় বাজায় পড়িয়াছে অনেকটাই। সেনসেক্স ১ হাজার পয়েন্ট নিচের দিকে চলিয়া যায়। পাশাপাশি নিফটিও কমিয়া যায় ৩০০ পয়েন্ট। ইনফোসিস এদিন ০.৬০ শতাংশ লাভ করিয়াছে। ইন্ডাসল্যান্ড ব্যাঙ্ক লাভ করিয়াছে ০.৩১ শতাংশ। টিসিএস লাভ করিয়াছে ০.২৭ শতাংশ। টেক মাহিন্দ্রা লাভ করিয়াছে ০.২১ শতাংশ।

তবে দিনের শুরু থেকে প্রথম ধাক্কা খায় অ্যাক্সিস ব্যাঙ্ক। তারা ৪.৮০ শতাংশ ক্ষতির সামনে পড়ে। আদানি পোর্টের শেয়ার পড়িয়াছে ৪.০৯ শতাংশ। বাজাজ ফিনসার্ভের শেয়ার পড়িয়াছে ৩.৫৯ শতাংশ। পাওয়া গ্রিডের শেয়ার পড়িয়াছে ৩.১৮ শতাংশ। মোট অন্তর্বর্তী ধস নামিয়িছে ৩ শতাং। তবে মার্কেটের এই খারাপ পরিস্থিতিতেও খানিকটা নিজের জায়গা ধরিয়া রাখিয়াছে ৩.৮৬ শতাংশ। ইনফোসিস গেন করিয়াছে ০.৫৯ শতাংশ। টেক মাহিন্দ্রা গেন করেছে ০.৩৫ শতাংশ। টিসিএস ০.৩৩ শতাংস গেন করিয়াছে। ইন্ডাসল্যান্ড ব্যাঙ্ক খানিকটা স্বস্তি দিয় পেয়েছে ২৫ শতাংশ। তবে স্টক মার্কেটের সার্বিক ধস চিন্তায় ফেলিয়াছে বিনিয়োগকারী থেকে শুরু করে শেয়ার বিশেষজ্ঞ সকলকেই।প্রসঙ্গত, পহেলগাঁও কাণ্ডের পর বৃহস্পতিবার কেন্দ্র সর্বদলীয় বৈঠক ডাকিয়াছিল। সেই বৈঠক শেষে কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু বলেন, 'প্রতিরক্ষামন্ত্রী সর্বদলীয় বৈঠকে এই হামলার ঘটনার তীব্র নিন্দা করিয়াছে। ভারত সরকার দ্রুত কড়া পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছে সর্বদলীয় বৈঠকে। এটি খুবই দুঃখজনক ঘটনা। দেশের সবাই চিন্তিত। আতঙ্কিত। কঠোর পদক্ষেপ নিতে চায় সরকার।'

## অসমে পাক-প্রেমী গ্রেফতারের সংখ্যা বেড়ে ১৬

গুয়াহাটি, ২৭ এপ্রিল (হি.স.) : পহেলগামে ইসলামিক সন্ত্রাসী হামলার পর ভারতবিরোধী তথা 'রাষ্ট্রদ্রোহী' মন্তব্য করার দায়ে অসমে গ্রেফতারের সংখ্যা বেড়ে হয়েছে ১৬, জানিয়েছেন মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। আজ রবিবার নিজের অফিশিয়াল এক্স হ্যান্ডলে 'বিশ্বাসঘাতকদের বিরুদ্ধে অভিযানের আপডেট' দিতে গিয়ে মুখ্যমন্ত্রী ড. শর্মা জানান, সামাজিক মাধ্যমে ভারতবিরোধী মন্তব্য করার অভিযোগে ইতিমধ্যে গ্রেফতারের সংখ্যা বেড়ে ১৬ হয়েছে। গোলাঘাট পুলিশ গ্রেফতার করেছে দধীচি ডিম্পল ওরফে ডিম্পল বরাকে (মহিলা সাংবাদিক)। তামুলপুর পুলিশ গ্রেফতার করেছে জনৈক তাহিব আলিকে এবং ওদালগুড়ি পুলিশ গ্রেফতার করেছে বিমল মাহাতোকে (কংগ্রেস নেতা)।

প্রসঙ্গত, দেশবিরোধী প্রচার এবং মনমানসিকতাকে সমর্থন করার জন্য দোষীদের বিরুদ্ধে জাতীয় নিরাপত্তা আইন (এনএসএ)-এর ধারা প্রয়োগ করা হতে পারে বলে গতকাল সতর্ক করে দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এখন পর্যন্ত সর্বাধিক ছয়জনকে গ্রেফতার করা হয়েছে কাছাড় জেলা থেকে। গ্রেফতারকৃতরা হাইলাকান্দি, শ্রীভূমি, নগাঁও, গোলাঘাট, মরিগাঁও, সামাগুড়ি, শিবসাগর, বরপেটা এবং বিশ্বনাথ জেলার বাসিন্দা।

## রেশন কার্ড-এর বিশেষ ই-কেওয়াইসি শিবির

পালামু, ২৭ এপ্রিল (হি.স.) : ঝাড়খণ্ডের পালামু জেলায় রেশন কার্ড এর ই-কেওয়াইসি সম্পন্ন করতে ২৮ ও ২৯ এপ্রিল বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে। ৩০ এপ্রিলের মধ্যে ই-কেওয়াইসি বাধ্যতামূলক করা হয়েছে, তবে এখনও ২৮.৯৬ শতাংশ কার্ডধারীর ই-কেওয়াইসি বাকি রয়েছে। প্রতিটি ব্লক ও ওয়ার্ড পর্যায়ে শিবির বসবে। রেশন ডিলাররা ই-পস মেশিন নিয়ে উপস্থিত থাকবেন। জেলা শাসক শশী রঞ্জন এই তথ্য জানিয়েছেন।

## তালডাংরায় মাওবাদী পোস্টার, সিভিক ও গ্রাম প্রধানদের হুঁশিয়ারি

বাঁকুড়া, ২৭ এপ্রিল (হি.স.) : বাঁকুড়ার তালডাংরায় মাওবাদীদের নাম করে পোস্টার পড়ার ঘটনায় রবিবার চাঞ্চল্য ছড়িয়েছে। সাদা কাগজে লাল কালিতে লেখা পোস্টারে সিভিক কর্মী ও পঞ্চায়েত প্রধানদের হুঁশিয়ারি দেওয়া হয়েছে। পোস্টারে 'কিষেনজি, সুনীল মাহাতো ও রিমিলের মৃত্যুর বদলা চাই' এবং 'জল-জমি-জঙ্গল থেকে জনজাতির উচ্ছেদ চলবে না' বলা হয়েছে। বানান ভুল ও অগোছালো লেখার কারণে পুলিশের ধারণা, পোস্টারের সঙ্গে প্রকৃত মাওবাদীদের যোগ নেই। তালডাংরা থানার পুলিশ পোস্টার খুলে দেয়। তদন্তও শুরু করেছে।

## মুম্বইয়ে ইডি-র দফতরে ভয়াবহ আগুন, বহু নথি পুড়ে যাওয়ার আশঙ্কা !

মুম্বই, ২৭ এপ্রিল (হি.স.): মুম্বইয়ে আগুন লাগল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর দফতরে। রবিবার ভোররাত ২.৩০ মিনিট নাগাদ ইডি-র দফতরে আগুন লাগে। দমকলের ১২টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। আগুন নিয়ন্ত্রণে এলেও এখনও ধোঁয়া রয়েছে। দফতরে মজুত বহু নথিপত্র পুড়ে গিয়েছে বলে মনে করা হচ্ছে। যদিও হতাহতের কোনও খবর মেলেনি।

রবিবার ভোররাতে ইডি-র দফতরে আগুন লাগে। মুম্বইয়ের ব্যালার্ড পিয়ারে অবস্থিত কায়সার-ই-হিন্দ ভবনে রয়েছে ইডি-র দফতর। বালার্ড এস্টেট এলাকায় গ্র্যান্ড হোটেলের সামনেই একটি ছ'তলা ভবনে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দফতর। ভোররাত আড়াইটে নাগাদ সেখান থেকে দমকলের কাছে ফোন যায়। দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দমকল আগুন নেভানোর কাজ শুরু করেছিল। কিন্তু আগুন অনেকটাই ছড়িয়ে পড়ে। ফলে তা নিয়ন্ত্রণে আনতে যথেষ্ট বেগ পেতে হয়েছে দমকলকর্মীদের। দমকলের পক্ষ থেকে জানানো হয়েছে, ভোর ৪.২১ মিনিটে আগুনের তীব্রতা ৩-এ পর্যায়ে পৌঁছেছে। কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

# নিউক্লিয়াস থেকে গভীর মহাকাশে

**বিগ ব্যাংয়ের পর বিজ্ঞানের শাখাগুলোর মধ্যে নাকি সর্বপ্রথম জন্ম হয়েছিল পদার্থবিজ্ঞানের। বিজ্ঞানের এই শাখাটি বেশ মজার। তবে বিভিন্ন ধারণা ও তত্ত্বের কারণে অনেকের কাছেই বিষয়টি জটিল, কঠিন, দুর্বোধ্য। তাঁদের জন্যই পদার্থবিজ্ঞানের সমীকরণ ও কঠিন তথ্যের পেছনের অপার সৌন্দর্য ও সারল্য তুলে এনেছেন জ্যোতিঃপদার্থবিদ ওয়াল্টার লুইন, লিখেছেন ফর দ্য লাভ অব ফিজিকসপদার্থবিজ্ঞানের জন্য ভালোবাসা। প্রথমা প্রকাশন প্রকাশিত বইটি অনুবাদ করেছেন আবুল বাসার। বইটির নির্বাচিত কিছু অংশ ধারাবাহিকভাবে প্রকাশিত হচ্ছে বিজ্ঞানচিন্তার পাঠকের জন্য। ওয়াল্টার লুইন, সহযোগী: ওয়ারেন গোল্ডস্টেইন, অনুবাদ: আবুল বাসার**

ঘটনাটা বিস্ময়কর। সত্যি বলছি। আমার মায়ের বাবা ছিলেন নিরক্ষর এক জিম্মাদার। কিন্তু দুই প্রজন্ম পর আমি হয়ে গেলাম এমআইটির ফুল প্রফেসর। সে জন্য ডাচ শিক্ষাব্যবস্থার কাছে আমি ঋণী। এককালে পড়তাম নেদারল্যান্ডসে ডেলফ ইউনিভার্সিটি অব টেকনোলজির গ্র্যাজুয়েট স্কুলে। সেখানেই এক ঢিলে তিন পাখি মেরেছি।

একদম শুরু থেকে আমি হাইস্কুলে পদার্থবিজ্ঞান পড়াতে শুরু করি। গ্র্যাজুয়েট স্কুলে পড়ার খরচ জোগাতে ডাচ সরকারের কাছ থেকে ঋণ না নিয়ে আমার কোনো উপায় ছিল না। যদি ফুলটাইম পড়াতামমানে প্রতি সপ্তাহে অন্তত ২০ ঘণ্টাতাহলে প্রতিবছর আমার ঋণের পাঁচ ভাগের এক ভাগ মওকুফ করে দিত ডাচ সরকার। এই পড়ানোর আরেকটা সুবিধা ছিল, সে ক্ষেত্রে আমাকে সেনাবাহিনীতেও যোগ দিতে হবে না। সেনাবাহিনীতে যোগ দিতে হলে বিষয়টা আমার জন্য হতো ভয়ংকর দুর্ভাগ্যের ব্যাপার, চরম বিপর্যয়কর। সব ধরনের কর্তৃত্ববাদের প্রতি আমার অ্যালার্জি আছে। আমার ব্যক্তিত্বের ভেতরেই আছে সেটা। জানতাম, আমাকে শেষ পর্যন্ত মুখ বন্ধ রাখতে হবে এবং মেঝে ঝাড়পোঁছ করতে হবে। তাই ফুলটাইম গণিত ও পদার্থবিজ্ঞান পড়াতাম আমি। সপ্তাহে ২২ ঘণ্টা। রটারডামের লিবানন লাইসিয়ামে ১৬ ও ১৭ বছর বয়সীদের পড়াতাম। ফলে একই সঙ্গে সেনাবাহিনীতে যোগ দেওয়া ও সরকারের ঋণ শোধ এড়িয়েই পিএইচডি ডিগ্রি অর্জন করে ফেলি আমি।

তাদের পড়াতে গিয়ে নিজেও শিখতাম। আমার কাছে হাইস্কুলের শিক্ষার্থীদের পড়ানো মানে ছিল, এই তরুণদের মনে ইতিবাচক পরিবর্তন আনা। ব্যাপারটা আমার খুব রোমাঞ্চকর লাগত। সব সময় চেষ্টা করতাম, ক্লাসটা যাতে মজার হয়। শিক্ষার্থীদের সঙ্গে মজা করতাম সে জন্য। স্কুলে বেশ কড়াকড়ি থাকলেও আমি কাজটা করতাম। আমাদের ক্লাসরুমের দরজাগুলোর ওপরের দিকে ছিল ছোট্ট এক জানালা। ছোট্ট সেই জানালা দিয়ে এক স্কুলের হেডমাস্টার মাঝেমধ্যে চেয়ারের ওপর দাঁড়িয়ে শিক্ষকদের ওপর স্পাইগিরি করতেন। বিশ্বাস করা যায়?

স্কুলটার সংস্কৃতি পুরো রপ্ত করতে পারিনি আমি। গ্র্যাজুয়েট স্কুলে থাকায় আমার ভেতর উতাহ টগবগ করত। আমার লক্ষ্য ছিল, সেই উতাহ শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে দেওয়া, যাতে সেটা তাদের চারপাশের জগতের সৌন্দর্য নতুনভাবে দেখতে সহায়তা করে। তাদের দৃষ্টিভঙ্গি বদলে দেওয়া, যাতে তারা পদার্থবিজ্ঞানের জগতের সৌন্দর্য উপভোগ করতে পারে। তারা যাতে বুঝতে পারে, পদার্থবিজ্ঞান ছড়িয়ে রয়েছে সবখানে; বিদ্যাটা ঘিরে রেখেছে আমাদের জীবনের চারধার। অতীত অভিজ্ঞতায় দেখেছি, কোনো কিছু শেষ করার চেয়ে কিছু একটা উন্মোচন করা আসলে বেশি গুরুত্বপূর্ণ। ক্লাসে কোনো বিষয় শেষ করা বিরক্তিকর ব্যাপার হয়ে উঠতে পারে। শিক্ষার্থীরাও সেটা বোঝে। অন্যদিকে শিক্ষার্থীদের পদার্থবিজ্ঞানের সূত্রগুলো খুলে খুলে দেখালে, বিভিন্ন সমীকরণের ভেতর দিয়ে তাদের সবকিছু দেখিয়ে দিলে এবং সব নতুনত্ব ও উত্তেজনার ভেতর দিয়ে আবিষ্কারের প্রক্রিয়াগুলো হাতে-কলমে করে দেখালে, তাতে অংশ নিতে বেশি পছন্দ করে তারা।

ক্লাসরুমের বাইরে আমি সেটা করতাম ভিন্ন এক উপায়ে। প্রতিবছর আমাদের স্কুলে সপ্তাহব্যাপী ছুটি ঘোষণা করা হতো। তখন কোনো শিক্ষক বাচ্চাদের নিয়ে যেতে পারতেন বেশ দূরে ও সেকেলে ধাঁচের কোনো ক্যাম্পসাইটে। একবার সে কাজটা করেছিলাম আমার স্ত্রী হিউবার্থা আর আমি। দুজনের কাছেই ওটা ছিল ভীষণ পছন্দের। সে সময় আমরা সবাই একসঙ্গে রান্না করতাম, তাঁবুতে ঘুমাতাম। শহরের আলো থেকে আমরা তখন ছিলাম অনেক অনেক দূরে। তাই একবার মাঝরাতে সব বাচ্চাকে ঘুম থেকে জাগালাম। শুরুতেই চকলেট দিলাম সবার হাতে। আকাশভরা নক্ষত্র দেখাতে সবাইকে তাঁবুর বাইরে নিয়ে গেলাম। সবাই মিলে আকাশে একে একে বিভিন্ন নক্ষত্র ও গ্রহ শনাক্ত করলাম। সেদিন আমাদের মিল্কিওয়ে গ্যালাক্সিকে তার পরিপূর্ণ শোভায় দেখার সুযোগ পেয়েছিল তারা।



আমি আসলে জ্যোতির্বিদ্যা নিয়ে গবেষণা করিনি কিংবা কাউকে তা শেখাইনি। বরং মহাবিশ্বের ক্ষুদ্রতম কিছু কণা শনাক্ত করতে কিছু পরীক্ষা ডিজাইন করছিলাম। কিন্তু জ্যোতির্বিদ্যা নিয়ে আমার মুগ্ধতা ছিল সব সময়। সত্যি বলতে কী, যে মানুষ পদার্থবিদ হিসেবে পৃথিবীতে পা রেখেছেন, জ্যোতির্বিজ্ঞানের প্রতি তাঁর ভালোবাসা না থেকে পারেই না। আমি এমন অনেক পদার্থবিদের কথা জানি, যাঁরা হাইস্কুলে পড়ার সময় বাধ্য হয়ে নিজেই টেলিস্কোপ বানিয়ে নিয়েছেন। হাইস্কুলে পড়ার সময় একটা টেলিস্কোপ বানিয়ে নিয়েছিলেন আমার দীর্ঘদিনের বন্ধু ও এমআইটির সহকর্মী জর্জ ক্লার্ক। সে জন্য ৬ ইঞ্চি আয়না পলিশ করেছেন তিনি। কিন্তু পদার্থবিদেরা জ্যোতির্বিজ্ঞান এত পছন্দ করেন কেন?

আকাশ নীল হলেও মেঘ কেন সাদা, সে প্রশ্নের উত্তর আছে পদার্থবিজ্ঞানের কাছে

এর একটা উত্তর হলো, পদার্থবিজ্ঞানের বেশ কিছু অগ্রগতিযেমন কক্ষপথসংক্রান্ত গতির বিভিন্ন তত্ত্ব পাওয়া যায় জ্যোতির্বিদ্যাবিষয়ক বিভিন্ন প্রশ্ন, পর্যবেক্ষণ ও তত্ত্ব থেকে। তা ছাড়া জ্যোতির্বিদ্যা আসলে একধরনের পদার্থবিজ্ঞান, যা বড় বড় অক্ষরে লেখা থাকে রাতের নিঃসীম আকাশপটে। সেসব অক্ষরের মধ্যে রয়েছে গ্রহণ (সূর্য বা চন্দ্রগ্রহণ), ধূমকেতু, উল্কাপাত, গ্লোবিউলার ক্লাস্টার, নিউট্রন স্টার, গামা রশ্মি বিস্ফোরণ, বিকিরণের জেট, গ্রহগত নীহারিকা, সুপারনোভা, গ্যালাক্সিগুচ্ছ, কৃষ্ণগহ্বর।

আকাশের দিকে শুধু একবার তাকিয়ে নিজেকে কিছু অনিবার্য প্রশ্ন জিজ্ঞেস করুন: আকাশের রং নীল কেন? সূর্যাস্তের রং কেন লাল? মেঘের রং কেন সাদা? এসব প্রশ্নের উত্তর আছে পদার্থবিজ্ঞানের কাছে।

যেসব কণা আকাশ নীল করে তোলে, তার তুলনায় মেঘের পানির ফোঁটাগুলো বেশ বড়। এ বড় কণাগুলোয় আলো বিচ্ছুরিত হলে এতে সব রং বিচ্ছুরিত হয় সমভাবে।

সূর্যের আলো আসলে রংধনুর সব রঙের সমন্বয়ে গঠিত। কিন্তু বায়ুমণ্ডলের ভেতর দিয়ে সূর্যের আলো যাওয়ার পথে তা সব দিকের বায়ুর অণু ও অতিক্ষুদ্র ধূলিকণায় বিচ্ছুরিত হয়। মানে, তাতে চারদিকে ছড়িয়ে-ছিটিয়ে যায় ওই আলো। এসব ধূলিকণার আকার এক মাইক্রনের চেয়েও ছোট (এক মাইক্রন হলো এক ইঞ্চির ১/২৫,০০০ ভাগ)। এ ঘটনাকে বলা হয় র্যালে স্ক্যাটারিং বা র্যালে বিচ্ছুরণ। সব রঙের মধ্যে সবচেয়ে বেশি বিচ্ছুরিত হয় নীল রং। এর পরিমাণ লাল আলোর চেয়ে প্রায় পাঁচ গুণ বেশি। কাজেই দিনের বেলা আকাশের যেকোনো দিকে তাকালে দেখা যাবে নীলের আধিপত্য (সাবধান! ভুলেও সূর্যের দিকে তাকাবেন না)। তাই আকাশের রং নীল। কিন্তু আপনি যদি চন্দ্রপৃষ্ঠ থেকে চাঁদের আকাশের দিকে তাকান (হয়তো ছবিতে দেখেছেন), তাহলে আকাশ নীল নয়, বরং কালো দেখাবে। ঠিক আমাদের রাতের আকাশের মতো। কিন্তু কেন এমন হয়? এর কারণ, চাঁদের কোনো বায়ুমণ্ডল নেই।

কিন্তু সূর্যাস্তের রং লাল কেন? আকাশের রং যে কারণে নীল, এখানেও ঠিক একই কারণ দায়ী। সূর্য যখন দিগন্তের কাছে থাকে, তখন তার রশ্মিগুলো অনেক বেশি বায়ুমণ্ডল পাড়ি দিয়ে আমাদের কাছে এসে পৌঁছায়। তাই এ সময় সবচেয়ে বেশি বিচ্ছুরিত হয় সবুজ, নীল ও বেগুনি আলো। মূলত ওই আলো থেকে এই রংগুলো বায়ুমণ্ডলে শোষিত হয়। এরপর ওই আলো যখন আমাদের চোখে এবং আমাদের মাথার ওপরের মেঘগুলোয় এসে পড়েতখন সেই আলোর সিংহভাগ গঠিত হয় হলুদ, কমলা ও বিশেষ করে লাল রঙে। তাই সূর্যাস্ত ও সূর্যোদয়ের সময় আকাশে দেখা যায় প্রায় লালচে আগুন রং।

মেঘের রং সাদা কেন? যেসব কণা আকাশ নীল করে তোলে, তার তুলনায় মেঘের পানির ফোঁটাগুলো বেশ বড়। এ বড় কণাগুলোয় আলো বিচ্ছুরিত হলে এতে সব রং বিচ্ছুরিত হয় সমভাবে। তাই সে আলো আমাদের চোখে সাদা দেখায়। কিন্তু মেঘ যদি আর্দ্রতায় খুব বেশি ঘন থাকে, কিংবা মেঘটা যদি অন্য মেঘের ছায়ার ভেতর থাকে, তাহলে তার ভেতর দিয়ে খুব বেশি আলো চলাচল করতে পারে না। কাজেই মেঘটি কালো দেখায়।

হাতে-কলমে পরীক্ষাটা দেখানোর মাধ্যমে একসঙ্গে দুটি প্রশ্নের উত্তর দিতে পারি আমি। সেগুলো হলো: আকাশ নীল কেন এবং মেঘের রং সাদা কেন?

আমার ক্লাসে আমি হাতে-কলমে যেসব পরীক্ষা করে দেখাতে পছন্দ করি, তার মধ্যে অন্যতম হলো 'নীল আকাশের' একটা টুকরা তৈরি করা। সেটা করতে ক্লাসের সব আলো নিভিয়ে দিই। এরপর ক্লাসরুমের ছাদ থেকে খুব উজ্জ্বল একটা স্পটলাইট তাক করি ব্ল্যাকবোর্ডের কাছে। স্পটলাইটটা খুব সাবধানে আগলে রাখতে হয়। এরপর আমি কয়েকটা সিগারেট জ্বালিয়ে সেগুলো ওই আলোকরশ্মিতে ধরে রাখি। র্যালে বিচ্ছুরণ তৈরি করতে ধোঁয়ার এ কণাগুলো যথেষ্ট ছোট। আগেই বলেছি, সবচেয়ে বেশি বিচ্ছুরিত হয় নীল আলো। কাজেই শিক্ষার্থীরা নীল রঙের ধোঁয়া দেখতে পায়। পরীক্ষাটা আরও একধাপ এগিয়ে নিই এরপর। ধোঁয়াগুলো নিশ্বাসের সঙ্গে ফুসফুসের ভেতর নিয়ে এক মিনিট বা তারও বেশি সময় আটকে রাখি। কাজটা আমার জন্য সব সময় সহজ হয় না। তবে বিজ্ঞানের জন্য মাঝেমধ্যে আত্মত্যাগ তো করতেই হয়। ধোঁয়াগুলো এরপর বুক থেকে বের করে আলোকরশ্মির ওপর ছেড়ে দিই। তখন সাদা ধোঁয়া দেখতে পায় শিক্ষার্থীরা। এভাবে সাদা মেঘ তৈরি করি আমি! ধোঁয়ার ক্ষুদ্র ক্ষুদ্র কণা আমার ফুসফুসের ভেতর থাকাকালে বড় হয়ে ওঠে। কারণ, সেখানে অসংখ্য জলীয় বাষ্প রয়েছে। কাজেই এই বেলা রংগুলো বিচ্ছুরিত হয় সমানভাবে। তখন ওই বিচ্ছুরিত আলোটা সাদা দেখায়। নীল আলো থেকে সাদা আলোর এই পরিবর্তন সত্যি বিস্ময়কর!

হাতে-কলমে পরীক্ষাটা দেখানোর মাধ্যমে একসঙ্গে দুটি প্রশ্নের উত্তর দিতে পারি আমি। সেগুলো হলো: আকাশ নীল কেন এবং মেঘের রং সাদা কেন? এখানে আরেকটা খুব মজার প্রশ্ন রয়েছে। সেটা আলোর পোলারাইজেশন বা মেরুকরণের সঙ্গে সম্পর্কিত। প্রত্যন্ত অঞ্চলে আমার শিক্ষার্থীদের নিয়ে গিয়ে অ্যান্ড্রোমিডা গ্যালাক্সি দেখাতে পারি। খালি চোখে একমাত্র এ গ্যালাক্সিটাই দেখা যায়। ওটা প্রায় ২.৫ মিলিয়ন আলোকবর্ষ (বা ১৫ মিলিয়ন ট্রিলিয়ন মাইল) দূরে। গ্যালাক্সিটা প্রায় ২০০ বিলিয়ন নক্ষত্র নিয়ে গঠিত। ভাবুন একবার২০০ বিলিয়ন বা ২০ হাজার কোটি নক্ষত্র। কিন্তু খালি চোখে এটাকে আমরা দেখতে পাই স্রেফ অস্পষ্ট আলোর ছোপের মতন। আমরা অসংখ্য উল্কাপিণ্ডও দেখেছি। বেশির ভাগ মানুষ এগুলোকে বলে শুটিং স্টার বা খসে পড়া তারা। যথেষ্ট ধৈর্য নিয়ে অপেক্ষা করতে পারলে প্রতি চার বা পাঁচ মিনিট পরপর একটা করে উল্কা দেখা সম্ভব। সেকালে মহাকাশে স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ ছিল না, কিন্তু এখন এগুলোর সংখ্যা প্রচুর। দুই হাজারের বেশি স্যাটেলাইট ঘুরপাক খাচ্ছে পৃথিবীর চারপাশে। প্রায় নিশ্চিতভাবে বলা যায়, মাত্র পাঁচ মিনিটের জন্য আকাশের কোনো একদিকে দৃষ্টি স্থির করলে অন্তত একটি স্যাটেলাইট দেখা যাবে। বিশেষ করে ওগুলো দেখা যায় সূর্যাস্তের কয়েক ঘণ্টা পরে বা সূর্যোদয়ের কয়েক ঘণ্টা আগেযখন স্যাটেলাইটের ওপর সূর্য ওঠে না বা অস্ত যায় না (অর্থাৎ সূর্য যখন ওগুলোর ঠিক ওপরে থাকে, সে সময়টা ছাড়া)। তখন স্যাটেলাইটের নিজের আলো বা সূর্যের আলো তার ওপর প্রতিফলিত হয়ে ধরা পড়বে আপনার দুচোখে। স্যাটেলাইটটা পৃথিবী থেকে যত দূরে থাকবে, আর তাতে সেই স্যাটেলাইট ও পৃথিবীতে সূর্যাস্তের সময়ের মধ্যকার পার্থক্য যত বেশি হবে, তত বেশি রাত পর্যন্ত দেখা যাবে ওটা। এসব স্যাটেলাইট চেনা খুব সহজ। কারণ, আকাশের যেকোনো বস্তুর চেয়ে এগুলো দ্রুতগতিতে চলাচল করে (ব্যতিক্রম শুধু উল্কা)। কোনো কিছু যদি আকাশে মিটমিট করে জ্বলে, বিশ্বাস করুন, সেটা আসলে বিমান।

আকাশে তারা দেখার সময় বুধ গ্রহটা সবাইকে দেখাতে খুব পছন্দ করি আমি। সব সময়। সূর্যের সবচেয়ে কাছের গ্রহ হওয়ায় খালি চোখে এটাকে দেখা খুব কঠিন। বছরের গুটিকয়েক সন্ধ্যা বা সকাল গ্রহটা দেখার জন্য সর্বোত্তম। সূর্যকে মাত্র ৮৮ দিনে একবার প্রদক্ষিণ করে গ্রহটা। তাই এর নামকরণ করা হয়েছে রোমানদের দ্রুতগামী মেসেঞ্জার বা বার্তাবাহক দেবতার নামে। একে দেখা এত কঠিন; কারণ, এর কক্ষপথ সূর্যের খুব কাছে। পৃথিবী থেকে দেখলে, গ্রহটা কখনোই সূর্য থেকে ২৫ ডিগ্রির বেশি দূরে থাকে না। ঘড়িতে ১১টা বাজলে দুটা কাঁটার মধ্যে যে কোণ তৈরি হয়, তার চেয়েও এ কোণ ছোট। একে শুধু দেখা যায় সূর্যাস্তের কিছুক্ষণ পরে ও সূর্যোদয়ের কিছু আগে। পৃথিবী থেকে দেখলে, এ সময় গ্রহটা সূর্য থেকে সবচেয়ে দূরে থাকে। যুক্তরাষ্ট্রে সব সময় দিগন্তের কাছাকাছি থাকে গ্রহটা। কাজেই একে দেখতে চাইলে আপনাকে যেতে হবে প্রত্যন্ত অঞ্চলে। কখনো যদি গ্রহটাকে আকাশে খুঁজে পান, তাহলে সেটা হবে সত্যি বিস্ময়কর ব্যাপার!

মহাকাশে নক্ষত্র দেখার মধ্য দিয়ে মহাবিশ্বের বিপুলতার সঙ্গে জড়িয়ে পড়ি আমরা। যদি রাতের আকাশে নিয়ম করে তাকাতে থাকি ও চোখজোড়া খাপ খাওয়ানোর জন্য পর্যাপ্ত সময় দিই, তাহলে মিল্কিওয়ে গ্যালাক্সি বা আকাশগঙ্গা ছায়াপথের আরও বহুদূরের উপরিকাঠামোটাও বেশ দারুণভাবে দেখতে পাব। সেখানে ১০০ থেকে ২০০ বিলিয়ন নক্ষত্র এমন গুচ্ছাকারে সাজানো থাকে, যেন নির্মল ও স্বচ্ছ এক বুনন। আমাদের জন্য সে দৃশ্য বিমল আনন্দের। মহাবিশ্বের আকার আমাদের কাছে অগম্য, কল্পনাতীত। আমাদের চিন্তা ও ধরাছোঁয়ার বাইরে। তবে একে উপলব্ধি করার জন্য মিল্কিওয়ে দিয়ে শুরু করা যেতে পারে।

গ্যালাক্সিদের এই মহাপ্রাচীর প্রায় এক বিলিয়ন বা ১০০ কোটি আলোকবর্ষ দীর্ঘ। কথাটা শুনে কি আপনার মাথা ঘুরছে? তা যদি না হয়, তাহলে আরও শুনুন।

বর্তমান হিসাব অনুযায়ী আমাদের গ্যালাক্সিতে যত নক্ষত্র আছে, গোটা মহাবিশ্বে মোট গ্যালাক্সির সংখ্যাও হয়তো সে পরিমাণ। আসলে টেলিস্কোপ দিয়ে গভীর মহাকাশ পর্যবেক্ষণ করলে যা দেখা যায়, তার বেশির ভাগই গ্যালাক্সি। এত বিপুল দূরত্ব থেকে একেকটা নক্ষত্র আলাদা করা অসম্ভব। এসব গ্যালাক্সির প্রতিটিতে নক্ষত্রের সংখ্যা কোটি কোটি। অথবা আমাদের চেনা ও পরিচিত মহাবিশ্বের বৃহত্তম একক কাঠামোর কথা ভাবুন। একে বলা হয় গ্রেট ওয়াল অব গ্যালাক্সিস বা গ্যালাক্সিদের মহাপ্রাচীর। স্লোয়ান ডিজিটাল স্কাই সার্ভে নামে বড় এক প্রকল্পের মাধ্যমে এটি সম্প্রতি আবিষ্কৃত হয়েছে। আমাদের চেনা মহাকাশের মানচিত্র তৈরি করা হয়েছে এ প্রকল্পের মাধ্যমে। এতে একযোগে কাজ করেছেন তিন শতাধিক জ্যোতির্বিদ ও প্রকৌশলী এবং ২৫টি বিশ্ববিদ্যালয় ও গবেষণাপ্রতিষ্ঠান। স্লোয়ান টেলিস্কোপে আকাশ পর্যবেক্ষণ করা হতো প্রতি রাতে। এর কার্যক্রম শুরু হয় ২০০০ সালে। চলে ২০২০ পর্যন্ত। গ্যালাক্সিদের এই মহাপ্রাচীর প্রায় এক বিলিয়ন বা ১০০ কোটি আলোকবর্ষ দীর্ঘ। কথাটা শুনে কি আপনার মাথা ঘুরছে? তা যদি না হয়, তাহলে আরও শুনুন। মোটাদাগে আমাদের পর্যবেক্ষণযোগ্য মহাবিশ্ব ছড়িয়ে আছে ৯০ বিলিয়ন আলোকবর্ষ জুড়ে (এটা কিন্তু পুরো মহাবিশ্ব নয়, মহাবিশ্বের স্রেফ একটা অংশমাত্র। আসলে আমরা শুধু এটুকুই দেখতে পারি। অবশ্যই খালি চোখে নয়, সব দুরবিন, মানমন্দিরসব মিলে)।

পদার্থবিজ্ঞানের শক্তি এটাই। এই বিদ্যা আমাদের বলতে পারে, পর্যবেক্ষণযোগ্য মহাবিশ্ব প্রায় ১০০ বিলিয়ন বা তারও বেশি গ্যালাক্সি নিয়ে গঠিত গুবর্তমান হিসাবে ২ ট্রিলিয়ন বা ২ লাখ কোটির ওপরণ্ণ। আরও বলতে পারে, আমাদের দৃশ্যমান মহাবিশ্বের সব পদার্থের মধ্যে মাত্র ৪ শতাংশ হলো সাধারণ পদার্থ। আমাদের চেনা-পরিচিত এই সাধারণ পদার্থ দিয়েই নক্ষত্র ও গ্যালাক্সি (এবং আপনি ও আমি) গঠিত। অন্যদিকে মহাবিশ্বের মোট পদার্থের ২৩ শতাংশকে বলা হয় ডার্ক ম্যাটার বা গুপ্তবস্তু (এই পদার্থ অদৃশ্য)। আমরা নিশ্চিতভাবে জানি, এ অদৃশ্য পদার্থের অস্তিত্ব আছে। কিন্তু আমরা এখনো জানি না, জিনিসটা আসলে কী। মহাবিশ্বের বাকি ৭৩ শতাংশ হলো শক্তির পরিমাণ। একে বলা হয় ডার্ক এনার্জি বা গুপ্ত শক্তি। এ শক্তিও অদৃশ্য। এটা আসলে কী, তা-ও কারও জানা নেই। মোদ্দাকথা হলো, মহাবিশ্বের ৯৬ শতাংশ ভর-শক্তি সম্পর্কে আমরা একেবারে অজ্ঞ। পদার্থবিজ্ঞানে অনেক কিছুর ব্যাখ্যা রয়েছে, কিন্তু আমাদের এখনো অনেক রহস্যের সমাধান করা বাকি। তবে একে আমি খুব অনুপ্রেরণাদায়ক বলে মনে করি।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



রবিবার আগরতলায় প্রধানমন্ত্রীর মনকী বাত অনুষ্ঠান শুনা সহ সকল মন্ডলে।

# ঐতিহাসিক কানস ২০২৫ এ স্থান পেয়েছে এসআরএফটিআই চলচ্চিত্র "এ ডল মেড আপ অফ ক্লে"

নয়াদিল্লি, ২৭ এপ্রিল ২০২৫, পিআইবি।। ভারতীয় চলচ্চিত্রের জন্য গর্বের মুহূর্ত। সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট (এসআরএফটিআই) এর একটি ছাত্র চলচ্চিত্র "এ ডল মেড আপ অফ ক্লে", ৭৮ তম ফেস্টিভাল দ্য কান ২০২৫-এ মর্যাদাপূর্ণ লা সিনেফ বিভাগে অফিসিয়াল বাছাইয়ের সম্মান লাভ করেছে। এই চলচ্চিত্রটি একমাত্র ভারতীয় এন্টি হিসেবে ঠাঁই পেয়েছে, যা ভারতের সিনেমাটিক শিক্ষা সফরের একটি উল্লেখযোগ্য মাইলফলককে চিহ্নিত করে।

চলচ্চিত্রটিতে একজন উচ্চাকাঙ্খী তরুণ নাইজারীয় ক্রীড়াবিদ ভারতে পেশাদার ফুটবলার হওয়ার স্বপ্ন পূরণের জন্য তার বাবার জমি বিক্রি করে। তবে, একটি ক্যারিয়ার ধ্বংসের মত ঘটনায় তিনি একটি অপরিচিত দেশে আটকা পড়েন। শারীরিক ব্যথা, মানসিক ট্রমা এবং একটি পরিচয় সংকটের মধ্য দিয়ে তিনি তার পূর্বপুরুষের আধ্যাত্মিক ঐতিহ্যের সাথে পুনরায় সংযোগ স্থাপন করেন, এ থেকে মুক্তি এবং জীবনের অর্থ খুঁজে পান। ক্লে দিয়ে তৈরি একটি পুতুলের স্থানচ্যুতি, ক্ষতি এবং সংস্কৃতিক স্থিতিস্থাপকতার একটি শক্তিশালী অনুসন্ধান ফুটে উঠেছে চলচ্চিত্রটিতে।

২৩ মিনিটের এই পরীক্ষামূলক চলচ্চিত্রটি, এসআরএফটিআইয়ের প্রোডাকশন ফর ফিল্ম এবং টেলিভিশন (পিএফটি) বিভাগের অধীনে নির্মিত হয়েছে, যা আন্তঃ সীমান্ত সহযোগিতাকে তুলে ধরেছে। পিএফটি"র ছাত্র সাহিল মনোজ ইনগলে চলচ্চিত্রটির প্রযোজনা করেছেন এবং আইসিসিআর আফ্রিকান স্কলারশিপের অধীনে ইথিওপিয়ান ছাত্র কোকব গেব্রেহাওয়ারিয়া টেসফে এটির পরিচালনা করেছেন। চলচ্চিত্রটি সারাবিশ্বের সিনেম্যাটিক উদ্ভাবনের প্রতি এসআরএফটিআই যেব প্রতিশ্রুতিকে তুলে ধরেছে।

কানের লা সিনেফে প্রতিযোগিতার জন্য আমন্ত্রণ পাওয়ার পর, চলচ্চিত্রটি বিশ্বের শীর্ষ চলচ্চিত্র বিদ্যালয়গুলোর উদীয়মান প্রতিভাকে তুলে ধরেছে। উৎসবটি মে মাসে ফ্রান্সে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

এসআরএফটিআই এর ডিন অধ্যাপক সুকান্ত মজুমদার উল্লেখ করেছেন যে, 'আমাদের শিক্ষার্থীদের যে কোনো সিনেম্যাটিক অভিব্যক্তি, যখন একটি মর্যাদাপূর্ণ বৈশ্বিক প্ল্যাটফর্মে স্বীকৃত হয়, তখন এটি আমাদেরকে ভীষণ আশ্বস্ত করে। এটি আমাদের জন্য একটি বিশাল গর্বের মুহূর্ত, এবং আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য খুব গর্বিত। আমি তাদের এই প্রতিযোগিতার জন্য সকলকে শুভকামনা জানাই।

প্রযোজক সাহিল মনোজ ইংলে বলেছেন, "এই প্রকল্পটি গোটা মহাদেশ জুড়ে শেয়ার করা একটি দৃষ্টিভঙ্গি।

এটি এমন একটি গল্প যা ভৌগলিক সীমানাকে অতিক্রম করেছে। কানের নির্বাচনে এসআরএফটিআইয়ের দেয়ালের অভ্যন্তরে এটি একটি বৈশ্বিক চিন্তাভাবনার বাস্তবায়ন এবং প্রমাণ"।

পরিচালক কোকব গেব্রেহাওয়ারিয়া টেসফে বলেছেন, "অত্যন্ত ব্যক্তিগত এই গল্পটি স্বপ্নদর্শীদের যাত্রার কথা বলে, যারা নতুন চ্যালেঞ্জের সম্মুখীন হন এবং তাদের পরিচয় নতুন করে গড়ে তোলেন। কান স্থিতিস্থাপকতা এবং অজানা গল্পের অনুসন্ধান করে।"

চলচ্চিত্রটির কলাকুশলী এবং ক্রু একটি ব্যতিক্রমী আন্তর্জাতিক প্রচেষ্টার নিদর্শন। এর প্রযোজক হলেন সাহিল মনোজ ইনগলে, লেখক ও পরিচালক: কোকব গেব্রেহাওয়ারিয়া টেসফে (ইথিওপিয়া), ডিওপি: বিনোদ কুমার, সম্পাদনা করেছেন হারু — মাহমুদ আবু নাসের (বাংলাদেশ), সাউন্ড ডিজাইন করেছেন সোহম পাল, সঙ্গীত পরিচালক হিমাংশু সাইকিহ, নির্বাহী প্রযোজক হলেন উমা কুমারী ও রোহিত কোদেরে, লাইন প্রযোজক অবিনাশ শঙ্কর রুরভে, প্রধান অভিনেতা: ইব্রাহিম আহমেদ (নাইজেরিয়া) ও অভিনয়ে: গীতা দোশি, ইব্রাহিম আহমেদ, ঋতবান আচার্য্য।

উল্লেখ্য, এসআরএফটিআই ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়েছে, যা কিংবদন্তি চলচ্চিত্র নির্মাতা সত্যজিৎ রায়ের নামে নামকরণ করা হয়েছে। সংস্থাটি চলচ্চিত্র শিক্ষায় শ্রেষ্ঠত্ব প্রদর্শনের মাধ্যমে নতুন প্রজন্মের গল্পকারদের ক্ষমতায়নের ঐতিহ্যকে অব্যাহত রেখেছে।

# গিফটের লোভ দেখিয়ে দুর্গাপুরে ভুয়ো কল সেন্টারের আড়ালে প্রতারণা, গ্রেফতার দুই মহিলা

দুর্গাপুর, ২৭ এপ্রিল (হি.স.) : গিফটের লোভ দেখিয়ে প্রতারণার নতুন ফাঁদ ফাঁস করেছে পুলিশ। ঝাঁ-চকচকে অফিসের আড়ালে রমরমিয়ে চলছিল ভুয়ো কল সেন্টার। নতুন কিছু কেনা গ্রাহকদের নম্বর সংগ্রহ করে ফোন করতেন মহিলারা। তারপর গিফট হিসেবে ফ্রিজ, টিভির মতো আকর্ষণীয় পুরস্কারের টোপ দিয়ে কিউআর কোড ও ওটিপি নিয়ে প্রতারণা করা হতো। এর পরই ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে টাকা উধাও হয়ে যেত। শনিবার রাতে দুর্গাপুরের বেনাচিতি বাজারের কমলপুর এলাকায় একটি চারতলা বিল্ডিংয়ের অফিসে হানা দেয় আসানসোল দুর্গাপুর সাইবার থানার পুলিশ। তল্লাশির পর দুই মহিলাকে গ্রেফতার করা হয়। পুলিশ জানায়, এই প্রতারণা চক্রের সঙ্গে আরও কেউ যুক্ত রয়েছে কিনা, কোথা থেকে টাকা সংগ্রহ করা হতো এবং পুরো চক্রটি কিভাবে পরিচালিত হত, এসব বিষয় নিয়ে তদন্ত শুরু হয়েছে। পুলিশ আরও জানায়, সাইবার ক্রাইম এবং সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রতারণা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, যা পশ্চিমবঙ্গ জুড়ে ছড়িয়ে পড়েছে। সাধারণ মানুষকে সচেতন করতে সরকার নিয়মিত সতর্কবার্তা দিচ্ছে।

## ইট দিয়ে আঘাত করে শ্রমিককে হত্যার অভিযোগ

মির্জাপুর, ২৭ এপ্রিল (হি.স.) : উত্তর প্রদেশের মির্জাপুর জেলাতে বন্ধ ইটভাটায় এক শ্রমিকের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। রবিবার সকালে এক পুলিশ আধিকারিক জানান, নিহত ব্যক্তির নাম শঙ্কর কুমার (৫০)।

পুলিশ আরও জানিয়েছে, হত্যার পেছনে ব্যক্তিগত বা আর্থিক কারণে কারওর সঙ্গে বিরোধের সম্ভাবনা থাকতে পারে। হত্যার কারণ অনুসন্ধানে পুলিশ দুই সন্দেহভাজনকে আটক করেছে।

## মাছ ধরতে গিয়ে নিখোঁজ যুবকের মরদেহ উদ্ধার ৩৬ ঘণ্টা পর

মির্জাপুর, ২৭ এপ্রিল (হি.স.) : উত্তর প্রদেশের মির্জাপুর জেলাতে মাছ ধরতে গিয়ে নিখোঁজ হন এক যুবক। পুলিশ সূত্রে জানা গিয়েছে, কামাসিন গ্রামের বাসিন্দা পপ্পু সাহানি (৩৫) বৃহস্পতিবার গঙ্গায় মাছ ধরতে গিয়ে নিখোঁজ হন। শনিবার রাতে ঘোড়ে শহীদ গঙ্গা ঘাটে তার মরদেহ উদ্ধার হয়। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

পরিবারের অভিযোগ, পাপ্পু সাহনিকে খুন করা হয়েছে এবং তার মরদেহ গঙ্গায় ফেলা হয়েছে। পরিবারের দাবি, বৃহস্পতিবার পাপ্পুর সঙ্গে গ্রামের প্রতিবেশীদের কিছু তর্ক-বিতর্ক হয়েছিল এবং দু''পক্ষই থানায় মারপিটের অভিযোগ জানিয়েছিল। শনিবার মৃতদেহ পাওয়ার পর তার মাথায় আঘাতের চিহ্ন পাওয়া যায়। তদন্ত চলছে।

# পাকিস্তান-যোগ ! কংগ্রেস সাংসদ গৌরব গগৈয়ের কাছে তিনটি প্রশ্নের স্পষ্ট জবাব দাবি অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বের

গুয়াহাটি, ২৭ এপ্রিল (হি.স.) : পাকিস্তানের সঙ্গে কথিত সংযোগ সম্পর্কে কংগ্রেস সাংসদ তথা সংসদে বিরোধী উপ-নেতা গৌরব গগৈয়ের কাছে তিনটি প্রশ্নের স্পষ্ট এবং সরাসরি জবাব চেয়েছেন অসমের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা।

আজ রবিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত' অনুষ্ঠানে এসে সাংবাদিকদের মুখোমুখি হয়ে গত কয়েকদিনের মতো ফের যোরহাটের (অসম) সাংসদ, কংগ্রেস নেতা গৌরব গগৈয়ের পাকিস্তান-যোগ সম্পর্কে প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। গৌরব গগৈয়ের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, 'আপনি আগে স্পষ্ট করুন, ভারত সরকারকে অবগত না করে গোপনে আপনি পাকিস্তানে গিয়ে ১৫ দিন অবস্থান করেছিলেন কি না? উত্তর যদি হ্যাঁ হয়, তা-হলে দয়া করে স্পষ্ট করুন, আপনার ভ্রমণের উদ্দেশ্য কী ছিল?'

এর পরই প্রশ্ন তুলে সেগুলোর সরাসরি এবং স্পষ্ট জবাব চেয়েছেন হিমন্তবিশ্ব শর্মা। মুখ্যমন্ত্রীর প্রশ্ন, গৌরব গগৈয়ের স্ত্রী এলিজাবেথ কোলবোর্ন (যুক্তরাজ্যে জন্মগ্রহণকারী) 'ভারতে অবস্থান করে পাকিস্তান-ভিত্তিক কোনও এনজিও থেকে বেতন পাচ্ছেন কিনা?'

এছাড়া সংসদ-পত্নী এলিজাবেথ এবং তাঁদের দুই সন্তানের (এক পুত্র এবং এক কন্যা) নাগরিকত্ব সম্পর্কেও তথ্য দিতে বলেন মুখ্যমন্ত্রী ড. শর্মা।

সাংসদ গৌরব গগৈয়ের কাছে মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা সরাসরি যে তিনটি প্রশ্নের জবাব চেয়েছেন সেগুলি — ১) আপনি কি টানা ১৫ দিন পাকিস্তান সফর করেছেন? যদি তা-ই হয়, তা-হলে দয়া করে আপনার সফরের উদ্দেশ্য স্পষ্ট করুন?

২) এটা কি সত্য, আপনার স্ত্রী ভারতে অবস্থান করে এখানে কর্মরত থাকার পরও পাকিস্তান-ভিত্তিক একটি এনজিও থেকে বেতন পাচ্ছেন? যদি তা-ই হয়, তা-হলে আমরা কি জিজ্ঞাসা করতে পারি, কেন পাকিস্তান-ভিত্তিক একটি সংস্থা ভারতে কার্যক্রম পরিচালনার জন্য বেতন দিচ্ছে?

৩) আপনার স্ত্রী এবং দুই সন্তানের নাগরিকত্বের বিদ্যমান অবস্থা কী? তাঁরা কি ভারতীয় নাগরিক, নাকি অন্য কোনও দেশের নাগরিকত্ব আছে তাঁদের?

মুখ্যমন্ত্রী ড. শর্মার আরও সতর্কবার্তা, 'অদূর ভবিষ্যতে আপনার (গৌরব গগৈ) আরও অনেক প্রশ্নের সম্মুখিন হতে হবে।'

মুখ্যমন্ত্রীর এই প্রশ্নবাণের পরিপ্রেক্ষিতে রাজ্য তথা দেশের রাজনৈতিক তরজাকে আরও উসকে দিয়েছে বলে মনে করছে ওয়াকিবহাল মহল।

## কোচবিহারে উদ্ধার মর্টার সেল

কোচবিহার, ২৭ এপ্রিল (হি.স.): কোচবিহারে উদ্ধার হল মর্টার সেল। রবিবার কোচবিহারের চ্যাংড়াবান্ধা পাথরের বেড়ে একটি মর্টার দেখতে পাওয়া যায়। পুলিশ ও সেনাবাহিনীকে খবর দেয় স্থানীয়রা। জানা গেছে, মর্টারের সেল পড়ে থাকতে দেখে আতঙ্ক ছড়ায় মেখলিগঞ্জের ভোটবাড়ির হেলাপাকরি মোড় সংলগ্ন এলাকায়।

প্রসঙ্গত, বিগত বেশ কয়েক মাস ধরে কোচবিহারের একাধিক জায়গায় মর্টার সেল উদ্ধার হয়েছে। চলতি মাসেই মালবাজার থেকে একইভাবে মর্টার উদ্ধার হয়েছিল।

## সহকার ভারতীর পশ্চিম বর্ধমান জেলা অধিবেশন অনুষ্ঠিত, নতুন কমিটি গঠন

দুর্গাপুর, ২৭ এপ্রিল ( হি. স.) : আসানসোলে সহকার ভারতীর পশ্চিম বর্ধমান জেলা অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। এই অধিবেশনে জেলার নতুন কমিটি গঠন করা হয়েছে। নতুন জেলা সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন রাজকুমার পাল, এবং সাধারণ সম্পাদিকা হলেন অঞ্জু প্রসাদ। এছাড়া, সহকার ভারতীর রাষ্ট্রীয় সম্পাদক হয়েছেন বিবেকানন্দ পাত্র, রাষ্ট্রীয় সম্পাদিকা হলেন নন্দিনী রায়, রাজ্য সাধারণ সম্পাদক হলেন কৃষ্ণ চন্দ্র বসাক, রাজ্য সহ সংগঠন প্রমুখ হলেন রাজা চট্টরাজ, এবং রাজ্য প্রশিক্ষণ প্রমুখ ও জেলা পালক হিসেবে নির্বাচিত হয়েছেন সুজয় মুখার্জি।

## মেয়েদের জন্যও টুর্নামেন্ট আয়োজন করতে হবে : সৌরভ গাঙ্গুলি

বাঁকুড়া, ২৭ এপ্রিল(হি.স.) : বাঁকুড়ার তামিলিবাঁধ মাঠে বাঁকুড়া এমপি কাপ টি-২০ টুর্নামেন্টের উদ্বোধন করেন প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলি। তিনি বলেন, শুধুমাত্র ছেলেদের জন্য নয়, মেয়েদেরও টুর্নামেন্ট আয়োজন করতে হবে।

এদিন উদ্বোধনী ম্যাচে বাঁকুড়া নাইট রাইডার্স এবং বাঁকুড়া মিউনিসিপ্যালিটি কিং প্রতিদ্বন্দ্বিতা করে। সৌরভ গাঙ্গুলি বাঁকুড়া জেলা ক্রীড়া সংস্থাকে ধন্যবাদ জানিয়ে বলেন, প্রতিটি জেলা খেলাধুলার জন্য সহযোগিতা করছে।

তিনি মঞ্চে বাঁকুড়ার মহিলা খেলোয়াড়দেরও ধন্যবাদ জানান এবং মেয়েদের জন্য টুর্নামেন্ট আয়োজনের ওপর গুরুত্ব দেন।

# ডিসি বনাম আরসিবি মুখোমুখি

কলকাতা, ২৭ এপ্রিল(হি.স.) : রবিবার দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে যখন দিল্লি ক্যাপিটালস এবং রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু মুখোমুখি হবে, তখন তারা তাদের প্লে-অফের সম্ভাবনা আরও জোরদার করার লক্ষ্য রাখবে। পয়েন্ট তালিকায় দিল্লি ক্যাপিটালস দ্বিতীয় ও রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু তৃতীয় স্থানে আছে।

ডিসি বনাম আরসিবি-র মুখোমুখি লড়াইয়ের রেকর্ড:

খেলা ম্যাচ : ৩২টি
ডিসি জিতেছে : ১২টি
আরসিবি জিতেছে : ১৮টি
টাই : ১টি
কোনও ফলাফল নেই : ১টি
শেষ ফলাফল : ডিসি ৬ উইকেটে জয়ী (এপ্রিল ২০২৫)

অরুণ জেটলি স্টেডিয়ামে ডিসি রেকর্ড:

খেলা ম্যাচ : ৮১টি
জিতেছে : ৩৬টি
হার : ৪২টি
টাই : ২টি
কোনও ফলাফল নেই : ১টি

আইপিএলে অরুণ জেটলি স্টেডিয়ামে ডিসি বনাম আরসিবি :

খেলা ম্যাচ : ১০টি
ডিসি জিতেছে : ৪টি
আরসিবি জিতেছে : ৬টি
শেষ ফলাফল : ডিসি ৭ উইকেটে জয়ী (মে ২০২৩)
সর্বোচ্চ স্কোর : এমআই-এর বিপক্ষে ২৫৭/৪ (এপ্রিল ২০২৪)
সর্বনিম্ন স্কোর : এমআই-এর বিপক্ষে ৬৬ অলআউট (মে ২০১৭)

# প্রিমিয়ার লিগ: লিভারপুলের শিরোপা নিশ্চিত করতে ড্র হলেই চলবে

লিভারপুল, ২৭ এপ্রিল (হি.স.) : অ্যানফিল্ডে রবিবার রাতে(ভারতীয় সময় রাত ৯টা) প্রিমিয়ার লিগের ম্যাচে টটেনহ্যামের মুখোমুখি হবে লিভারপুল। লিভারপুলের কাছে এই ম্যাচ গুরুত্বপূর্ণ ম্যাচ। কারণ এই ম্যাচ জিতলেই লিভারপুল চ্যাম্পিয়ন তো হবেই, আর তা না হলে অন্তত ড্র করলেও লিগ নিশ্চিত হবে আর্না স্লটের দলের। লিভারপুলের শিরোপা উৎসবের মঞ্চ তৈরি হয়েছে গত ২৪ এপ্রিল যখন আর্সেনাল ক্রিস্টাল প্যালেসের সঙ্গে ২-২ গোলে ড্র করে। এখন দ্বিতীয়স্থানে থাকা আর্সেনালের নামের পাশে পয়েন্ট ৬৭। লিভারপুলের ৩৩ ম্যাচ শেষে আর্সেনালের সঙ্গে ১২ পয়েন্টের লিড আছে। অর্থাৎ রবিবার আরেকটি পয়েন্ট হলেই আর্সেনাল বাকি ৪ ম্যাচ জিতলেও লিভারপুলকে ধরতে পারবে না। লিভারপুল সবশেষ প্রিমিয়ার লিগ জিতেছিল ২০১৯-২০ মরসুমে। এরপর ২০২০-২১ মরসুমে তৃতীয়, ২০২১-২২ মরসুমে রানার্সআপ, ২০২২-২৩ মরসুমে পঞ্চম ও ২০২৩-২৪ মরসুমে তৃতীয় হয়েছিল তারা।

# পিকনিক করতে গিয়ে নদীতে তলিয়ে ছাত্রের মৃত্যু

ঝাঁসি , ২৭ এপ্রিল (হি.স.): উত্তর প্রদেশের ঝাঁসি জেলাতে রবিবার পিকনিক করতে গিয়ে নদীতে তলিয়ে এক ছাত্রের মৃত্যু হয়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, পিকনিকের সময় নদীতে ডুবে এক ছাত্রের মৃত্যু হয়েছে। মৃত ছাত্র আদিত্য রাজপুত (২২), বাসোভই গ্রামের বাসিন্দা ছিলেন। ঝাঁসিতে বন্ধুদের সঙ্গে থাকতেন। তিনি বুন্দেলখণ্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। রবিবার সকালে নদীতে স্নান করতে নেমে হঠাৎ নদীতে তলিয়ে যান। বন্ধুরা উদ্ধার করার চেষ্টা করলেও তারা সফল হয়নি। পরে পুলিশ ও উদ্ধারকারীদের সাহায্যে মৃতদেহ উদ্ধার করা হয়। পুলিশ দেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠায়।

## দিল্লির রোহিণীতে বস্তিতে ভয়াবহ আগুন, হতাহতের খবর নেই

নয়াদিল্লি, ২৭ এপ্রিল (হি.স.): রাজধানী দিল্লিতে ফের অগ্নিকাণ্ড! এবার আগুন লাগল দিল্লির রোহিণী এলাকার সেক্টর ১৭-এর শ্রী নিকেতন অ্যাপার্টমেন্টের কাছে বস্তিতে। আগুন লাগার খবর পাওয়া মাত্রই ২০টি দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছয়। চারিদিক কালো ধোঁয়ায় ঢেকে যায়। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি। শেষ পাওয়া খবর অনুযায়ী, এখনও আগুন নিয়ন্ত্রণে আসেনি। আগুন আয়ত্তে আনার চেষ্টা করছেন দমকল কর্মীরা। ধোঁয়ার কারণে আগুন নেভাতে যথেষ্ট বেগ পেতে হচ্ছে দমকল কর্মীদের।

## দাম্পত্য জীবনে বিবাদের জের, মহিলার ঝুলন্ত দেহ উদ্ধার

জিন্দ, ২৭ এপ্রিল (হি. স.) : হরিয়ানার জিন্দ জেলাতে মহিলার ঝুলন্ত দেহ উদ্ধার। গড়ওয়ালি খেরা গ্রামে এক বিবাহিতা মহিলা দাম্পত্য জীবনে বিবাদের জেরে আত্মহত্যা করেছেন বলে অভিযোগ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতার নাম পায়েল এবং তাঁর বিয়ে হয়েছিল প্রায় এক বছর আগে গড়ওয়ালি গ্রামের বাসিন্দা বিকাশের সঙ্গে।

পায়েলের পরিবারের অভিযোগ , বিয়ের পর থেকেই বিকাশ তাকে যৌতুকের দাবিতে শারীরিক ও মানসিক অত্যাচার করত। বিবাদের জেরেই পায়েল আত্মহত্যা করেছে বলে অভিযোগ। পুলিশ ময়নাতদন্তের পর রবিবার পরিবারের কাছে দেহ হস্তান্তর করে।

# নভেম্বরের মধ্যেই গঙ্গা এক্সপ্রেসওয়ের কাজ শেষ করা লক্ষ্য, জানালেন মুখ্যমন্ত্রী যোগী

হাপুর, ২৭ এপ্রিল (হি.স.): নভেম্বরের মধ্যেই গঙ্গা এক্সপ্রেসওয়ের কাজ শেষ করা লক্ষ্য, রবিবার পরিদর্শনের পর এমনটাই জানালেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ রবিবার হাপুরে গঙ্গা এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ পরিদর্শন করেছেন। আধিকারিকদের সঙ্গে কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী এদিন বলেছেন, 'এটি দেশের দীর্ঘতম এক্সপ্রেসওয়ের মধ্যে একটি, গঙ্গা এক্সপ্রেসওয়ের সম্পূর্ণ কাজ নভেম্বরের মধ্যে শেষ করতে হবে। এটি যে কোনও যুদ্ধবিমান অথবা বাণিজ্যিক বিমান অবতরণের ক্ষমতা রাখে।'

# কোপা দেল রে: রিয়াল মাদ্রিদকে হারিয়ে চ্যাম্পিয়ন বার্সেলোনা

সেভিয়া, ২৭ এপ্রিল (হি.স.) : সেভিয়ায় শনিবার রাতের রোমাঞ্চকর ফাইনালে ৩-২ গোলে জিতেছে বার্সেলোনা চির প্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদের বিরুদ্ধে। প্রতিযোগিতার রেকর্ড চ্যাম্পিয়নদের এটি ৩২তম শিরোপা। চ্যাম্পিয়ন হওয়ার রেকর্ড ২৪টির বেশি আর কারওর নেই।

২৮ মিনিটে পেদ্রির চমৎকার গোলে এগিয়ে থেকে প্রথমার্ধ শেষ করে বার্সেলোনা। দ্বিতীয়ার্ধে ৮ মিনিটের মধ্যে দু"দুটি গোল করে এগিয়ে যায় রিয়াল মাদ্রিদ। ৭০ মিনিটে চমৎকার ফ্রি কিকে রিয়ালকে সমতায় ফেরান এমবাপে। স্ট্যান্সনিকে ফাঁকি দিয়ে পোস্টে লেগে বল জালে জড়ায়। সরাসরি ফ্রি কিকে ফরাসি তারকার এটাই প্রথম গোল। এরপর একের পর এক আক্রমণ করে বার্সেলোনাকে চেপে ধরে রিয়াল। তার ফল তারা পায় ৭৭ মিনিটে। কর্নার থেকে বল পেয়ে হেডে জাল খুঁজে নেন চুয়ামেনি।

এই সময় মনে হচ্ছিল রিয়ালই বোধহয় ফাইনাল ম্যাচ জিততে চলেছে। কিন্তু অনেকটা খেলার ধারার বিপরীতে ৮৪ মিনিটে ম্যাচে সমতা ফেরান ফেররান তরেস। আর বার্সেলোনার জয়ের গোলটি আসে অতিরিক্ত সময়ের ১১৬ মিনিটে, কুন্দের নৈপুণ্যে। ডি বক্সের একটু বাইরে থেকে গতিময় শটে জাল খুঁজে নেন কুন্দে। এরপর বাকি সময়টায় দারুণ চেষ্টা এমবাপেরা করলেও গোলের দেখা পায়নি।

বার্সেলোনার এবার লক্ষ্য চ্যাম্পিয়নস লিগ ও লা লিগা। আর এর আগে চ্যাম্পিয়নস লিগ থেকে বিদায় নিয়েছে রিয়াল। কোপা দেল রেতেও শিরোপা জিততে না পারায় তাদের সামনে এখন কেবল লা লিগা। সেখানেও বার্সেলোনার চেয়ে ৪ পয়েন্টে পিছিয়ে দুই নম্বরে আছে তারা।

## ইথিওপিয়ার শিশুদের চিকিৎসায় উদ্যোগ ভারতীয়দের, প্রশংসা প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২৭ এপ্রিল (হি.স.): গুরুতর অসুস্থ ইথিওপিয়ার শিশুদের চিকিৎসার উদ্যোগ নিচ্ছেন ভারতীয়রা। এই প্রয়াসকে কুর্নিশ জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার মন কি বাত অনুষ্ঠানের ১২১-তম পর্বে প্রধানমন্ত্রী বলেছেন, 'ভারতীয়রা একটি অনুকরণীয় প্রচেষ্টা দেখিয়েছেন। ইথিওপিয়ায় বসবাসকারী ভারতীয়রা, জন্মের পর থেকেই হৃদরোগে আক্রান্ত শিশুদের চিকিৎসার জন্য ভারতে পাঠানোর উদ্যোগ নিয়েছেন। অনেক ভারতীয় পরিবারও এই শিশুদের আর্থিকভাবে সহায়তা করছে।



রবিবার আগরতলায় একটি সামাজিক সংস্থার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কংগ্রেস সভাপতিপতি আশিষ সাহা।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## ওজন ঝরাতে স্বাস্থ্যকর স্যালাড বানাতে পারেন ডিম দিয়ে



নিয়মিত শরীরচর্চা করেন। শারীরিক তেমন কোনও সমস্যা নেই। এই সব ক্ষেত্রে পুষ্টিবিদেরা খাবারের তালিকায় রোজ একটি করে ডিম রাখতে বলেন। শরীরে প্রোটিনের ঘাটতি মেটাতে, অনেক ক্ষণ পর্যন্ত পেট ভর্তি রাখতে জিমের প্রশিক্ষকেরাও একই পরামর্শ দেন। তবে ডিম ভাজা বা পোচ নয়, এ ক্ষেত্রে ডিম সেদ্ধ খাওয়াই শ্রেয়।

কিন্তু রোজ সেদ্ধ ডিম খেতে অনেকেই পছন্দ করেন না। এ দিকে, সকালের জলখাবারে খুব বেশি সময় দিয়ে রান্না করাও সম্ভব হয় না অনেকের পক্ষে। অথচ শরীরে প্রোটিনের, ক্যালশিয়ামের জোগান ঠিক রাখতে পারে ডিম। এ ছাড়াও ডিমে রয়েছে কোলিন, ভিটামিন বি১২, ভিটামিন এ এবং ডি। তাই প্রতি দিন অন্তত একটি করে ডিম খাওয়া আবশ্যক। রন্ধনশিল্পীরা বলেন, সেদ্ধ ছাড়াও ডিম খাওয়ার স্বাস্থ্যকর উপায় হল স্যালাড। কাজে বেরোনোর আগে কম সময়ে চটজলদি কী ভাবে তৈরি করবেন ডিমের স্যালাড? তার প্রণালী রইল এখানে।

উপকরণ ডিম: ২টি পেঁয়াজপাতা: সামান্য গোলমরিচ: আধ চা চামচ চিলি ফ্লেক্স: আধ চা চামচ লেবুর রস: ১ টেবিল চামচ লেটুস পাতা: ২-৩টি প্রণালী ১) প্রথমে ডিম সেদ্ধ করে নিন। খেয়াল রাখবেন ডিম যেন ভাল ভাবে সেদ্ধ হয়। ২) এ বার সেদ্ধ ডিমের খোসা ছাড়িয়ে ছোট ছোট টুকরো করে নিন। ৩) একটি পাত্রের মধ্যে টুকরো করা ডিম, পেঁয়াজ পাতা এবং লেটুস কুচি করে দিয়ে দিন। ৪) স্বাদ অনুযায়ী নুন, গোলমরিচ এবং চিলি ফ্লেক্স যোগ করুন। ঝাল খেতে অসুবিধা হলে চিলি ফ্লেক্সের বদলে অরিগ্যানো বা অন্য কোনও মশলা দিতে পারেন। ৫) সব শেষে উপর থেকে লেবুর রস ছড়িয়ে সব উপকরণ ভাল ভাবে মিশিয়ে নিন।

## শ্বাসকষ্ট আছে বলে শরীরচর্চা করেন না?



শ্বাসকষ্টের সমস্যা থাকলে দৈনন্দিন জীবনে অনেক কিছুতেই বিধিনিষেধ চলে আসে। বিশেষ করে শরীরচর্চার সময় বাড়তি সতর্ক থাকা জরুরি। শ্বাসকষ্টের সমস্যা যাঁদের রয়েছে, একটু ভারী কাজ করলেই তাঁরা হাঁপিয়ে ওঠেন। সেখানে দীর্ঘ ক্ষণ শরীরচর্চা করলে শ্বাসকষ্টের সমস্যা বেড়ে যেতে পারে। শরীরচর্চার মাঝে হঠাৎ শ্বাসকষ্ট শুরু হওয়ার সমস্যাটিকে চিকিতা পরিভাষায় বলা হয় "এক্সারসাইজ ইনডিউসড অ্যাজমা" (ইআইবি)।

শরীরচর্চার সময় শ্বাস নিতে সমস্যা হওয়া, হাঁচি, কাশি, শারীরিক অস্বস্তি হল "ইআইবি"-র উপসর্গ। তবে ঝুঁকি এড়াতে শরীরচর্চা বন্ধ করে দেওয়া বোকামি। তার চেয়ে কয়েকটি উপায় মেনে চললে শরীরচর্চা করলেও সমস্যা হবে না।

১) শরীরচর্চার আগে হালকা "ওয়ার্ম আপ" করে নিন। ব্যায়াম করার আগে স্ট্রেচিং করে নিলে উপকার পেতে পারেন। শুরুতেই যদি শরীরচর্চা শুরু করে দেন, তা হলে মুশকিলে পড়তে পারেন।

২) শ্বাসকষ্টের সমস্যা থাকলে শরীরচর্চা করতে পারবেন কি না, সেটা একমাত্র চিকিৎসকই বলতে পারবেন। তাই সবচেয়ে ভাল হয় এ বিষয়ে যদি চিকিৎসকের পরামর্শ নেন। সঙ্গে ইনহেলার রাখতে ভুলবেন না। শরীরচর্চা করতে গিয়ে যদি বুঝতে পারেন কষ্ট হচ্ছে, তাহলে তখনি ব্যায়াম করা বন্ধ করুন। জোর করে না করাই ভাল।

৩) ভারী শরীরচর্চার বদলে সাঁতার কাটতে পারেন। এতে শারীরিক পরিশ্রম হয় বটে, তবে অন্যান্য শরীরচর্চার মতো নয়। জলের উপর হালকা করে হাত-পা চালিয়ে সাঁতার কাটলে শ্বাসকষ্টের সমস্যা হওয়ার কথা নয়।

## ডায়েট কোক থেকেও হতে পারে ক্যানসার

অ্যাসপারটেম নামক কৃত্রিম চিনি থেকে হতে পারে ক্যানসারের মতো মারণরোগ, সম্প্রতি ওয়াসিংটন পোস্টের একটি প্রতিবেদনে এমনটাই দাবি করা হয়েছে। এক মাস আগেই কৃত্রিম চিনির বহুল ব্যবহার নিয়ে সতর্ক করেছিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। রয়টার্সের একটি প্রতিবেদনে বলা হয়েছে হু-এর ক্যানসার গবেষণা সংস্থা আগামী মাসেই অ্যাসপারটেমকে কার্সিনোজেন (ক্যানসার সৃষ্টিকারী যৌগ) বলে ঘোষণা করবে। ১৯৮১ সালে আমেরিকার ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ) অ্যাসপারটেম ব্যবহারের অনুমোদন দেয়। অনুমোদনের পর থেকে পাঁচ বার এর নিরাপত্তা পর্যালোচনা পর্ব চলেছে। ভারত-সহ আরও ৯০ টি দেশে এই কৃত্রিম চিনি ব্যবহার করা হয়। কোকো কোলার ডায়েট কোক, মার্স এক্সট্রা চুয়িংগামে অ্যাসপারটেম ব্যবহার করা হয়। অ্যাসপারটেমে ক্যালোরির মাত্রা শূন্য। এক চামচ চিনির তুলনায় এটি ২০ গুণ বেশি মিষ্টি। ৯৫ শতাংশ কার্বোনেটেড নরম পানীয়তে অ্যাসপারটেম ব্যবহার করা হয়। বাজারে যে সব "ইনস্ট্যান্ট টি" বা তৈরি করা চা পাওয়া যায় তার মধ্যে ৯০ শতাংশতেই এই যৌগ থাকে। ভারতের খাদ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সংস্থা (এফেসএসএআই) নির্দেশ অনুযায়ী যে খাবার কিংবা পানীয়তে অ্যাসপারটেম ব্যবহার করা হবে, তাদের বাইরের কভারে যৌগটির নাম অবশ্যই লিখতে হবে। এই খবর ছড়িয়ে পড়ার পর থেকেই নরম পানীয় প্রস্তুতকারী সংস্থাগুলি এর বিরোধিতা শুরু করেছে। তাদের দাবি, এই খবরের প্রভাবে সাধারণের চিনি খাওয়ার প্রবণতা আরও বাড়বে, ফলে শরীরের আরও বেশি ক্ষতি হবে। তাদের দাবি অ্যাসপারটেম নিয়ে হু-এর খাদ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সংস্থার গবেষণা ভিত্তিহীন।

## কোন কোন তেল দিয়ে রান্না করলে সুস্থ থাকবে শরীর?

রক্তে শর্করার মাত্রা বাড়লেই খাওয়াদাওয়ায় একটা বিধিনিষেধ চলে আসে। খাওয়াদাওয়ায় রাশ না টানলে ডায়াবিটিসের মাত্রা নিয়ন্ত্রণে রাখা মুশকিল। বাইরের প্রক্রিয়াজাত খাবার, তেল-মশলা যত কম খাওয়া যায়, ততই ভাল। চিকিতকেরাও তেমনটাই বলে থাকেন। ডায়াবেটিকদের সব সময় বাড়ির খাবার খাওয়ার পরামর্শ দেওয়া হয়। তবে বাড়ির খাবার হলেও কোন তেলে রাঁধছেন, সেটাও কিন্তু গুরুত্বপূর্ণ। কোন তেল দিয়ে রাঁধলে শর্করার মাত্রা বশে থাকবে? অলিভ অয়েল অলিভ অয়েলে রয়েছে সব ধরনের উপকারী উপাদান। এতে রয়েছে কিছু উপকারী ফ্যাটও, যা রক্তে শর্করার পরিমাণ বাড়তে দেয় না। শুধু ডায়াবেটিক নয়, যাঁরা হৃদ্রোগের সমস্যায় ভুগছেন, অলিভ অয়েল তাঁদের জন্যেও কম উপকারী নয়। অ্যাভোকাডো অয়েল ডায়াবেটিকদের হেঁশেলে এই তেল থাকা জরুরি। অ্যাভোকাডো অয়েলে রয়েছে উপকারী মনোস্যাচুরেটেড ফ্যাট, যা শর্করার মাত্রা বাড়তে দেয় না। সেই সঙ্গে কোলেস্টেরল রোগীদের জন্যেও অ্যাভোকাডো অয়েল স্বাস্থ্যকর। উচ্চ রক্তচাপ থাকলেও অ্যাভোকাডো অয়েল খাওয়া যেতে পারে। উপকার পাবেন। ডায়াবেটিকেরা অলিভ অয়েলে করা রান্না খেতে পারেন। ছবি: সংগৃহীত। বাদাম তেল শরীরের যত্ন নিতে পিনাট বাটার অনেকেই খান। বাদাম তেলও কিন্তু কম স্বাস্থ্যকর নয়। ডায়াবিটিস থাকলে বাদাম তেল দিয়ে রান্না করা খাবার খাওয়ার অভ্যাস করতে পারেন। এই তেলেও রয়েছে উপকারী মনোস্যাচুরেটেড ফ্যাট। এই ফ্যাট হৃদ্রোগের ঝুঁকি কমায়। কোলেস্টেরলের মাত্রাও নিয়ন্ত্রণে রাখে। তিসির তেল ওজন কমাতে নিয়ম করে তিসির বীজ খান অনেকেই। পাশাপাশি তিসির তেলও শরীরের জন্য উপকারী। ডায়াবিটিস ধরা পড়লে তিসির তেলে রান্না করা খাবার খাওয়া শুরু করতে পারেন। তিসিতে রয়েছে ওমেগা ৩ ফ্যাটি অ্যাসিড। এই উপাদান শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। এ ছাড়া তিসির বীজে রয়েছে পলিআনস্যাচুরেটেড ফ্যাট, এই ফ্যাট কোলেস্টেরল থেকে উচ্চ রক্তচাপ, সবেরই মাত্রা নিয়ন্ত্রণে রাখে।

## বাতের ব্যথায় মাটিতে পা ফেলা দায়?

বাতের ব্যথা এখন ঘরে-ঘরে। বয়সের আগেই এই সমস্যার শিকার অনেকেই। অনিয়মিত, অস্বাস্থ্যকর জীবনযাপন, বংশগত কারণ, রোগের প্রভাব, ইত্যাদি বিভিন্ন কারণে আর্থারাইটিসের সমস্যা দেখা দিতে পারে। চিকিতাতো আছেই, কিন্তু জানেন কি এমন কিছু ফল রয়েছে যা কমায় আর্থারাইটিসের ঝুঁকি?

জেনে নিন এই সমস্যা থেকে মুক্তি পেতে ডায়েটে যোগ করবেন কী-কী খাবার

আপেল: কথাতেই আছে, "আন অ্যাপেল অ্যা ডে, কিপস দ ডক্টর অ্যাওয়ে।" অর্থাতশরীরের জন্য আপেল ভীষণ উপকারি একটি ফল। আর্থারাইটিসের জন্যও এই ফলের জুড়ি নেই। এতে প্রদাহরোধী বৈশিষ্ট রয়েছে। যা ব্যথা কমায়। এছাড়া এতে উপস্থিত কোয়ারসেটিন দ্রুত ব্যথা কমাতে সাহায্য করে।

চেরি: টার্চ চেরি বাতের জন্য অতন্ত কার্যকর। এতে অ্যান্থোসায়ানিন রয়েছে। যা চটজলদি বাতের বথা কমাতে সাহায্য করে।

আনারস: আনারসে রয়েছে ব্রোমেলিন। যা যেকোনও ধরনের প্রদাহ কমাতে সাহায্য করে। জয়েন্টের ব্যথা থেকে দ্রুত মুক্তি দেয় এই ফল। অবশ্যই ডায়েটে যোগ করুন এই ফল।

কমলালেবু: ভিটামিন সি ও অ্যান্টিঅক্সিডেন্টের একটি ভাল উত হল কমলালেবু। এছাড়াও রয়েছে অক্সিডেটিভ, যা আর্থারাইটিসের ব্যথা কমাতে সাহায্য করে কমলালেবু। তাই বেশি করে কমলালেবু খান।

ব্লুবেরি: ভরপুর পুষ্টিগুণে সমৃদ্ধ এই ফল শরীরের প্রদাহ কমায়। এতে রয়েছে অ্যান্টিঅক্সিডেন্ট ও অ্যান্থোসায়ানিন, যা বাতের ব্যথা কমায়।

মাছ: বাতের ব্যথা থেকে দ্রুত সেরে উঠতে সাহায্য করে ওমেগা-থ্রি ফাটি অ্যাসিডযুক্ত মাছ। এক্ষেত্রে আপনি খেতে পারেন চিংড়ি, কাঁকড়া। বিশেষজ্ঞদের মতে, সপ্তাহে অন্তত ৩-৪ দিন এই ধরনের মাছ খাওয়ার চেষ্টা করুন। কিছু গবেষণা বলছে, টানা আট সপ্তাহ এই ধরনের মাছ খেলে যেকোনও ধরনের প্রদাহ কমে। যার সঙ্গে যোগ রয়েছে বাতের ব্যথারও।

রসুন: আদিকাল থেকে বাতের ব্যথার উপশম হিসেবে ববহার হয়ে আসছে রসুন। বাতের ব্যথায় আরাম পেতে তাই রসুন তেল মালিশ করার চল রয়েছে অনেক বাড়িতেই। তবে শুধু মালিশ করলেই হবে না। এর পাশাপাশি গোটা রসুন খেলেও উপকার পাবেন।

আদা: রসুনের মতো আদাতেও প্রদাহরোধী গুণ রয়েছে। যা বাতের ব্যথা থেকে আরাম দেয়। খাবারের সঙ্গে বা গোটা আদা চিবিয়ে খেয়ে দেখুন, উপকার পাবেন।

ব্রোকোলি: ব্রোকোলি শরীর থেকে ক্ষতিকারক টক্সিনকে বাইরে বের করে দিতে সাহায্য করে। ফলে শরীর সুস্থ থাকে ও বথাও কমে।

পালং শাক: হাজার গুণে ভরপুর পালং শাক বাতের ব্যথা থেকও দ্রুত আরাম দিতে সাহায্য করে।

আঙুর: বাতের ব্যথা থেকে দ্রুত সেরে উঠতে সাহায্য করে ওমেগা-থ্রি ফাটি অ্যাসিডযুক্ত মাছ। এই প্রতিবেদনটি শুধুমাত্র তথ্যের জন্য, কোনও ওষুধ বা চিকিৎসা সংক্রান্ত নয়। বিস্তারিত তথ্যের জন্য আপনার চিকিতকের সঙ্গে পরামর্শ করুন।

## জন্ডিসে লিভারের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে যায়

গরমে জন্ডিস, পেটের সমস্যা এসব খুবই বাড়ে। তবে জন্ডিসের মত রোগ নিয়ে হেলাফেলা নয়। এতে লিভারের উপর ভীষণ চাপ পড়ে। এমনকী লিভার নষ্টও হয়ে যেতে পারে। জন্ডিস হলে লিভার বিলিরুবিন ফিল্টার করতে পারে না। এর ফলে রক্তে বিলিরুবিনের মাত্রাও অনেকখানি বেড়ে যায়। বিলিরুবিন হল হলুদ রঙের একটি পদার্থ যা লাল রক্তকণিকা ভেঙে তৈরি হয়।

এই বিলিরুবিন রক্তে জমতে শুরু করলেই ত্বক, চোখ, মাড়ি এসব হলুদ হয়ে যায়। আর এই দেখেই কিন্তু বোঝা যায় যে জন্ডিস হয়েছে কিনা।

জন্ডিসে আক্রান্ত হলে চোখ, ত্বক শরীরের টিস্যুগুলি হলুদ হয়ে যায়। এর ফলে জন্ডিস হলে চোখ, ত্বক এসব হলুদ হতে শুরু করে। জন্ডিস হলে বিলিরুবিনের মাত্রা বাড়ে সেই সঙ্গে প্রস্রাবের রং গাঢ় হলুদ হয়ে যায়, সেই সঙ্গে মলের রঙে পরিবর্তন, পেটে ব্যথা, জয়েন্টে ব্যথা, ক্লান্তি, জ্বর এসব থাকেই। বিলিরুবিন হল বিষাক্ত পদার্থ যা লিভারের মারাত্মক ক্ষতি করে। এমনকী জন্ডিস থেকে বাড়াবাড়ি হয়ে মৃত্যুও হতে পারে। আর তাই জন্ডিসে ডায়েট মেনে তলতেই হবে। আর তাই লিভার থেকে ডিটক্সিফিকেশন হওয়া খুবই জরুরি। শরীরে যদি টক্সিন জমতে থাকে সেখান থেকে সমস্যার একশেষ। তাই চিকিতকের পরামর্শ নিন আর সেইমত খাবার খান। ফ্রেশ সবজি আর ফল খেতেই হবে। এই সবজি-ফলের মধ্যে থাকে প্রচুর পরিমাণ অ্যান্টিঅক্সিডেন্ট। সেই সঙ্গে থাকে ফাইবার, যা আমাদের বিপাকে সাহায্য করে। আর অ্যান্টিঅক্সিডেন্ট লিভারের ক্ষতি থেকে রক্ষা করে এবং হজমেও সাহায্য করে। আঙুর, পেঁপে, কুমড়ো, মিষ্টি আলু, কচু, টমেটো, গাজর, ব্রকোলি, ফুলকপি, ক্র্যানবেরি, ব্লুবেরি এসব খান। সেই সঙ্গে অঙ্কুরিত ছোলা-মুগ, রসুন, শাক, আদা এসবও নিয়ম করে খান।

আদা-তুলসি-লুদ এসব দিয়ে চা বানিয়ে খান। এর মধ্যে ক্যাফাইনের ভাগ বেশি থাকে। এছাড়াও ব্ল্যাক কফি ক্যানসারের হাত থেকে রক্ষা করে।

লিভারের জন্য খুব ভাল হল গোটা শস্যদানা। ওটস, বিভিন্ন বীজ, শস্যদানা এসব অবশ্যই রাখুন ডায়েটে। সেই সঙ্গে বাদাম কিন্তু রাখতে হবে। আমন্ডের মধ্যে থাকে প্রচুর পরিমাণ ভিটামিন ই। সেই সঙ্গে ফেনোলিক অ্যাসিড, অ্যান্টিঅক্সিডেন্ট থাকে। এছাড়াও আছে ফাইবার আর হেলদি ফ্যাট। রেড মিট আর বড় মাছ কোনও ভাবেই নয়। ছোট মাছ খান। চিকেন খান। আর চিকেনের মধ্যে থাকে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড, জিঙ্ক, অ্যালকোহল, কার্বোহাইড্রেট। যা প্রোটিন বিপাকে সাহায্য করে। এছাড়াও ফাইবার বেশি করে খেতে হবে। লেবু জল, গ্রিন টি এবং ডাক্তারের পরামর্শ মত খাবার খান।



## সপ্তাহখানেক আগে আটা মেখে রাখলেও কালো হবে না



রাতে রুটি খান অনেকেই। প্রতি দিনই রুটি বানাতে হয় বলে খাটনি কমাতে অনেকেই একেবারে আটা মেখে রেখে দেন। তাতে সময়ও বাঁচে। পরিশ্রমও কম হয়। আটা মাখা থাকলে খুব বেশি চিন্তাও হয় না। খাওয়ার আগে গরম গরম রুটি সেঁকে নিলেই হল। কিন্তু আটা মেখে রাখলে বেশি দিন ভাল থাকছে কি না, সেটাও দেখা জরুরি। দীর্ঘ দিন কী ভাবে ভাল রাখবেন আটা মাখা?

১) আটা মাখার সময় জলের সঙ্গে অল্প তেল অথবা ঘি মিশিয়ে নিন। আটা বেশ নরমও হবে। আর এ ভাবে মেখে রেখে দিলেও অনেক দিন ভাল থাকবে।

২) আটা মেখে একটা অ্যালুমিনিয়াম ফয়েলে মুড়ে রেখে দিতে পারেন। এতে আটা নরম থাকবে। শক্ত হয়ে যাবে না। এ ছাড়াও প্লাস্টিকের বাক্সেও ভরে রাখতে পারেন। সে ক্ষেত্রে দিনে এক বার কিছু ক্ষণের জন্য বাক্সের ঢাকনা খুলে রাখতে হবে।

৩) আটা মাখার পর মণ্ডটি বায়ুরোধী বাক্সে ভরে ফ্রিজে রেখে দিতে পারেন। দেখবেন কোনও ভাবে যাতে হাওয়া না ঢোকে। এমন ভাবে রাখলে বেশ কিছু দিন ভাল থাকবে।

৪) আটা মেখে রেখে দেওয়ার ক্ষেত্রেও ব্যবহার করতে পারেন জিপলক ব্যাগ। আটা মাখার কিছু ক্ষণ পর মণ্ডটি ব্যাগের মধ্যে রেখে দিন। আবার রুটি করার কিছু ক্ষণ আগে বার করে নিন।

৫) স্যাঁতসেঁতে আবহাওয়ায় আটা মেখে রাখবেন না। তাতে আটা কালো হয়ে যেতে পারে। তার চেয়ে রান্নাঘরেরই শুকনো কোনও জায়গায় বাক্সতে ভরে রেখে দিন।

## সকালে জলখাবারের সঙ্গে কলা সবার জন্য ভালো না



ডায়াবেটিসের রোগীরা সব ধরনের খাবার খেতে পারেন না। খাওয়া-দাওয়ার বিষয়ে বিশেষ সতর্কতা মেনে চলতে হয়। এমনকী সব ধরনের ফলও খেতে পারেন না ডায়াবেটিকরা। তবে, এমন অনেক ফল রয়েছে, যার গ্লাইসেমিক সূচক কম। সেগুলো ডায়াবেটিসের রোগীরা খেতে পারেন। আবার অনেক ফলের মধ্যে ফ্রুক্টোজ রয়েছে, যা এক ধরনের প্রাকৃতিক শর্করা।

সেগুলো এড়িয়ে যেতে হয়। কিন্তু এ বিষয়টি সব ধরনের ফলের ক্ষেত্রে প্রযোজ্য নয়। যেমন, ডায়াবেটিসের রোগীদের কলা খেতে বারণ করা হয়। কিন্তু কলা ডায়াবেটিসের রোগীদের জন্য উপকারী নাকি ক্ষতিকারক, সেটা কি জানেন?

স্বাদে মিষ্টি এবং শর্করা ও কার্বসে পরিপূর্ণ থাকে কলা। বেশিরভাগ ক্ষেত্রে কলা ব্রেকফাস্টে খাওয়া হয়। কিন্তু কলা খেলেই কি রক্তে শর্করার মাত্রা বেড়ে যায়? নাকি ডায়াবেটিসের রোগীদের জন্য উপকৃত কলা? চলুন জেনে নেওয়া যাক।

মাঝারি সাইজের কলার মধ্যে থাকে ৬ গ্রাম স্টার্চ এবং ১৪ গ্রাম শর্করা। কিন্তু কলা গ্লাইসেমিক সূচক অনেক কম। কলার পরিমাণে উচ্চ পরিমাণে কার্বোহাইড্রেটেড রয়েছে। যে সব খাবারে কার্বোহাইড্রেটেড রয়েছে, সেগুলো খেলে চড়চড়িয়ে বেড়ে যায় রক্তে শর্করার মাত্রা। তা সত্ত্বেও সুগার রোগীদের জন্য উপযুক্ত কলা। তার কারণে শর্করা ও কার্বস ছাড়াও কলায় ভরপুর পরিমাণে ফাইবার রয়েছে। এই ফাইবার ডায়াবেটিসের রোগীদের নানা উপায়ে উপকৃত করে। তবে, আপনাকে সীমিত পরিমাণে কলা খেতে হবে।

শর্করা ও কার্বসের পাশাপাশি মাঝারি সাইজের কলার মধ্যে ৩ গ্রাম ফাইবার থেকে। ডায়াবেটিসের রোগীদের জন্য এই ফাইবার উপযুক্ত। এই ফাইবার হজমে সাহায্য করে এবং কার্বস শোষণে সাহায্য করে। কলা খাওয়ার পর আপনার মনে হতে পারে যে, রক্তে শর্করার মাত্রা বেড়ে গিয়েছে। কিন্তু এটা সাময়িক। বরং, কলা খেলে আপনার রক্তে শর্করার নিয়ন্ত্রণে থাকে।

তবে, সুগার রোগীদের সীমিত পরিমাণে কলা খেতে হবে। তাছাড়া কলার সাইজের উপরও নির্ভর করছে আপনার সুগার লেভেল বাড়বে কি না। পুষ্টিবিদদের মতে, মাঝারি সাইজের কলা খেলে রক্তে শর্করার মাত্রা বেড়ে যাওয়ার কোনও ভয় নেই। যত বড় সাইজের কলা খাবেন, তত বেশি শরীরে কার্বসের পরিমাণ বাড়বে, যা সুগার রোগীদের জন্য মোটেই উপযুক্ত নয়।

রক্তে শর্করার মাত্রাকে নিয়ন্ত্রণে রাখার পাশাপাশি কলার আরও গুণ রয়েছে। কলার মধ্যে ফাইবারের পাশাপাশি পটাশিয়াম, ভিটামিন বি৬ ও ভিটামিন সি এবং বেশ কিছু অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে। কলা খেলে রক্তচাপ নিয়ন্ত্রণে থাকে এবং হার্টের স্বাস্থ্য ভাল থাকে। এছাড়া পেট পরিষ্কার করতে ও অন্ত্রের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে কলা। তাই রোজ কলা খেলেও কোনও ক্ষতি নেই।

## আপনি কি জানেন, স্মার্ট ওয়াচ ঠিক কতটা আপনার স্বাস্থ্য-ঝুঁকি বাড়াচ্ছে !



প্রতিদিন নতুন নতুন প্রডাক্ট চালু হচ্ছে যা জীবনকে অনেক সহজ করে তুলছে। ভারতে গত কয়েক বছরে স্মার্টওয়াচের ব্যবহার অনেক বেড়েছে। কাউন্টারপয়েন্ট রিসার্চ রিপোর্ট অনুসারে, জুন ত্রৈমাসিকে প্রথমবারের মতো, ভারত চিনকে পেছনে ফেলে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম স্মার্টওয়াচের বাজারে পরিণত হয়েছে।

গবেষণা সংস্থা কাউন্টারপয়েন্টের তথ্য অনুসারে, জুলাই-সেপ্টেম্বর ২০২২ ত্রৈমাসিকে বিশ্বব্যাপী স্মার্টওয়াচের বাজারে ভারতের অংশ ৩০ শতাংশে উন্নীত হয়েছে, যা উত্তর আমেরিকার ২৫ শতাংশ এবং চিনের ১৬ শতাংশকে ছাড়িয়ে গেছে।

স্মার্টওয়াচ হল একটি ডিজিটাল ঘড়ি যা আপনার কার্যকলাপ এবং স্বাস্থ্য ট্র্যাক করে এবং আপনি সেই ডেটা বিশ্লেষণ করতে পারেন। আজকের সময়ে, লোকেরা ফিটনেসের লক্ষ্যে পৌঁছাতে, ক্যালোরি বার্ন দেখতে, হাঁটার পদক্ষেপগুলি গণনা করতে, ব্লাড প্রেশার পরীক্ষা করতে, ঘুমের গভীরতা পরিমাপ করতে, হৃদস্পন্দন মাপা ইত্যাদির জন্য স্মার্ট ঘড়ি ব্যবহার করছে।

বেশিরভাগ স্মার্টওয়াচে অবশ্যই স্বাস্থ্য সম্পর্কিত কিছু ফিচার্স রয়েছে, যেখান প্রাপ্ত ডেটা একেবারে সঠিক তথ্য ভেবে মানুষ অন্ধভাবে বিশ্বাস করে। এটা করা অনেক সময় স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে। একটি স্মার্টওয়াচ ব্যবহার করা এবং এর ডেটা বিশ্বাস করা কতটা সঠিক? আমরা কি একটি চিকিৎসা যন্ত্র হিসেবে স্মার্টওয়াচ ব্যবহার করতে পারি? আমরা এই বিষয়ে ডাক্তারের সাথে কথা বলেছি এবং জানতে পেরেছি যে স্মার্টওয়াচ থেকে প্রাপ্ত স্বাস্থ্য তথ্যের উপর আস্থা রাখা কতটা সঠিক।




রবিবার আগরতলা কংগ্রেস সদর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়।

# উত্তর ত্রিপুরার কদমতলা বাজারে পোষণ পাখওয়াড়ার উপর বিশেষ সচেতনতামূলক প্রচার



আগরতলা, ২৭ এপ্রিল ২০২৫, পিআইবি।। কৈলাশহরস্থিত সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন এর ফিল্ড অফিস এর উদ্যোগে আজ ২৭ এপ্রিল ২০২৫ তারিখে উত্তর ত্রিপুরার ধর্মনগরের কদমতলা বাজারে পোষণ পাখওয়াড়ার উপর একটি বিশেষ সচেতনতা প্রচারের আয়োজন করা হয়েছে।

এই অনুষ্ঠানটির মূল লক্ষ্য হল ব্যক্তি, পরিবার এবং সম্প্রদায়ের স্তরে আচরণগত পরিবর্তনের মাধ্যমে অপুষ্টির বিরুদ্ধে লড়াই করা। এক্ষেত্রে মূলতঃ চারটি প্রধান ক্ষেত্রের উপর জোর দেওয়া হয়েছে।

এগুলি হল, মানব জীবনের প্রথম ১০০০ দিনের গুরুত্ব বোঝানো, সুবিধাভোগী মডিউলটির জনপ্রিয়তা বৃদ্ধি করা, সিএমএএম মডিউলের মাধ্যমে অপুষ্টির কার্যকর ব্যবস্থাপনা করা এবং স্থূলত্ব মোকাবেলায় স্বাস্থ্যকর জীবনযাত্রার উপর সচেতনতা তৈরি করা।

এই কর্মসূচীর মূল উদ্দেশ্য হল জনসাধারণের মধ্যে পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়া। পোষণ পাখওয়াড়ার উদ্দেশ্য শুধু স্বাস্থ্যকর খাদ্যের প্রচারের জন্য সচেতনতা তৈরি করাই নয়, বরং এটি একটি আন্দোলন যা পুষ্টিকে রূপান্তরিত করার লক্ষ্যে কাজ করে, অর্থাৎ ঐতিহ্যবাহী জ্ঞান এবং আধুনিক প্রযুক্তির সমন্বয় করে সম্প্রদায়ের পুষ্টির উন্নতির জন্য একজন মা, একজন শিশু এবং একই সময়ে একবার খাবার এর বিষয়ে সচেতনতা তৈরি করা।

করিমগঞ্জ'র একটি বেসরকারি নিবন্ধিত দল (পিআরটি) এম/এস সপ্তর্ষি কলা কেন্দ্র মা ও শিশুর পুষ্টি এবং শৈশব স্থূলতা মোকাবিলা ও পুষ্টি প্রচারের উপর গান এবং নাটক পরিবেশন করেছে।

উত্তর ত্রিপুরার কদমতলা গ্রাম পঞ্চায়েতের প্রধান শ্রী বোরু নাথ এবং কদমতলা গ্রাম পঞ্চায়েত এর সচিব, শ্রী সঞ্জিত দাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের মধ্যে ছিল- সাংস্কৃতিক অনুষ্ঠান, গোষ্ঠী আলোচনা, স্বাস্থ্যবান শিশুর অনুষ্ঠান প্রতিযোগিতা ইত্যাদি। প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কৃত করা হয়। দেড় শতাধিক মানুষ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## বীরভূমে দুষ্কৃতীদের গুলিতে মৃত্যু ব্যবসায়ীর

রামপুরহাট, ২৭ এপ্রিল (হি.স.): রবিবার বীরভূমের রামপুরহাটে দিনেদুপুরে দুষ্কৃতীদের গুলিতে মারা গেলেন এক ব্যবসায়ী সুদীপ বাসকি। কী কারণে এই শুটআউট, তদন্ত শুরু করেছে পুলিশ।

জানা গেছে, রবিবার সকালে তিনি এলাকার একটি পেট্রোল পাম্পের সামনে ছিলেন। সেসময় একাধিক দুষ্কৃতী এসে সুদীপকে লক্ষ্য করে এলোপাথাড়ি গুলি চালায় বলে অভিযোগ। গুলিবিদ্ধ অবস্থায় পড়ে থাকতে দেখা যায় ওই ব্যবসায়ীকে। দুষ্কৃতীরা চলে গেলে দ্রুত তাঁকে উদ্ধার করে রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তিনি মারা যান বলে জানা গেছে।

## গরম কমে মিলবে স্বস্তি, দক্ষিণ ও উত্তরবঙ্গে ঝড়-বৃষ্টির পূর্বাভাস

কলকাতা, ২৭ এপ্রিল (হি.স.): অসহ্যকর গরম থেকে আগামী কিছু দিন স্বস্তি পাবে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। আগামী ৩০ এপ্রিল পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে, একইসঙ্গে বইবে দমকা হাওয়াও। ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গেও। দক্ষিণবঙ্গে আগামী চার দিনের মধ্যে তাপমাত্রা কমতে পারে তিন থেকে পাঁচ ডিগ্রি পর্যন্ত। একই ভাবে পারদ নামবে উত্তরবঙ্গেও। রবিবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২.৬ ডিগ্রি কম। আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২৪ ঘণ্টায় বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, নদিয়া এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ঘণ্টায় ৫০-৬০ কিলোমিটার গতিতে দমকা হাওয়া বইবে। এরপর ২৮ তারিখ পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, হুগলি, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুরে ভারী বৃষ্টি হতে পারে। ২৯ এবং ৩০ এপ্রিলও ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আপাতত বৃষ্টি চলবে উত্তরবঙ্গেও।

## কাশ্মীরে ফের জঙ্গি হামলা! এবার সমাজকর্মীকে গুলি করে মারল সন্ত্রাসবাদীরা

শ্রীনগর, ২৭ এপ্রিল (হি.স.): কাশ্মীরে ফের জঙ্গি হামলা! এবার এক সমাজকর্মীকে গুলি করে মারল সন্ত্রাসবাদীরা। পুলিশ সূত্রে খবর, নিহত ওই সমাজকর্মীর নাম গুলাম রসুল মার্গে। বছর পঁয়তাল্লিশের গুলামকে তাঁর বাড়ির কাছেই ঘিরে ধরে কয়েক জন সন্দেহভাজন জঙ্গি। তার পর তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হয়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। শনিবার রাতে ঘটনাটি ঘটেছে কান্দিখাস এলাকায়। পুলিশ জানিয়েছে, বছর পঁয়তাল্লিশের গুলামকে তাঁর বাড়ির কাছেই ঘিরে ধরে কয়েক জন সন্দেহভাজন জঙ্গি। তার পর তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হয়। পেটে এবং হাতে গুলি লাগে গুলামের। গুরুতর জখম অবস্থায় স্থানীয়রা

# ত্রিদেশীয় সিরিজ: শ্রীলঙ্কা বনাম ভারত মহিলা ওয়ানডে ম্যাচ

কলকাতা, ২৭ এপ্রিল (হি.স.) : রবিবার কলম্বোর আর. প্রেমাদাসা স্টেডিয়ামে শ্রীলঙ্কায় ত্রিদেশীয় ওয়ানডে সিরিজের উদ্বোধনী ম্যাচে ভারতীয় মহিলা ক্রিকেট দল শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

জানুয়ারিতে আয়ারল্যান্ডের বিপক্ষে ৩-০ ব্যবধানে ঘরের মাঠে সিরিজ জয়ের পর উইমেন ইন ব্লু ৫০ ওভারের ক্রিকেটে ফিরেছে, অন্যদিকে শ্রীলঙ্কা গত মাসে নিউজিল্যান্ডের বিপক্ষে ১-১ ব্যবধানে ড্র হওয়া সিরিজ থেকে মাঠে নামছে।

২০০০ সালের ডিসেম্বরে প্রথমবারের মতো মহিলাদের একদিনের আন্তর্জাতিক ম্যাচে মুখোমুখি হয়েছিল দুই দেশ। সেই ম্যাচে ভারত শ্রীলঙ্কাকে ১৪১ রানের বিশাল ব্যবধানে হারিয়েছিল। দল দুটি শেষবার ২০২২ সালে মুখোমুখি হয়েছিল, যখন ভারত শ্রীলঙ্কার বিপক্ষে ৩৯ রানের জয় পেয়েছিল।

শ্রীলঙ্কা মহিলা বনাম ভারত মহিলা ওয়ানডে ম্যাচের মুখোমুখি রেকর্ড:

খেলা ম্যাচ: ৩২টি

শ্রীলঙ্কা জয়: ২টি

ভারত জয়:২৯টিকোনও ফলাফল নেই: ১টি

# ইয়োকোহামাকে হারিয়ে এএফসি চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনালে উঠেছে আল নাসর

রিয়াদ, ২৭ এপ্রিল(হি.স.) : শনিবার এএফসি চ্যাম্পিয়নস লিগের খেলায় ইয়োকোহামা এফ. মারিনোসকে ৪-১ গোলে হারিয়ে সেমিফাইনালে গেল আল নাসর। ম্যাচে জোড়া গোল করেছেন আল নাসরের জন ডুরান। রোনাল্ডো ও সাদিও মানে বাকি গোল দুটি করেন। ইয়োকোহামার পক্ষে একটি গোল শোধ করেন কোটা ওয়াতানাবে।

প্রিন্স আব্দুল্লাহ আল ফয়সাল স্টডিয়ামে কোয়াটার ফাইনালের এই ম্যাচে আল নাসরের কাছে পাত্তাই পাইনি ইয়োকোহামা। বলের নিয়ন্ত্রণ থেকে শুরু করে গোলে শট নেয়া সবকিছুতেই এগিয়ে ছিল আল নাসর।

প্রথমার্ধের ২৭ মিনিটে জন ডুরান আল নাসরের হয়ে প্রথম গোলটি করেন। এই গোলের ৪ মিনিট পর গোলের দেখা পান সাদিও মানে। দ্বিতীয় গোলের ৭ মিনিট পর তৃতীয় গোলটি করেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। চলতি এএফসি চ্যাম্পিয়নস লিগে ৭টি ম্যাচ খেলে ৮ গোল করলেন রোনাল্ডো। আর সব মিলিয়ে চলতি মরসুমে ৩৭ ম্যাচে ৩৩ গোল ও ৪টি অ্যাসিস্ট রয়েছে তার। আর কেরিয়ারে পর্তুগিজ তারকার হয়ে গেল ৯৩৪তম গোল। হাজার গোল থেকে আর মাত্র ৬৬টি গোল দূরে তিনি।দ্বিতীয়ার্ধের শুরুতে আবার গোল করেন ডুরান। চ্যাম্পিয়নস ট্রফিতে ৪ ম্যাচে ৪ গোল করলেন তিনি। আর চলতি মরসুমে সব মিলিয়ে ১৪ ম্যাচে ৯ গোল করলেন তিনি। আল নাসরের চতুর্থ গোল হওয়ার ৪ মিনিট পরেই ইয়োকোহামার পক্ষে একটি গোল শোধ করেন কোটা ওয়াতানাবে।

# কাশ্মীরে পর্যটন এখন চ্যালেঞ্জ, স্থানীয়দের পাশে পেয়ে "নিরাপদ" বোধ করছেন অনেকেই

শ্রীনগর, ২৭ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পহেলগামে ভয়াবহ সন্ত্রাসী হামলার পর ভূস্বর্গে রীতিমতো মুখ থুবড়ে পড়েছে পর্যটন। জম্মু ও কাশ্মীরের পরিবর্তে এখন হিমাচল প্রদেশ অথবা অন্য কোনও গন্তব্যকেই বেছে নিচ্ছেন দেশের পর্যটকরা। কাশ্মীরে যেতে "ভয়" পাচ্ছেন বিদেশের পর্যটকরাও। পহেলগামের সন্ত্রাসী হামলাকে অনেকেই ষড়যন্ত্র হিসেবে দেখছেন, এমতাবস্থায় কাশ্মীরে পর্যটনের স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনাই চ্যালেঞ্জ হয়ে উঠেছে।

তবে, শ্রীনগর-সহ কাশ্মীরের বিভিন্ন স্থানে স্থানীয়দের সমর্থনে "নিরাপদ" বোধ করছেন অনেক পর্যটকই। কাশ্মীরের সর্বত্রই এখন নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাঁটো করা হয়েছে। এই সময়ে বেশ কিছু পর্যটক কাশ্মীরে রয়েছেন, তাঁরা স্থানীয় কাশ্মীরিদের থেকে নানা ধরনের সহায়তা পাচ্ছেন। তাতেই নিরাপদ বোধ করছেন পর্যটকরা। অনেক পর্যটকরা বলছেন, আমরা সম্পূর্ণ নিরাপদ বোধ করছি। কোনও সমস্যা নেই। কোনও ভয় নেই। যারা বেড়াতে আসার পরিকল্পনা করছেন তাঁদের আসা উচিত। এদিকে, ভূস্বর্গে সন্ত্রাসের কোমর ভেঙে দিতে বদ্ধপরিকর সুরক্ষা বাহিনী। পহেলগাম হামলার পর থেকেই লাগাতার চলছে জঙ্গি-দমন অভিযান। একের পর এক জঙ্গির বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হচ্ছে। যদিও, বলাই যেতে পারে, পহেলগামে পর্যটকদের উপর জঙ্গি হামলার ঘটনার বড়সড় প্রভাব পড়েছে ভূস্বর্গের পর্যটনশিল্পে।

# হরিয়ানাকে মাদক-মুক্ত করার লক্ষ্য, সাইক্লোথন ২.০-এর সূচনা করলেন মুখ্যমন্ত্রী

সিরসা, ২৭ এপ্রিল (হি.স.): মাদক-মুক্ত হরিয়ানার লক্ষ্যে জোরদার প্রচার অভিযান চালাচ্ছে হরিয়ানা সরকার। এই লক্ষ্যে রবিবার সাইক্লোথন ২.০-এর সূচনা করেছেন মুখ্যমন্ত্রী নয়াব সিং সাইনি।

রবিবার সকালে পতাকা নেড়ে সাইক্লোথন ২.০-এর সূচনা করেছেন মুখ্যমন্ত্রী। এই সাইক্লোথন ২.০-তে বিপুল সংখ্যক মানুষ অংশগ্রহণ করেন।

মুখ্যমন্ত্রী নয়াব সিং সাইনি বলেছেন, 'হরিয়ানার যুবক, বৃদ্ধ, মহিলা এবং প্রতিটি নাগরিক এখন সংকল্প করেছেন, আমাদের মাদকের অপব্যবহার বন্ধ করতে হবে এবং হরিয়ানাকে মাদকমুক্ত হরিয়ানা করতে হবে। এই যাত্রা মাদকের অপব্যবহারের বিরুদ্ধে একটি জনআন্দোলনের রূপ নিয়েছে। আমরা চাই আমাদের হরিয়ানার যুবকরা সুস্থ এবং শক্তিশালী হোক।'

# পহেলগাম হামলার তদন্তে এনআইএ, দায়িত্বভার গ্রহণ জাতীয় তদন্তকারী সংস্থার

নয়াদিল্লি, ২৭ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার তদন্তভার হাতে নিল জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। ইতিমধ্যেই জম্মু ও কাশ্মীর পুলিশকে এই সন্ত্রাসী হামলার তদন্তে সাহায্যে করেছে জাতীয় তদন্তকারী সংস্থা। পহেলগামে জঙ্গি হামলার ঘটনার তদন্তে পশ্চিমবঙ্গে যায় জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। এই আনুষ্ঠানিকভাবে পহেলগাম জঙ্গি হামলার তদন্তভার গ্রহণ করল জাতীয় তদন্তকারী সংস্থা।

উল্লেখ্য, গত ২২ এপ্রিল জম্মু ও কাশ্মীরের পহেলগামের বৈসরন উপত্যকায় পর্যটকদের ওপর হামলা চালায় জঙ্গিরা। ওই জঙ্গি হামলায় মৃত্যু হয়েছে ২৬ জনের, তাঁদের মধ্যে একজন আবার নেপালের নাগরিক। এই জঙ্গি হামলায় আহত হয়েছেন আরও বেশ কয়েক জন। হামলার পরে উপত্যকা জুড়ে তল্লাশি অভিযান শুরু করেছে নিরাপত্তাবাহিনী। কয়েক জনকে আটকও করা হয়েছে। হামলার সঙ্গে জড়িত তিন জনের স্কেচ প্রকাশ করেছে জম্মু ও কাশ্মীর পুলিশ। এবার এই হামলার তদন্তভার হাতে নিল জাতীয় তদন্তকারী সংস্থা।

## জনগণের ধৈর্য্যের পরীক্ষা নিও না, কেন্দ্রের কাছে আর্জি কল্যাণের

কলকাতা, ২৭ এপ্রিল (হি.স.): আনুষ্ঠানিকভাবে পহেলগামে সন্ত্রাসী হামলার তদন্তভার গ্রহণ করল জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। এ বিষয়ে রবিবার মুখ খুললেন তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। এদিন কল্যাণ বলেছেন, 'কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নেবে কাদের বিরুদ্ধে তদন্ত করা হবে, এনআইএ তদন্ত করবে নাকি অন্য কোনও কর্তৃপক্ষ তদন্ত করবে। এটা তাদের ব্যাপার। তদন্ত তাদেরই করতে দিন। তারা বলেছিল চার-পাঁচ দিন হয়ে গেছে। সময় নষ্ট হয়েছে। মানুষ ধৈর্য্য ধরে রেখেছে। ভারতীয় জনগণের ধৈর্য্য পরীক্ষা করবেন না।'

## খাবারে বিষক্রিয়ায় মৃত্যু এক শিশুর, গুরুতর আহত ১৭

মুম্বই, ২৭ এপ্রিল (হি. স.) : মুম্বইয়ের সংভাজীনগরের অম্বালা-ঠাকুরওয়াড়ি এলাকায় একটি গণবিবাহ অনুষ্ঠানে খাবারে বিষক্রিয়ার জেরে এক শিশুর মৃত্যু হয়েছে এবং ১৭ জনের অবস্থা গুরুতর। তাদের সকলকে হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

শনিবার একটি গণবিবাহ অনুষ্ঠানে খাবার খাওয়ার পরই অনেকের বমি এবং পেটের সমস্যা দেখা দেয়। ৮ বছরের সুরেশ মাধে নামে এক শিশুর মৃত্যু হয়েছে, অন্যদের অবস্থা গুরুতর।

## দিঘায় বুধে উদ্বোধন জগন্নাথ মন্দিরের, সেজে উঠছে আলোকমালায়

দিঘা, ২৭ এপ্রিল (হি.স.): আগামী বুধবার, অক্ষয় তৃতীয়ার দিন দিঘায় উদ্বোধন হবে জগন্নাথ মন্দিরের। সেই মন্দির উদ্বোধনকে কেন্দ্র করে সৈকতনগরীতে এখন সাজো সাজো রব। সোমবার কলকাতা থেকে দিঘায় এসে হাজির হবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-সহ রাজ্যের বেশ কিছু মন্ত্রী থেকে শুরু করে প্রশাসনের শীর্ষ কর্তারা।

তার আগেই সমুদ্র নগরীকে জগন্নাথের থিম ভাবনায় কাজে লাগিয়ে আলোকসজ্জায় সাজিয়ে তোলা হয়েছে। দিঘা শহর জুড়ে লাগানো হয়েছে মোট আটটি বড় ধরনের আলোর গেট। সেই আলোকসজ্জায় স্থান পেয়েছে দিঘার জগন্নাথ মন্দিরের আদল। দিঘার রাস্তাঘাট তথা মন্দির প্রাঙ্গণের পাশাপাশি আলোকমালায় সাজানো হয়েছে দিঘার সমুদ্রসৈকত।

## শুভেন্দুকে কটাক্ষ কুণালের, মমতা প্রসঙ্গে মন্তব্যের জন্য বিঁধলেনও

কলকাতা, ২৭ এপ্রিল (হি.স.): বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে কটাক্ষ করলেন তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ। তৃণমূল কংগ্রেস নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রসঙ্গে মন্তব্যের জন্য বিঁধলেনও কুণাল। মমতাকে ভুয়ো হিন্দু আখ্যা দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এ প্রসঙ্গে রবিবার কুণাল ঘোষ বলেছেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় একজন ব্রাহ্মণ হিন্দু পরিবারের সন্তান এবং তিনি ধর্মনিরপেক্ষ, তিনি অন্যান্য ধর্মকে সম্মান করেন। শুভেন্দু অধিকারী, তার বাবা এবং তার ভাই এত দিন মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে ছিলেন। শুভেন্দু অধিকারী তৃণমূল কংগ্রেসের একজন বিধায়ক, এমপি এবং মন্ত্রী ছিলেন, কিন্তু তিনি তখন এই সব নিয়ে ভাবেননি?'

## ৩৯তম দার্জিলিং জেলা দাবা চ্যাম্পিয়নশিপ: শিলিগুড়িতে জমজমাট প্রতিযোগিতা

শিলিগুড়ি, ২৭ এপ্রিল (হি.স.) : রবিবার শিলিগুড়ির ফুলবাড়ি দিল্লি পাবলিক স্কুলে আয়োজিত হয় ৩৯তম দার্জিলিং জেলা দাবা চ্যাম্পিয়নশিপ। দার্জিলিং জেলা দাবা অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় জেলার বিভিন্ন অংশ থেকে শতাধিক খেলোয়াড় অংশ নেয়। প্রতিযোগিতায় বিজয়ীদের মিলবে নগদ পুরস্কার, ট্রফি ও সার্টিফিকেট। বিজয়ীরা ভবিষ্যতে রাজ্য স্তরের দাবা প্রতিযোগিতায় দার্জিলিং জেলার প্রতিনিধিত্ব করবেন বলেও জানা গেছে।

## আগামী কিছু দিন শুষ্কই থাকবে কাশ্মীর, জম্মুতে বাড়বে অস্বস্তিকর গরম

শ্রীনগর, ২৭ এপ্রিল (হি.স.): আগামী কিছু দিন মূলত শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া। ৩০ এপ্রিল পর্যন্ত কোথাও বৃষ্টির সম্ভাবনা নেই, জম্মুর সমতলে বাড়বে গরমের দাপট। কাশ্মীরের আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ৩০ এপ্রিল পর্যন্ত মূলত শুষ্ক আবহাওয়া থাকবে জম্মু বিভাগে। জম্মুর সমতলে তাপপ্রবাহের মতো পরিস্থিতি তৈরি হবে। জম্মু ও কাশ্মীরের সর্বত্রই বাড়বে তাপমাত্রা। আগামী ১ মে পর্যন্ত তাপমাত্রার বিশেষ কোনও পরিবর্তন হবে না। ২-৩ মে বিভিন্ন স্থানে হালকা বৃষ্টি হতে পারে। জম্মু বিভাগের বেশ কিছু স্থানে, বিশেষ করে সমতলে তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে।

# গরমে কাহিল দিল্লি, তাপের দাপটে দুর্বিষহ অবস্থা উত্তর-পশ্চিম ভারতে

নয়াদিল্লি, ২৭ এপ্রিল (হি.স.): মাত্রাতিরিক্ত গরমে কাহিল হয়ে পড়েছে রাজধানী দিল্লি। জাতীয় রাজধানীর পাশাপাশি পশ্চিম মধ্যপ্রদেশ, পশ্চিম রাজস্থান, পঞ্জাব, হরিয়ানা, ও পূর্ব রাজস্থানেও অস্বস্তিকর গরম। আগামী ২৯ এপ্রিল পর্যন্ত এমনই গরম থাকবে। ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দুই থেকে তিন দিন উত্তর-পশ্চিম ভারতে তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে।

আইএমডি জানিয়েছে, পশ্চিম মধ্যপ্রদেশ, পশ্চিম রাজস্থান, পঞ্জাব, হরিয়ানা, দিল্লি ও পূর্ব রাজস্থানে ২৯ এপ্রিল পর্যন্ত তাপপ্রবাহের পরিস্থিতি অব্যাহত থাকবে। একইসঙ্গে ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরার বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

## বাজে কথা বলা পাকিস্তানের পুরানো অভ্যাস : দিলীপ ঘোষ

কলকাতা, ২৭ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পহেলগামে পর্যটকদের উপর জঙ্গি হামলার ঘটনার পর পাকিস্তানের সঙ্গে স্বাক্ষরিত সিন্ধু জলবণ্টন চুক্তি স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে ভারত। এরই প্রেক্ষিতে বিতর্কিত মন্তব্য করেছেন পাকিস্তানের শাসক জোটের সহযোগী পাকিস্তান পিপল্স পার্টি (পিপিপি)-র নেতা বিলাবল ভুট্টো জারদারি। তিনি বলেন, "সিন্ধু আমাদের। হয় সিন্ধু নদ দিয়ে আমাদের প্রাপ্য জল আসবে, নয়তো সিন্ধু দিয়ে ওদের (ভারতীয়) রক্ত বইবে।"

বিলাবল ভুট্টো জারদারির এই মন্তব্যের তীব্র সমালোচনা করে বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেছেন, বাজে কথা বলা পাকিস্তানের পুরানো অভ্যাস। রবিবার সকালে কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপ ঘোষ বলেছেন, 'পাকিস্তানে রক্ত বইছে। কখনও আল কায়েদা হত্যা করছে, কখনও আফগানিস্তান হত্যা করছে এবং আমরাও হত্যা করতে পারি, আমরা তাদের ছোট ছোট নমুনা দিয়েছি মাত্র। তারা এখনও শিশু, এই ধরনের বাজে কথা বলা পাকিস্তানের পুরনো অভ্যাস। এতে কোনও পার্থক্য হবে না।'

## ফের সংঘর্ষ-বিরতি লঙ্ঘন পাকিস্তানের, প্রত্যাঘাত ভারতেরও

জম্মু, ২৭ এপ্রিল (হি.স.): বিনা প্ররোচনায় সংঘর্ষ-বিরতি লঙ্ঘন করে আবারও গুলি চালাল পাকিস্তান। শনিবার মধ্যরাতে জম্মু ও কাশ্মীরে নিয়ন্ত্রণরেখা বরাবর ভারতীয় সেনাঘাঁটি লক্ষ্য করে হামলা চালায় পাকিস্তানি সেনা। পাল্টা জবাব দিয়েছে ভারতও। ভারতীয় সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার মধ্যরাতে (২৬-২৭ এপ্রিল রাতে) তুতমারি গালি এবং রামপুর সেক্টরের বিপরীতে নিয়ন্ত্রণ রেখা বরাবর বিনা উস্কানিতে গুলিবর্ষণ শুরু করে পাকিস্তানি রেঞ্জার্স। ভারতীয় সেনাবাহিনীও যথাযথ জবাব ফিরিয়ে দিয়েছে। কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

উল্লেখ্য, জম্মু ও কাশ্মীরের পহেলগামে জঙ্গি হামলার পরই ভারত ও পাকিস্তানের মধ্যে সম্পর্ক আরও তলানিতে নেমেছে। কূটনৈতিক সম্পর্কও ছিন্ন করেছে দিল্লি এবং ইসলামাবাদ। এই আবহে পাকিস্তানের দিকে সামরিক তৎপরতা বৃদ্ধির খবর আসছে। প্রস্তুত রয়েছে ভারতও। এই আবহে আবারও সংঘর্ষ-বিরতি লঙ্ঘন করল পাকিস্তান, এই নিয়ে টাটা তিনদিন।

## সন্ত্রাসের বিরুদ্ধে পদক্ষেপ জারি, কাশ্মীরে ভেঙে দেওয়া হল আরও দুই জঙ্গির বাড়ি

শ্রীনগর, ২৭ এপ্রিল (হি.স.): আরও দুই জঙ্গির বাড়ি বিস্ফোরণে উড়িয়ে দেওয়া হল জম্মু ও কাশ্মীরে। শোপিয়ানের জাইনাপোরার ওয়ান্দিনায় সক্রিয় জঙ্গি আদনান সোফির বাড়ি ভেঙেগুঁড়িয়ে দেওয়া হয়েছে। আদনান এক বছর আগেই সন্ত্রাসী সংগঠনে যোগ দিয়েছিল। আবার জম্মু ও কাশ্মীরের বান্দিপোরা জেলার চোটিপোরায় আরও এক সন্ত্রাসীর বাড়ি ভেঙে দেওয়া হয়েছে।

পহেলগামে জঙ্গি হামলার পর কাশ্মীর জুড়ে ব্যাপক তল্লাশি অভিযান চালাচ্ছে সেনাবাহিনী এবং জম্মু ও কাশ্মীর পুলিশ। গত ৪৮ ঘণ্টাতেই অন্তত ছয় জঙ্গির বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছিল। অনন্তনাগ, পুলওয়ামা, সোপিয়ান, কুলগাম নানা জায়গায় জঙ্গিদের বাড়ি ভাঙার কাজ শুরু করেছে নিরাপত্তাবাহিনী। এবার আরও দুই জঙ্গির বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হল।

## ১৬,৯৪২ জনকে

● আটের পাতার পর

অর্থ বছরে ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রজেক্টের অধীনে বেসরকারি ক্ষেত্রে চাকরি প্রত্যাশীদের মধ্যে ৩০৫ জনকে নিযুক্তি দেওয়া হয়েছে। ভারত সরকারের মিনিস্ট্রি অফ স্ট্যাটিসটিক্স এন্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন এন্ড পিরিয়ডিক লেবার সার্ভে অনুযায়ী ২০১৮-১৯ সালে আমাদের রাজ্যে বেকারত্বের হার জাতীয় গড়ের তুলনায় অনেক বেশি ছিল। ১৮-১৯ এ জাতীয় গড় যেখানে ৫.৮ু ছিল, সেখানে রাজ্যের গড় ছিল ১০ু। আর ২০২৩-২৪ অর্থবর্ষে রাজ্যের গড় ১.৭ু এবং জাতীয় গড় ৩.২ু। যদিও বিরোধীরা রাজ্যে বেকারত্ব নিয়ে কোন তথ্য না জেনে নানা কথা বলেন ও মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ল্যাম্পস, প্যাক্স ইত্যাদি সমবায়ের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এখন পর্যন্ত প্রায় ৯ লক্ষ মানুষ যুক্ত হয়েছেন ও সুফল পাচ্ছেন। টিআরএলএম এর মাধ্যমে ৫৩,৬২৩টি স্ব সহায়ক দল আছে। যেখানে মোট সদস্য সংখ্যা ৪ লক্ষ ৮৪ হাজার। ত্রিপুরা আরবান লাইভলিহুড মিশন এ ৫, ৯৪১টি স্ব সহায়ক দলে ৬৩,৭৪৩ জন মহিলা যুক্ত রয়েছেন। রাজ্যে বর্তমানে লাখপতি দিদির সংখ্যা ৯১,৮৭১ জন। স্ব সহায়ক দলের মহিলাদের সরকারের মাধ্যমে এখন পর্যন্ত ৭৪৬ কোটি ৮০ লক্ষ টাকা রিভলভিং ফান্ডের ব্যবস্থা করা হয়েছে। যেখানে ২০১৭-১৮ সালে মাত্র ৩২ কোটি ৬৭ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এই সরকারের সময়ে ৭১৪ কোটি ১৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা আরো বলেন, সরকারি কর্মচারীদের দক্ষতা ও টেকনিক্যালি অভিজ্ঞতা বৃদ্ধির জন্য বিশেষভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করেছে সরকার। সরকারের নীতি, নির্দেশিকা ও জনকল্যাণে থাকা স্কিমগুলি বাস্তবায়নে সততার সঙ্গে কাজ করতে হবে সরকারি কর্মচারীদের। সরকারের লক্ষ্য দুর্নীতিমুক্ত প্রশাসন, স্বচ্ছতার সঙ্গে ও সময়ের মধ্যে কাজ সম্পাদন করা। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক কিশোর বর্মন, মুখ্যসচিব জিতেন্দ্র কুমার সিনহা, অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায় সহ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

হত্যা করেছিল। প্রধানমন্ত্রী মোদি কীভাবে মহাকাশ বিজ্ঞানের উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে সেটাও মন কি বাত এ তুলে ধরেছেন। ডাঃ সাহা বলেছেন, ২০১৪ সালের আগে দেশ কি অবস্থায় ছিল সেটা বুঝতে হবে সকলকে। সংসদে আক্রমনের ঘটনা আমরা সবাই জানি। মুম্বাই হামলা, উত্তর পূর্বাঞ্চলে সন্ত্রাসবাদ সম্পর্কে অবগত আছেন সকলে। কিন্তু ২০১৪ সালের পর পরিস্থিতি পরিবর্তন হয়েছে। অ্যাক্ট ইস্ট পলিসির কারণে প্রধানমন্ত্রী আমাদের হিরা মডেল দিয়েছেন। এখন দেশে স্থিতিশীল পরিবেশ রয়েছে। প্রধানমন্ত্রী মোদি সর্বদা অজানা তথ্যগুলি বিষয়ে তুলে ধরেন, যা আমরা কখনই জানতাম না। আর প্রযুক্তির উন্নয়নের ফলে আমরা এখন অনেককিছু জানতে পারি। প্রধানমন্ত্রী 'মন কি বাত' এর মাধ্যমে জনগণের সাথে যোগসূত্র রাখার চেষ্টা করেন।

এর পাশাপাশি এদিন প্রকৃতি মায়ের প্রতি সম্মান জানিয়ে "এক পেড় মা কে নাম" অভিযানের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা কামালঘাট স্কুলে বামুটিয়া বিধানসভা কেন্দ্রের ১৭ নং বুথের সদস্যদের নিয়ে একটি পদ্মের চারা রোপণ করেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন :** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম :** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## ওরা যে ভাষা বোঝে, এটা সেই ভাষায় জবাব দেওয়ার সময়, পাকিস্তানকে হুঁশিয়ারি অভিষেক ব্যানার্জির

কলকাতা, ২৭ এপ্রিল (হি.স.): পহেলগাম আবহে পাকিস্তানকে উচিত শিক্ষা দিতে আর সার্জিক্যাল স্ট্রাইক নয়! এবার সরাসরি পাক অধিকৃত কাশ্মীর পুনর্দখলের ডাক দিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি।

অভিষেক জানান, গত কিছুদিন ধরে আমি একাধিক বৈদ্যুতিন সংবাদমাধ্যম ও কেন্দ্রের পদক্ষেপের দিকে নজর রাখছিলাম। এটা আর শুধু সার্জিক্যাল স্ট্রাইক বা প্রতীকী পদক্ষেপের সময় নয়। ওরা যে ভাষা বোঝে, এটা সেই ভাষায় জবাব দেওয়ার সময়। পাক অধিকৃত কাশ্মীর পুনর্দখল করা হোক।

## অটো এবং ট্রাক্টরের সংঘর্ষে নিহত এক, গুরুতর আহত আরও ১০ জন

সতনা, ২৭ এপ্রিল (হি.স.) : মধ্যপ্রদেশের সতনা জেলায় অটো এবং ট্রাক্টরের সংঘর্ষে মর্মান্তিক পথ দুর্ঘটনা ঘটে। আমরপাটান রোডে ইটমা গ্রামে শনিবার রাত দুর্ঘটনাটি ঘটে। অটো ও ট্রাক্টরের মধ্যে সংঘর্ষে এক ব্যক্তি নিহত হন এবং ১০ জনেরও বেশি আহত হন। আহতদের সকলকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অটোতে থাকা লোকজন মঙ্গরোরা এলাকার বাসিন্দা ছিলেন, যারা একটি অনুষ্ঠানে যাচ্ছিলেন। দুর্ঘটনায় মঙ্গরোরা গ্রামের বড়কু চৌধুরীর মৃত্যু হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## তিরুবনন্তপুরম বিমানবন্দরে বোমাতঙ্ক বাড়ানো হল নিরাপত্তা

তিরুবনন্তপুরম, ২৭ এপ্রিল (হি.স.): বোমার হুমকি পেল কেরলের তিরুবনন্তপুরম আন্তর্জাতিক বিমানবন্দর। রবিবার ই-মেলের মাধ্যমে বোমার হুমকি পায় বিমানবন্দর কর্তৃপক্ষ। খবর দেওয়া হয় বম্ব ডিস্পোজাল স্কোয়াডে। বোমা নিষ্ক্রিয়কারী দল টার্মিনালগুলি পরীক্ষা করে দেখে। বিমানবন্দরে নিরাপত্তাও জোরদার করা হয়।

তিরুবনন্তপুরম বিমানবন্দরের পিআরও জানিয়েছেন, রবিবার ই-মেলের মাধ্যমে বোমার হুমকি পায় বিমানবন্দর কর্তৃপক্ষ। এরপর বিমানবন্দরে নিরাপত্তা জোরদার করা হয়।

## উত্তর প্রদেশে মাঠে মিলল বৃদ্ধের মৃতদেহ রহস্যজনক মৃত্যু

ফিরোজাবাদ, ২৭ এপ্রিল (হি. স.) : উত্তর প্রদেশের ফিরোজাবাদ জেলাতে মাঠে মিলল বৃদ্ধের মৃত দেহ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নিহত হেতরাম (৬০) স্থানীয় কৃষক রামবীর যাদবের জমির পাহারাদার হিসেবে কাজ করতেন। শনিবার রাতে তিনি মাঠে যান কিন্তু রবিবার সকালে তার স্ত্রী তাকে খুঁজে না পেয়ে মাঠে গিয়ে মৃতদেহ দেখতে পান। তার পাশে টর্চ এবং জলের গ্লাস পড়ে ছিল। পুলিশ মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## পহেলগামে হামলা মানবতার জন্য লজ্জাজনক : রবিন্দর রায়না

বদগাম, ২৭ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা করলেন বিজেপি নেতা রবিন্দর রায়না। তাঁর মতে, পহেলগামে হামলা মানবতার জন্য লজ্জাজনক। রবিবার জম্মু ও কাশ্মীরের বদগামে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রবিন্দর রায়না বলেছেন, 'পহেলগামে হামলা মানবতার জন্য লজ্জাজনক, এই হামলায় কাশ্মীরের এক যুবক আদিল হুসেন শাহও মারা গিয়েছেন। নিরীহ মানুষের হত্যা করা বড় অপরাধ। যারা এই পাপ করেছে তাদের চরম মূল্য চোকাতে হবে। গত ৩৫-৪০ বছরে, পাকিস্তানি সন্ত্রাসীরা কাশ্মীরকে ধ্বংস করে দিয়েছে। সেই কারণেই প্রধানমন্ত্রী মোদী বলেছেন, পহেলগামের দোষীদের কোনও অবস্থাতেই ছাড় দেওয়া হবে না।'

## মধ্যপ্রদেশে চলন্ত বাসে আগুন, অল্পের জন্য রক্ষা পেল যাত্রীরা

শাজাপুর, ২৭এপ্রিল (হি.স.) : মধ্যপ্রদেশের শাজাপুর জেলাতে এক পথ দুর্ঘটনা ঘটে। জানা গিয়েছে, আগ্রা-মুম্বই জাতীয় সড়কের ওপর রবিবার দুপুরে একটি যাত্রিবাহী বাসে হঠাৎ করে আগুন লেগে যায়। বাসের যাত্রীরা খাবার খাওয়ার জন্য একটি হোটেলে নেমেছিলেন, কিন্তু এক যাত্রী বাসেই ঘুমিয়ে ছিলেন। তখন হঠাৎই বাসে আগুন লাগে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এক যাত্রী সামান্য আহত হলেও বাকিরা অক্ষত থাকেন। দমকল বাহিনী ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। বাস ও যাত্রীদের জিনিস-পত্র সম্পূর্ণ পুড়ে যায়। আগুনের সূত্রপাত বাসের বৈদ্যুতিক তারের ত্রুটির কারণে বলে জানা গেছে।

## পহেলগাম হামলার প্রতিবাদে লালচকে বিক্ষোভ নিন্দায় মুখর স্থানীয়রা

শ্রীনগর, ২৭ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসবাদী হামলার প্রতিবাদে শ্রীনগরের লালচকের ঘণ্টা ঘরে বিক্ষোভ প্রদর্শন করলেন স্থানীয়রা। রবিবার শ্রীনগরের লাল চক-এর ঘণ্টা ঘরে ব্যবসায়ী, এনজিও এবং ছাত্ররা বিক্ষোভ প্রদর্শন করেছেন। সন্ত্রাসী হামলার নিন্দায় মুখ হয়েছেন সকলেই।ইমরান খান নামে একজন বলেন, 'আমরা পহেলগামে ঘটে যাওয়া ঘটনার নিন্দা জানাই। আমরা নিশ্চিত, নিহতরা ন্যায়বিচার পাবেন। "মন কি বাত" অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, শীঘ্রই প্রতিশোধ নেওয়া হবে। এটি আমাদের কাশ্মীর এবং এখানে পর্যটন আবারও বৃদ্ধি পাবে।'

## দিল্লির গ্রামীণ এলাকার জন্য নিরন্তর কাজ করা হচ্ছে : রেখা গুপ্তা

নয়াদিল্লি, ২৭ এপ্রিল (হি.স.): রাজধানী দিল্লির বাওয়ানায় রবিবার গ্রামীণ গোশালায় "গৌ সেবা" করছেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। পাশাপাশি দিল্লির গ্রামীণ এলাকার উন্নয়নের আশ্বাস দিয়েছেন। মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা বলেছেন, দিল্লির গ্রামীণ এলাকার জন্য নিরন্তর কাজ করা হচ্ছে। মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা বলেছেন, 'সরকার দিল্লির গ্রামীণ এলাকার জন্য নিরন্তর কাজ করে যাচ্ছে। আমরা আমাদের তহবিলে ১২০০ কোটি টাকা রেখেছি, বিশেষ করে দিল্লির গ্রামীণ এলাকার উন্নয়নের জন্য। এখানকার উন্নয়নের জন্য কাজ করা হচ্ছে, আমরা ১১০টি গ্রামকে আইজিএল পাইপলাইনের সাথে সংযুক্ত করেছি।'

## ভিলওয়ারায় কার্ডবোর্ডের ফ্যাক্টরিতে ভয়াবহ আগুন, ক্ষয়ক্ষতি প্রচুর

ভিলওয়ারা, ২৭ এপ্রিল (হি.স.): রাজস্থানের ভিলওয়ারায় ভয়াবহ আগুন লাগল একটি কার্ডবোর্ডের ফ্যাক্টরিতে। রবিবার ভোরে ওই কার্ডবোর্ডের ফ্যাক্টরিতে ভয়াবহ আগুন লাগে। বিধ্বংসী অগ্নিকাণ্ডে প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। পুলিশ ও দমকল জানিয়েছে, রবিবার ভোর ৫টা নাগাদ পালদির একটি কার্ডবোর্ড কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে, যার ফলে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। ধারণা করা হচ্ছে, অজানা কারণে এই আগুন লেগেছে। চারটি দমকলের ইঞ্জিন বর্তমানে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে। কর্তৃপক্ষ উল্লেখযোগ্য আর্থিক ক্ষতির আশঙ্কা করছে। গোটা এলাকা কালো ধোঁয়ায় ঢেকে গিয়েছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।

## প্রয়াগরাজে ডিরেক্টরেট অফ এডুকেশন অফিসে আগুন হতাহতের খবর নেই

প্রয়াগরাজ, ২৭ এপ্রিল (হি.স.): উত্তর প্রদেশের প্রয়াগরাজে আগুন লাগল ডিরেক্টরেট অফ এডুকেশন অফিসে। রবিবার সকালে ডিরেক্টরেট অফ এডুকেশন অফিসে আগুন লাগে। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছয় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন। দমকল কর্মীদের অনেক প্রয়াসের পর আগুন নিয়ন্ত্রণে এসেছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।

পুলিশ ও দমকল সূত্রের খবর, রবিবার সকালে প্রয়াগরাজের সরোজিনী নাইডু মার্গে অবস্থিত ডিরেক্টরেট অফ এডুকেশন অফিসে আগুন লাগে। দমকল আধিকারিক আর কে চৌরাশিয়া বলেছেন, সকাল ৮টা নাগাদ আমরা আগুন লাগার খবর পাই। জানানো হয়, ডিরেক্টরেট অফ এডুকেশন অফিসে আগুন লেগেছে। একটি ঘরে বিধ্বংসী আগুন লাগে। অন্যত্র আগুন যাতে ছড়িয়ে না পড়ে, আমরা সেই চেষ্টাই করেছি। আগুন নিয়ন্ত্রণে এসেছে। কেউ হতাহত হননি। তদন্তের পরই জানা যাবে আগুন লাগার কারণ।

## বিতস্তার জল ছাড়ল ভারত ! পাক অধিকৃত কাশ্মীরে বন্যা পরিস্থিতি

শ্রীনগর, ২৭ এপ্রিল (হি.স.): ভারত আচমকা বিতস্তা নদীর জল ছাড়ায় পাকিস্তানের একাংশে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। পাক অধিকৃত কাশ্মীরের বিস্তীর্ণ অংশ জলমগ্ন। সেখানে জরুরি অবস্থা জারি করেছে স্থানীয় প্রশাসন। সাধারণ মানুষকে নদীর ধার থেকে নিরাপদ দূরত্বে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

কিছু দিন আগেই সিন্ধু চুক্তি স্থগিত করার কথা জানিয়েছে ভারত। জম্মু ও কাশ্মীরের পহেলগামে পর্যটকদের উপর জঙ্গি হামলার ঘটনার পর পাকিস্তানের বিরুদ্ধে এই পদক্ষেপ করা হয়েছে। এই পরিস্থিতিতে বিতস্তা নদীর জল ছাড়ল ভারত।

## স্করপিও ও বাইকের সংঘর্ষ প্রাণ হারালেন ৩ জন

কাইমুর, ২৭ এপ্রিল (হি.স.): বিহারের কাইমুরে স্করপিও গাড়ি ও মোটরবাইকের সংঘর্ষে প্রাণ হারালেন ৩ জন। এই দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন একজন। দুর্ঘটনার পরই পালিয়ে যায় স্করপিও গাড়ির চালক। পুলিশ দেহগুলি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে এবং তদন্ত শুরু হয়েছে। রবিবার দুর্ঘটনাটি ঘটেছে ভাবুয়া-মোহানিয়া সড়কের ওপর পারসিয়া গ্রামের কাছে।

স্টেশন হাউস অফিসার মুকেশ কুমার বলেছেন, রবিবার একটি স্করপিও গাড়ি ও বাইকের সংঘর্ষ হয়। এই দুর্ঘটনায় ৩ জনের মৃত্যু হয়েছে ও একজন আহত হয়েছেন। এই দুর্ঘটনার পর স্থানীয় মানুষজন ক্ষোভে ফেটে পড়েন। পুলিশ পরিস্থিতি সামাল দেয়।

## আড়াই লক্ষ টাকার মাদক সহ গ্রেফতার ৩ জন

রাজগড়, ২৭ এপ্রিল (হি.স.) : মধ্যপ্রদেশের রাজগড় জেলাতে পুলিশ রবিবার ভোরে মাদক বিরোধী অভিযান চালায়। জানা গিয়েছে, রাজগড়ের হাসপাতাল রোডের কাছে এলাকা থেকে ৩ জনকে আটক করে পুলিশ। ধৃতদের কাছ থেকে ২৫.৩৪ গ্রাম মাদক উদ্ধার হয়েছে, যার বাজার মূল্য প্রায় আড়াই লক্ষ টাকা। পুলিশ তদন্ত শুরু করেছে।

## বিহারে অপহৃত ৩ বছরের শিশু উদ্ধার, গ্রেফতার পাচারকারী

পূর্ব চম্পারণ, ২৭ এপ্রিল (হি.স.) : বিহারের পূর্ব চম্পারণের অপহৃত ৩ বছরের শিশুকে উদ্ধার করল পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ১৫ এপ্রিল শিশুটি নিখোঁজের পর তদন্ত শুরু হয়। সিসিটিভি ফুটেজ দেখে তদন্তে গতি আনে পুলিশ। শনিবার এক অভিযুক্তকে গ্রেফতার করে তার দেওয়া তথ্যের ভিত্তিতে সীতামঢ়ি জেলার বেলসন্ড এলাকা থেকে শিশুটিকে উদ্ধার করে। ধৃত স্বীকার করেছে, ছোট শিশুদের অপহরণ করে বিক্রি করত।

## অক্ষয় তৃতীয়া উপলক্ষে বান্দ্রা-ভাবনগরের মধ্যে বিশেষ ট্রেন চালু হবে

মুম্বই, ২৭ এপ্রিল (হি.স.) : অক্ষয় তৃতীয়া উপলক্ষে যাত্রীদের সুবিধার জন্য পশ্চিম রেলওয়ে বান্দ্রা টার্মিনাস ও ভাবনগর টার্মিনাসের মধ্যে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ট্রেন নম্বর ০৯০১৩ বান্দ্রা টার্মিনাস থেকে ২৯ এপ্রিল সন্ধ্যা ৭:২৫টায় ছাড়বে এবং ৩০ এপ্রিল সকাল ৯:০০টায় ভাবনগরে পৌঁছাবে। ট্রেন নম্বর ০৯০১৪ ভাবনগর থেকে ৩০ এপ্রিল সন্ধ্যা ৫:৪৫টায় ছেড়ে পয়লা মে সকাল ৭:২৫টায় বান্দ্রায় পৌঁছাবে। উভয় দিকেই ট্রেনটি বোড়িবলি, পালঘর, সুরত, আহমেদাবাদ-সহ বিভিন্ন স্টেশনে থামবে। ট্রেনে থাকবে এসি থ্রি-টায়ার ও এসি চেয়ারকার।

## বৃদ্ধ দম্পতির রহস্যজনক মৃত্যু

লাতেহার, ২৭ এপ্রিল (হি.স.) : ঝাড়খণ্ডের লাতেহার জেলাতে বৃদ্ধ দম্পতির রহস্যজনক মৃত্যু। ঘটননাটি ঘটে হেসলা গ্রামে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতদের নাম প্রসাধী সাও (৭২) ও তার স্ত্রী কর্মী দেবী (৬৫)। শনিবার রাতে খাবার খেয়ে উভয়ই ঘুমিয়ে পড়েন। রবিবার সকালে ছেলে বাড়িতে গিয়ে দুজনের মৃতদেহ দেখতে পায়। মৃতদেহ দুটি হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসক তাঁদের মৃত ঘোষণা করেন। পুলিশ মৃতদেহ দুটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## টেট পরীক্ষা

● প্রথম পাতার পর

পূর্বেই নির্ধারিত সময়সূচী অনুযায়ী পরীক্ষার্থীরা নির্ধারিত সময় সকাল ১০টার মধ্যে পরীক্ষাকেন্দ্রে পৌঁছে যান। যদিও কয়েকটি স্থানে কিছু পরীক্ষার্থী নির্ধারিত সময়ের পরে পৌঁছালেও, তাদের পরীক্ষা গ্রহণ করা হয়নি।

এদিন কমলপুরের তিনটি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সুশৃঙ্খলভাবে টেট-টু পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থীরা গাইডলাইন মেনে সকাল ১১টার মধ্যে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করেন। কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেবজিৎ রায় জানান, 'এখানে ২০৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছেন এবং নিরাপত্তা ব্যবস্থা অত্যন্ত ভালো ছিল।' পি এম শ্রী কৃষ্ণ চন্দ্র বালিকা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুফুল শুক্লবৈদ্য জানান, 'আমাদের বিদ্যালয়ে ২৮৬ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন এবং নিরাপত্তা ব্যবস্থা কঠোরভাবে পালন করা হয়েছে।'

ঊনকোটি জেলার পাঁচটি কেন্দ্রে টেট-ওয়ান পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঊনকোটি জেলা শিক্ষা দপ্তরের আধিকারিক প্রশান্ত কিলিকদার জানান, 'ঊনকোটি জেলার কৈলাসহর ও কুমারঘাট মহকুমায় পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এখানে ২১৮১ জন পরীক্ষার্থীর মধ্যে ১৯৭১ জন পরীক্ষায় অংশ নিয়েছেন।' তিনি আরও জানান, আগামী ৪ মে রবিবার সারা রাজ্যের সাথে ঊনকোটি জেলায়ও টেট-টু পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর

করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেছেন, যে কোনও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আপনার সতর্কতা এবং সতর্ক থাকা খুবই গুরুত্বপূর্ণ। এখন আপনি আপনার মোবাইলের একটি বিশেষ অ্যাপ থেকে এই সতর্কতার সাহায্য পেতে পারেন। এই অ্যাপটি আপনাকে যে কোনও প্রাকৃতিক দুর্যোগে আটকা পড়া থেকে বাঁচাতে পারে এবং এর নামও "সচেত"। "সচেত অ্যাপ" ভারতের জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দ্বারা প্রস্তুত করা হয়েছে।'

প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'এখন ভারতের যুবসমাজ বিজ্ঞান, প্রযুক্তি এবং উদ্ভাবনের দিকে এগিয়ে চলেছে। এমনকি যেসব এলাকা আগে পিছিয়ে ছিল, সেখানেও তরুণরা এমন উদাহরণ স্থাপন করেছে যা আমাদের নতুন আত্মবিশ্বাস জোগায়।'

ভারত এখন গ্লোবাল মহাকাশ শক্তিতে পরিণত হয়েছে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'আমরা একসঙ্গে ১০৪টি উপগ্রহ উৎক্ষেপণ করে একটি রেকর্ড তৈরি করেছি। আমরা চাঁদের দক্ষিণ মেরুতে পৌঁছানো প্রথম দেশ হয়েছি। ভারত মঙ্গল গ্রহের অরবিটার মিশন চালু করেছে এবং আদিত্য এল ১ মিশনের মাধ্যমে আমরা সূর্যের খুব কাছে পৌঁছে গেছি।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'এখন ভারত সমগ্র বিশ্বের মধ্যে সবচেয়ে সাশ্রয়ী কিন্তু সফল মহাকাশ কর্মসূচির নেতৃত্ব দিচ্ছে। বিশ্বের অনেক দেশ তাদের উপগ্রহ এবং মহাকাশ অভিযানের জন্য ইসরোর সাহায্য নেয়।' প্রধানমন্ত্রী আরও বলেছেন, 'ভারত নতুন উচ্চতা স্পর্শ করতে চলেছে। দেশ গগনযান, স্পেডেক্স এবং চন্দ্রযান-৪ এর মতো অনেক গুরুত্বপূর্ণ মিশনের প্রস্তুতিতে ব্যস্ত। আমরা ভেনাস অরবিটার মিশন এবং মঙ্গল গ্রহের ল্যান্ডার মিশনেও কাজ করছি। আমাদের মহাকাশ বিজ্ঞানীরা তাদের উদ্ভাবন দিয়ে দেশবাসীকে নতুন গর্বে ভরে তুলতে চলেছেন।'

## বিপ্লব

● প্রথম পাতার পর

পাকিস্তানকে এমন শিক্ষা দেবেন যাতে ভবিষ্যতে পাকিস্তান ভারতের দিকে চোখ তুলে তাকাতেও সাহস না পায়। বিপ্লব দেব আরও বলেন, ভারতের মধ্যে ধর্মীয় ও জাতিগত ভিন্নতা থাকা সত্ত্বেও, সকল সম্প্রদায় ভারতীয় পরিচয়ে ঐক্যবদ্ধ আর এটাই ভারতের প্রকৃত শক্তি।

বিপ্লব দেব তার বক্তব্যে হরিয়ানার বর্তমান নেতৃত্বেরও প্রশংসা করেন। তিনি বলেন, "রাজ্যের নেতৃত্ব যথাযথভাবে কাজ করছে এবং এর ফলে হরিয়ানার অগ্রগতি নিশ্চিত হয়েছে।"

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ ও আয়োজক কার্তিকেয় শর্মা, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বিনোদ শর্মা, কালকা কেন্দ্রের বিজেপি বিধায়ক শক্তি রানি শর্মা এবং প্রাক্তন মন্ত্রী রামবিলাস শর্মা। অনুষ্ঠানে হরিয়ানার মুখ্যমন্ত্রী নাইয়াব সাইনি সহ রাজ্যের বিভিন্ন মন্ত্রী, বিধায়ক এবং ধর্মীয়-সামাজিক সংগঠনের প্রতিনিধিরাও অংশ নেন।

কার্তিকেয় শর্মা তাঁর বক্তব্যে বলেন, ভগবান পরশুরাম কেবলমাত্র ব্রাহ্মণ সমাজের নয়, বরং ৩৬টি জাতির দেবতা। তিনি সবাইকে ভগবান পরশুরামের শিক্ষা ও জীবনাদর্শ নিজেদের জীবনে অনুসরণ করার আহ্বান জানান।

ভগবান পরশুরাম জয়ন্তী উপলক্ষে তাউ দেবীলাল স্টেডিয়ামে বিশাল প্যান্ডেল তৈরি করা হয়। সুসজ্জিত মঞ্চ, মনোমুগ্ধকর আলোকসজ্জা, নিরাপত্তা ব্যবস্থা, যানবাহন নিয়ন্ত্রণ, জলপান ও বসার সুব্যবস্থা ছিল চোখে পড়ার মতো। অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত ব্রাহ্মণ সমাজের গুণীজন, সাধু-সন্ত এবং সমাজসেবীদের উপস্থিতিতে অনুষ্ঠান আরও গৌরবময় হয়ে ওঠে।

## আহত এক ব্যক্তি

● প্রথম পাতার পর

জবরদখলের চেষ্টা চালিয়ে আসছিল ক্ষিতীশ দাসের তিন ছেলেদিলীপ দাস, প্রদীপ দাস এবং তপন দাস। যদিও বিষয়টি নিয়ে এলাকায় একাধিক সালিশি সভা হয়েছে, তবুও প্রভাব খাটিয়ে বারবার ভানুলাল দাসের উপর আক্রমণ চালানো হচ্ছিল।

শনিবার সন্ধ্যায় অভিযুক্তরা ভানুলাল দাসকে একা পেয়ে নিজ বাড়িতে ধারালো অস্ত্র দিয়ে হামলা চালায় বলে অভিযোগ। আহত অবস্থায় তার চিৎকার শুনে স্থানীয়রা ছুটে এসে তাকে উদ্ধার করে প্রথমে মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। সেখান থেকে অবস্থার অবনতি হওয়ায় দ্রুত হাঁপানিয়া হাসপাতালে রেফার করা হয়। বর্তমানে তার অবস্থা সংকটজনক বলে জানা গেছে। ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## এক যুবক

● প্রথম পাতার পর

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের মুখ ও কুকুরের ছবি একত্রিত করে বিকৃতভাবে পোস্ট করেন।

বিজেপি নেতাদের দাবি, কারণ এই চার নেতা দলের হাই প্রোফাইল লিডার, তাই তারা এ ধরনের অপমানজনক পোস্টের বিরুদ্ধে মামলা করেছেন। অপরদিকে, বিশ্ব হিন্দু পরিষদের নেতারা জানান, দেশের প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করা তাদের আবেগে আঘাত করেছে। তারা এই ঘটনায় একজন সরকারি কর্মচারীর সংশ্লিষ্টতার বিষয়েও প্রশ্ন তুলেছেন এবং যুবকের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবি জানিয়েছেন।

কদমতলা থানার পুলিশ অভিযোগ পাওয়ার পর অভিযুক্ত যুবককে গ্রেপ্তার করে। পুলিশ জানায়, ধৃত যুবক তার অপকর্মের কথা স্বীকার করেছে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## অভিযোগ পরিবারের

● প্রথম পাতার পর

তিনি আরও দাবি করেন, অগ্নিদগ্ধ হওয়ার ১৫-২০ মিনিট আগে দীপান্বিতা তাকে ফোন করে জানিয়েছিল, তার শ্বশুর ও স্বামী মিলে তাকে পুড়িয়ে মারার ষড়যন্ত্র করছে।

ঘটনাটি প্রকাশ্যে আসার পর থেকেই প্রশ্ন উঠছে এটি আত্মহত্যা, নাকি পরিকল্পিত খুন? পুলিশ ইতিমধ্যে তদন্ত শুরু করেছে। মৃতার পরিবারের বিস্ফোরক অভিযোগের প্রেক্ষিতে পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে। ঘটনার সঙ্গে জড়িত সকল দিক খতিয়ে দেখছে পুলিশ প্রশাসন।

# প্রাঙ্গন

## সিনিয়র মহিলা আমন্ত্রণমূলক টি-২০ ক্রিকেট শুরু আগামীকাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রস্তুতি প্রায় চূড়ান্ত। মাঝে আর মাত্র একটি দিন। খেলোয়াররাও প্রস্তুত। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবারও অনুষ্ঠিত হতে চলেছে সিনিয়র মহিলাদের আমন্ত্রণ মূলক টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট। আগামী ২৯ এপ্রিল থেকে শুরু হবে সীমিত ওভারের এই টুর্নামেন্ট। টুর্নামেন্টে অংশগ্রহণকারী দলগুলিকে তিনটি গ্রুপে ভাগ করা হয়েছে। এ গ্রুপে ব্লাডমাউথ ক্লাব, এগিয়ে চল সংঘ, নিউ প্লে সেন্টার, বিদ্যাসাগর বিদ্যালয় কোচিং সেন্টার, জিবি প্লে সেন্টার। বি গ্রুপে রয়েছে মৌচাক ক্লাব, চাম্পামুড়া ক্রিকেট কোচিং সেন্টার, এডি নগর প্লে সেন্টার, ইউনাইটেড বিএসটি, আগরতলা ক্রিকেট ক্লাব। গ্রুপ সি-তে রয়েছে তরুণ সংঘ, ইউনাইটেড ফ্রেন্ডস, কর্নেল কোচিং সেন্টার, ক্রিকেট অনুরাগী ও প্রগতি প্লে সেন্টার। খেলা হবে নরসিংগড় টি আই টি, এম বি বি স্টেডিয়াম ও মেলাঘরে। ঘোষিত সূচি অনুযায়ী প্রতিদিন রয়েছে একাধিক ম্যাচ। ২৯ মে ব্লাড মাউথ বনাম নিউ প্লে সেন্টার (টি আই টি), এগিয়ে চল সংঘ বনাম বিদ্যাসাগর (মেলাঘর), মৌচাক বনাম এডি নগর (এমবিবি), চাম্পামুড়া বনাম ইউনাইটেড বি এস টি (টি আই টি), তরুণ সংঘ বনাম কর্নেল কোচিং সেন্টার (মেলাঘর), ইউনাইটেড ফ্রেন্ডস বনাম ক্রিকেট অনুরাগী (এমবিবি)। ৩০ মে এগিয়ে চল বনাম জিবি প্লে সেন্টার (এমবিবি), চাম্পামুড়া বনাম আগরতলা ক্রিকেট ক্লাব (মেলাঘর), ইউনাইটেড ফ্রেন্ডস বনাম প্রগতি প্লে সেন্টার (টিআইটি), মৌচাক ক্লাব বনাম ইউনাইটেড বি এস টি (টি আই টি), ব্লাডমাউথ বনাম বিদ্যাসাগর (মেলাঘর), তরুণ সংঘ বনাম ক্রিকেট অনুরাগী (এমবিবি)। ১লা মে নিউ প্লে সেন্টার বনাম জিবি (মেলাঘর), এডি নগর বনাম আগরতলা ক্রিকেট ক্লাব (এমবিবি), কর্নেল কোচিং সেন্টার বনাম প্রগতি প্লে সেন্টার (টিআই টি), ব্লাড মাউথ ক্লাব বনাম এগিয়ে চল সংঘ (টি আই টি), মৌচাক বনাম চাম্পামুড়া (এমবিবি), তরুণ সংঘ বনাম ইউনাইটেড ফ্রেন্ডস (মেলাঘর)। ৩ মে নিউ প্লে সেন্টার বনাম বিদ্যাসাগর (এমবিবি), এডি নগর বনাম ইউনাইটেড বি এস টি (মেলাঘর), কর্নেল কোচিং সেন্টার বনাম ক্রিকেট অনুরাগী (টি আই টি), ব্লাডমাউথ বনাম জিবি প্লে সেন্টার (টি আই টি), মৌচাক বনাম আগরতলা ক্রিকেট ক্লাব (মেলাঘর), তরুণ সংঘ বনাম প্রগতি প্লে সেন্টার (এমবিবি)। ৪ মে তরুণ সংঘ বনাম ইউনাইটেড ফ্রেন্ডস (মেলাঘর), বিদ্যাসাগর বনাম জিবি প্লে সেন্টার (টিআইটি), ইউনাইটেড বি এস টি বনাম আগরতলা ক্রিকেট ক্লাব (এমবিবি), ব্লাড মাউথ বনাম নিউ প্লে সেন্টার (টি আই টি), ক্রিকেট অনুরাগী বনাম প্রগতি প্লে সেন্টার (এমবিবি), মৌচাক বনাম এডি নগর প্লে সেন্টার (মেলাঘর)। টুর্নামেন্টের গ্রুপ লীগের লড়াই শেষ হবার পর প্রতিগ্রুপের সেরা দুটি দল অংশ নেবে সুপার সিক্সে। আগামী ৬, ৭ ও ৮ মে অনুষ্ঠিত হবে সুপার সিক্সের নক আউট এর ছয়টি ম্যাচ। ১০ মে টুর্নামেন্টের দুইটি সেমিফাইনাল এবং ১২ মে আগরতলা এমবিবি স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে ফাইনাল ম্যাচ।

## অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেটের চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে আগামীকাল (সোমবার)। চার সাব ডিভিশনের চার মাঠে চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচে ৮টি সাব ডিভিশন লড়াইয়ে নামবে। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেটের মূল পর্বের খেলা। ধর্মনগরে কলেজ স্টেডিয়ামে এ গ্রুপের চ্যাম্পিয়ন খোয়াই মহকুমা দল খেলবে ডি গ্রুপের রানার্স শান্তিরবাজার মহকুমা দলের বিরুদ্ধে। বিলোনিয়ায় নর্থ বিলোনিয়া গ্রাউন্ডে ডি গ্রুপের চ্যাম্পিয়ন সদর এ খেলবে সি গ্রুপের রানার্স লং তরাই ভ্যালি মহকুমা দলের বিরুদ্ধে। শান্তিরবাজারে বাইখোড়া স্কুল গ্রাউন্ডে সি গ্রুপের চ্যাম্পিয়ন কমলপুর খেলবে বি গ্রুপের রানার্স সোনামুড়া মহকুমা দলের বিরুদ্ধে। কৈলাশহরে বিদ্যানগর ক্রিকেট স্টেডিয়ামে ডি গ্রুপের চ্যাম্পিয়ন উদয়পুর খেলবে এ গ্রুপের রানার্স সদর বি দলের বিরুদ্ধে। সেমিফাইনালে ছাড়পত্র পেতে প্রতিটি দল প্রয়োজনীয় প্র্যাকটিস করে নিয়েছে। দুদিন বিরতি ক্রিকেটাররা ভালোভাবেই কাজে লাগিয়েছে। বিজয়ী চারটি দল পয়লা মে সেমিফাইনালে খেলবে। ফাইনাল ম্যাচ হবে ৩ মে-তে।

## নর্থ-ইস্ট লিটলমাস্টার্স ট্রফির সেমিফাইনালে আজ আসাম - মনিপুর, ত্রিপুরা - মেঘালয়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। চারটি দল প্রস্তুত। আগামীকাল (সোমবার) সেমিফাইনাল ম্যাচে মাঠে নামছে উত্তর-পূর্বের চারটি রাজ্য দল। খেলা প্রথমবারের মতো আয়োজিত নর্থইস্ট লিটলমাস্টার্স ট্রফি ২০২৫ অনূর্ধ ১৪ ক্রিকেট টুর্নামেন্টের। আগামীকাল সোমবার গুয়াহাটির দুটি স্থানে, দুটি স্টেডিয়ামে, টুর্নামেন্টের দুটি সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। ফালাং-এ আসাম ক্রিকেট অ্যাসোসিয়েশনের ক্রিকেট একাডেমি গ্রাউন্ডে স্বাগতিক আসাম খেলবে মনিপুরের বিরুদ্ধে। গুয়াহাটিতে আসাম ক্রিকেট এসোসিয়েশন স্টেডিয়ামে এনেক্স গ্রাউন্ডে ত্রিপুরা ও মেঘালয় পরস্পরের মুখোমুখি হবে। গ্রুপ লীগ পর্যায়ে টানা তিনটি ম্যাচ জয়ী অর্থাৎ জয়ের হ্যাটট্রিক এর মধ্য দিয়ে ত্রিপুরা এবং আসাম সেমিফাইনালে প্রবেশ করেছে। অপরদিকে মেঘালয় ও মনিপুর দুটি করে ম্যাচ জিতে গ্রুপ রানার্সের স্বীকৃতি পেয়ে সেমিফাইনালে উন্নীত হয়েছে। ত্রিপুরা ও আসামের লক্ষ্য রয়েছে জয়ের ধারা অব্যাহত রেখে ফাইনালে পরস্পরের মধ্যে মুখোমুখি হওয়া। উল্লেখ্য, গ্রুপ এ থেকে আসাম প্রথম ম্যাচে অরুনাচল প্রদেশকে ২৩৯ রানে, মেঘালয়কে নয় উইকেটে এবং মিজোরামকে ২৪৫ রানের ব্যবধানে পরাজিত করেছিল। এদিকে ত্রিপুরা প্রথম খেলায় সিকিমকে ২০৭ রানে, মনিপুরকে ১০ উইকেটে এবং নাগাল্যান্ডকে ছয় উইকেটের ব্যবধানে পরাজিত করে সেমিফাইনালে উন্নীত হয়েছে। অপরদিকে মেঘালয়, মিজোরামকে ৪৭ রানে এবং অরুণাচল প্রদেশকে সাত উইকেটে হারালেও আসামের কাছে পরাজিত হতে হয়েছিল। একইভাবে মনিপুর, নাগাল্যান্ড কে ৫ উইকেটে এবং সিকিমকে নয় উইকেটে পরাজিত করলেও ত্রিপুরার কাছে পরাজয় স্বীকার করেছিল।

## আমার দেশপ্রেম নিয়েও প্রশ্ন! পাকিস্তানের আরশাদকে ভারতে আমন্ত্রণ জানানো নিয়ে মুখ খুললেন নীরজ

ভারতকে অলিম্পিক্সে সোনা জেতানো নীরজ চোপড়ার দেশপ্রেম নিয়ে প্রশ্ন তুলেছিলেন অনেকে। পহেলগাঁও কাণ্ডের মুখে আরশাদ নাদিমকে আমন্ত্রণ জানানো নিয়ে ক্ষুব্ধ জনতা। নীরজ এবং তাঁর পরিবারকে কটূক্তি করা হচ্ছিল। এর মাঝেই উত্তর দিলেন নীরজ। অবাক হয়েছেন তাঁর দেশ প্রেম নিয়ে প্রশ্ন ওঠায়।টোকিয়ো অলিম্পিক্সে জ্যাভলিন থ্রো-য়ে সোনা জিতেছিলেন নীরজ। প্যারিস অলিম্পিক্সে পেয়েছিলেন রুপো। পর পর দু'টি অলিম্পিক্সে পদকজয়ী নীরজ একটি প্রতিযোগিতার আয়োজন করেছেন। বেঙ্গালুরুতে হবে এনসি ক্লাসিক নামের সেই প্রতিযোগিতা। সেখানেই পাকিস্তানের জ্যাভলিন থ্রোয়ার আরশাদকে আমন্ত্রণ জানিয়েছিলেন নীরজ। পহেলগাঁও-য়ে জঙ্গি হানার পর সেই নিয়েই উঠেছে প্রশ্ন। নীরজ সমাজমাধ্যমে পোস্ট করে লিখেছেন, "আরশাদ নাদিমকে এনসি ক্লাসিকে আমন্ত্রণ জানানো নিয়ে প্রচুর কথা হচ্ছে। চারিদিকে শুধু ঘৃণা আর কটূক্তি। আমার পরিবারকেও ছাড়া হচ্ছে না। এক জন ক্রীড়াবিদ হিসাবে আরশাদকে আমন্ত্রণ জানিয়েছিলাম। তার চেয়ে বেশি কিছু নয়। আমার লক্ষ্য ছিল এনসি ক্লাসিকের মাধ্যমে বিশ্বের সেরাদের ভারতে আনা। সব ক্রীড়াবিদের কাছে আমন্ত্রণ সোমবার পাঠানো হয়েছিল। পহেলগাঁও কাণ্ডের আগেই আমন্ত্রণ চলে গিয়েছিল। পরের ৪৮ ঘণ্টায় যা ঘটেছে, তার পর আরশাদের এই প্রতিযোগিতায় যোগ দেওয়ার প্রশ্নই ওঠে না।" সপ্তাহের শুরুতে সাংবাদিক বৈঠক করে নীরজ জানিয়েছিলেন, এনসি ক্লাসিক হরিয়ানা থেকে সরিয়ে বেঙ্গালুরুতে নিয়ে যাওয়া হয়েছে। বিশ্বের সেরা জ্যাভলিন থ্রোয়ারদের আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানিয়েছিলেন তিনি। সেই তালিকায় ছিল আরশাদের নামও। যদিও পাক জ্যাভলিন থ্রোয়ার প্রতিযোগিতায় দেবেন কি না তা নিশ্চিত করে জানানো হয়নি। পরে প্রতিযোগীদের যে তালিকা দেওয়া হয় সেখানে, আরশাদের নাম ছিল না।নীরজ লেখেন, "আমি খুব কম কথার মানুষ। তার মানে এই নয় যে, কোনও ভুল দেখলে কথা বলব না। আর যখন আমার দেশপ্রেম এবং পরিবারের সম্মান নিয়ে প্রশ্ন তোলা হয়, তখন তো মুখ খুলবই। আমার কাছে দেশ সব সময় আগে। যে সব মানুষ নিজের প্রিয়জনকে হারিয়েছে তাঁদের সমবেদনা জানাই। পহেলগাঁও-য়ে যা ঘটেছে, তা নিয়ে গোটা দেশের মতো আমিও শোকাহত এবং ক্ষুব্ধ। আমি এই বিষয়ে আত্মবিশ্বাসী যে, আমার দেশ ঠিক এর জবাব দেবে এবং দেশের শক্তি প্রদর্শন করবে।"

## বিলোনিয়ায় সুপার লীগ ক্রিকেট জয়ের সারণিতে ওরিয়েন্টাল ক্লাব

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ের ধারা অব্যাহত রাখলো ওরিয়েন্টাল ক্লাব। সুপার লীগে দুই ম্যাচ খেলে দুটিতেই জয় পেয়ে 'বি' গ্রুপে এককভাবে শীর্ষে ওরিয়েন্টাল ক্লাব। রবিবার ওরিয়েন্টাল ক্লাব আট উইকেটে পরাজিত করে ওআই সি সিকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লীগ ক্রিকেটের সুপার লিগে। বিদ্যাপীঠ মাঠে এই দিন হয় ম্যাচটি। বৃষ্টির জন্য আউট ফিল্ড ভিজে থাকায় ওভার কমিয়ে আনা হয় ৩৫-এ। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথম ব্যাট করতে নেমে ওআই সি সি দল ১৯৭ রান করে। দলের পক্ষে শুভন দাস ৫৪ বল খেলে ১৪ টি বাউন্ডারি এবং চারটি ওভার বাউন্ডারির সাহায্যে ৮৯, সুমিত মিত্র ২৭ বল খেলে দুটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ১৮, প্রীতম দাস ১২ বল খেলে একটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ১৩ এবং রিকি দত্ত ১২ বল খেলে কেউ বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ২১ রান। ওরিয়েন্টাল ক্লাবের পক্ষে গোবিন্দ রায় ৪০ রানে চারটি এবং দেবব্রত দাস ৩৩ রানে তিনটি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ১৯.১ ওভারে দুই উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনের রান তুলে নেয় ওরিয়েন্টাল ক্লাব। দলের পক্ষে তন্ময় দাস ৬৪ বল খেলে নয়টি বাউন্ডারি ও ১১টি ওভার বাউন্ডারির সাহায্যে ১১৪ রানে অপরাজিত থেকে যান। এছাড়া দলের পক্ষে সুবর্ণ দাস ৪৬ বল খেলে আটটি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারির সাহায্যে তেষট্টি রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৪ রান।

## ক্রীড়াজগতে পহেলগাঁওকাণ্ডের প্রথম প্রভাব, স্থগিত সাফ অ্যাথলেটিক্স

লে জানানো হয়েছে। আগামী ৩-৫ মে রাঁচীর বিরসা মুন্ডা অ্যাথলেটিক্স স্টেডিয়ামে এই প্রতিযোগিতা হওয়ার কথা ছিল। এখন সেটি জুনের দ্বিতীয় বা তৃতীয় সপ্তাহে হতে পারে।এমনিতে এই প্রতিযোগিতা হওয়ার কথা ছিল গত বছরের অক্টোবরে। তখনও সেটি বাতিল হয়ে গিয়েছিল। এই নিয়ে চতুর্থ বার এই প্রতিযোগিতা হচ্ছে। পাকিস্তান ছাড়াও শ্রীলঙ্কা, বাংলাদেশ, নেপাল, ভুটান এবং ভারতের ক্রীড়াবিদদের অংশ নেওয়ার কথা। ভুটান ইতিমধ্যেই রাঁচীতে পৌঁছে অনুশীলনও শুরু করে দিয়েছে।সরকারি ভাবে প্রতিযোগিতা স্থগিত রাখার কোনও কারণ দেখানো হয়নি। তবে সূত্রের খবর, পাকিস্তানের ক্রীড়াবিদদের ভিসা দিতে ক্রমাগত দেরি হওয়ার কারণে এটি বাতিল করা হয়েছে। পাকিস্তানের তরফে ৪৩ জন ক্রীড়াবিদের তালিকা পাঠানো হয়েছি। সেখানে প্যারিস অলিম্পিক্সে সোনাজয়ী আর্শাদ নাদিমের নামও ছিল।তবে পহেলগাঁওকাণ্ডের পর পাকিস্তানের ক্রীড়াবিদেরা আদৌ ভিসা পেতেন কি না, তা নিয়েও জল্পনা রয়েছে। কারণ সাধারণত যে ভিসায় ক্রীড়াবিদেরা ভারতে এসে খেলার সুযোগ পেতেন, সেই 'এসভিইএস' ভিসা বুধবারই বন্ধ করে দিয়েছে কেন্দ্রীয় সরকার। পাকিস্তানের কোনও নাগরিককেই তারা এখন ভিসা দেবে না বলে জানিয়েছে। ফলে অদূর ভবিষ্যতেও এই প্রতিযোগিতা আয়োজন করা নিয়ে ধোঁয়াশা রয়েছে।এ দিকে, রাঁচীর স্টেডিয়ামটির বিরুদ্ধে কিছু দিন আগেই একাধিক অভিযোগ উঠেছিল। জানা গিয়েছিল, ট্র্যাক এবং পরিকাঠামো উন্নত মানের নয়। তবে ঝাড়খণ্ড অ্যাথলেটিক্স সংস্থার সভাপতি মধুকান্ত পাঠক বলেছেন, "ইন্ডিয়া ওপেন অ্যাথলেটিক্সের সময় অনুশীলনের জন্য ট্র্যাক ছিল না ঠিকই। তবে নতুন ট্র্যাক সদ্যই পাতা হয়েছে। স্টেডিয়ামের আলো নিয়ে যে সমস্যা ছিল তা-ও মেটানো হয়েছে।"

## 'মনে হত, মরে গেলে বেঁচে যাই', তিন বছর আগে কেন এমন ভেবেছিলেন ফ্লিনটফ

তিন বছর আগের অভিজ্ঞতা সকলের সঙ্গে ভাগ করে নিলেন অ্যান্ড্রু ফ্লিনটফ। ক্রিকেট থেকে অবসর নেওয়ার পর অভিনয় জগতে ঢুকেছিলেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক। ২০২২ সালে শুটিংয়ের সময় দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছিলেন ফ্লিনটফ। সেই সময় তাঁর মনে হয়েছিল, মরে গেলে বেঁচে যাবেন তিনি।শীঘ্রই ওটিটি প্ল্যাটফর্মে ফ্লিনটফকে নিয়ে একটি তথ্যচিত্র মুক্তি পাবে। তার আগে একটি সাক্ষাৎকারে পুরনো দিনের কথা ভাগ করে নিয়েছেন তিনি। ২০২২ সালে 'টপ গিয়ার' নামের একটি ছবির শুটিংয়ে মরগ্যান সুপার ৩ নামের একটি তিন চাকার গাড়ি চালাচ্ছিলেন ফ্লিনটফ। গাড়িটি সর্বাধিক ঘণ্টায় ২০৯ কিলোমিটার গতিবেগে চলতে পারে। গাড়ি চালানোর সময় তা পাল্টি খেয়ে যায়। মাথায় হেলমেট পরে থাকলেও গুরুতর জখম হন ফ্লিনটফ।ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়কের মাথায় বড় চোট লেগেছিল। তাঁর পাঁজরের হাড় ভেঙে গিয়েছিল। আরও অনেক জায়গায় গুরুতর চোট লেগেছিল। বেশ কিছু দিন হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। সেই সময় তিনি ভেবেছিলেন, আর সুস্থ হতে পারবেন না। ফ্লিনটফ বলেন, "দুর্ঘটনার পরে আমার মনে হয়েছিল, আর সুস্থ হতে পারব না। আর কোনও দিন স্বাভাবিক জীবনে ফিরতে পারব না। এত যন্ত্রণা হত যে মনে হত, মরে গেলে বেঁচে যাই। মনে হত, এ ভাবে বেঁচে থাকার থেকে মরে যাওয়াই ভাল।"ধীরে ধীরে স্বাভাবিক জীবনে ফিরেছেন ফ্লিনটফ। এখন টেলিভিশন ও রেডিয়োতে উপস্থাপকের কাজ করেন তিনি। ইংল্যান্ডের হয়ে ১৯৯৮ থেকে ২০০৯ সাল পর্যন্ত খেলেছেন তিনি। ক্রিকেটের তিনটি ফরম্যাটই খেলেছেন এই অলরাউন্ডার। ৭৯টি টেস্টে ৩৮৪৫, ১৪১টি এক দিনের ম্যাচে ৩৩৯৪ ও সাতটি টি-টোয়েন্টিতে ৭৬ রান করেছেন তিনি। টেস্টে ২২৬, এক দিনের ম্যাচে ১৬৯ ও টি-টোয়েন্টিতে পাঁচটি উইকেট নিয়েছেন তিনি। ক্রিকেট ছাড়ার পরে পেশাদার বক্সার হিসাবেও একটি ম্যাচ খেলেছেন ফ্লিনটফ।

## ধমকের বদলা ধমাকায়! গোয়েনাকে জবাব বিতাড়িত রা

৪১ ডিগ্রি তাপমাত্রায় 'লোডশেডিং' লখনউয়ে! কাজে এলেন না সঞ্জীব গোয়েনার ২৭ কোটির 'পাওয়ার প্ল্যান্ট' ঋষভ পন্থ। বাতিল লোকেশ রাহুলের কাছেই হেরে গেল তাঁর লখনউ সুপার জায়ান্টস। দিল্লি ক্যাপিটালসের জয়ে রাহুলের সঙ্গী হলেন গোয়েনার শহরের দুই ক্রিকেটার মুকেশ কুমার এবং অভিষেক পোড়েল। অটল বিহারী বাজপেয়ী স্টেডিয়ামের ভিআইপি বক্সে দাঁড়িয়ে দলের ৮ উইকেটে হার দেখলেন 'অসহায়' গোয়েনা।গত বছর আইপিএলে একটি ম্যাচ হেরে যাওয়ার পর মাঠে নেমে এসে তৎকালীন লখনউ অধিনায়ক রাহুলকে ভর্ৎসনা করেছিলেন গোয়েনা। সেই ছবি এখনও উজ্জ্বল ভারতের ক্রিকেটপ্রেমীদের মনে। সেই ঘটনা নিশ্চিত ভাবে ভোলেননি লখনউ সুপার জায়ান্টসের কর্ণধার কলকাতার শিল্পপতি। অবশ্যই মনে রয়েছে রাহুলেরও। আইপিএলের গত নিলামের আগে রাহুলকে দল থেকে ছেঁটে ফেলেন গোয়েনা। দেশের অন্যতম সেরা ব্যাটারের উপর ভরসা রাখতে পারেননি। নিলামে রাহুলকে কিনে নেন দিল্লি কাপিটালস কর্তৃপক্ষ। গোয়েনা আবার গত বার দিল্লির অধিনায়ক পন্থকে কিনে নেন।সে দিক থেকে মঙ্গলবার লখনউ সুপার জায়ান্টস এবং দিল্লি কাপিটালসের লড়াই ছিল মর্যাদার। অপমানের জবাব দেওয়ার। লখনউয়ের ঘরের মাঠে ঠিক সেই কাজটাই করলেন রাহুল। গোয়েনার ঘরে অন্ধকার নামিয়ে আনলেন। প্রথমে ব্যাট করে লখনউ করেছিল ৬ উইকেটে ১৫৯ রান। এক ওভারে জোড়া উইকেট নিয়ে লখনউয়ের ইনিংসকে দিশাহীন করে দিয়েছিলেন বাংলার জোরে বোলার মুকেশ। পন্থদের ইনিংসের শেষ ওভারেও ২ উইকেট নেন তিনি। ৩৩ রানে ৪ উইকেট নিয়ে দিল্লির রান দলের আয়ত্তের মধ্যে রেখে দেন মুকেশ। জবাবে ১৭.৫ ওভারে ২ উইকেটে ১৬১ দিল্লির। জয়ের জন্য ১৬০ রান করতে নেমে আবার দিল্লির মঞ্চ তৈরি করে দিলেন বাংলার তরুণ উইকেটরক্ষক-ব্যাটার অভিষেক। ওপেন করতে নেমে চন্দননগরের তরুণ খেললেন ৩৬ বলে ৫১ রানের ইনিংস। মারলেন ৫টি চার এবং ১টি ছক্কা। অভিষেকের সাজিয়ে দেওয়া মঞ্চে রাহুল দেখিয়ে দিলেন, তিনি কী করতে পারেন। যে ২২ গজে লখনউয়ের অধিকাংশ ব্যাটার দাঁড়াতে পারলেন না, সেখানেই সাবলীল ব্যাটিং করলেন রাহুল। ঠান্ডা মাথায় প্রতিটি শটে বুঝিয়ে দিলেন নিজের জন্য নয়, দলের জন্য খেলেন। আইপিএলে নিজের ৪০তম অর্ধশতরান করলেন ৪০ বলে। আইপিএলের ইতিহাসে দ্রুততম ৫০০০ রান পূর্ণ করার নজির গড়লেন একই সঙ্গে। দিল্লিকে জিতিয়ে মাঠ ছাড়লেন। খেললেন ৪২ বলে ৫৭ রানের অপরাজিত ইনিংস। মারলেন ৩টি করে চার এবং ছক্কা। ধমকের বদলা ধমাকায় নিলেন রাহুল।সন্তানের জন্মের সময় স্ত্রীর পাশে থাকার জন্য লখনউয়ের বিরুদ্ধে প্রথম ম্যাচটি খেলতে পারেনি রাহুল। সম্ভবত দ্বিতীয় ম্যাচটাকে বেছে নিয়েছিলেন তাই। এ দিন ম্যাচের শুরু থেকেই রাহুলের মুখে ছিল সংকল্পের ছাপ। দৃঢ়তার ছবি। উইকেট রক্ষা করার সময় যেমন ভুল করেননি, তেমনই ব্যাট হাতেও নিখুঁত থাকলেন। ফর্মে থাকা সতীর্থ করুণ নায়ারের (১৫) দ্রুত আউট হওয়ার ক্ষতি বুঝতেই দিলেন না দিল্লিকে। অক্ষরও ব্যাট হাতে রাহুলের সঙ্গে ছিলেন ম্যাচের শেষ পর্যন্ত। তিনি করলেন ২০ বলে অপরাজিত ৩৪। দলের জন্য খেলে এমন ক্রিকেটারদের নিতে চেয়েছিলেন গোয়েনা। পন্থের জন্য খরচ করতে দ্বিধা করেননি। সেই পন্থই আইপিএলে অফ ফর্মে। দিল্লির বিরুদ্ধে ম্যাচটা তাঁর জন্যও মর্যাদার ছিল। দিল্লি রাখতে চাইলেও থাকতে চাননি তিনি। নিলামে নাম লিখিয়ে নিজের বাজার দর বুঝতে চেয়েছিলেন। বাজারে দর পেলেও আইপিএলে তাঁর ব্যাজার পারফরম্যান্স অব্যাহত। মর্যাদার লড়াইয়ে নিজেকে লুকিয়ে রাখলেন ব্যাটার পন্থ। ব্যাট করতে নামলেন সাত নম্বরে। দলের ইনিংসের শেষ দু'টি বল খেলে তাঁর অবদান শূন্য!

## পরের বছরেই আইপিএলে খেলতে চান পাকিস্তানের আমির, দেশের বোর্ডের বিরুদ্ধেই ক্ষুব্ধ জোরে বোলার

২০০৮ সালের মুম্বই হামলার পর থেকে আইপিএলে খেলার অনুমতি নেই পাকিস্তানের ক্রিকেটারদের। পহেলগাঁও কাণ্ডের পর দু'দেশের সম্পর্ক আরও তিক্ত হয়েছে। এর মধ্যেই মহম্মদ আমির জানালেন, তিনি সুযোগ পেলে আইপিএলে খেলতে চান। নিজের দেশের বোর্ডের বিরুদ্ধে উপেক্ষিত হওয়ার অভিযোগও তুলেছেন এই জোরে বোলার।এই মুহূর্তে কোয়েট্টা গ্ল্যাডিয়েটর্সের হয়ে পাকিস্তান সুপার লিগে খেলছেন আমির। তার ফাঁকেই সে দেশের এক সংবাদমাধ্যমে বলেছেন, "সত্যি বলতে, সুযোগ পেলে আইপিএলে খেলতে চাই। সবার সামনে এই কথাগুলো বলছি। যদি আইপিএলে সুযোগ না পাই তবেই পিএসএলে খেলব। পরের বছর আমার কাছে আইপিএলে খেলার সুযোগ চলে আসবে। খেলতে পারলে কেন খেলব না?"আমিরের সংযোজন, "মনে হয় না পরের বছর আইপিএল আর পিএসএল একই সময়ে হবে। এ বার চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য গন্ডগোল হয়েছে। তবে পিএসএলে আগে সুযোগ পেলে নাম তুলে নেওয়ার উপায় নেই। তা হলে নির্বাসিত হতে হবে।"পাকিস্তান ক্রিকেট বোর্ড তাঁর সঙ্গে যে ব্যবহার করেছে তাতেও খুশি নন আমির। খারাপ আচরণের জন্যই গত বছরের শেষ দিকে তিনি অবসর নিয়েছেন বলে দাবি আমিরের।পাক পেসারের কথায়, "টি-টোয়েন্টি বিশ্বকাপের পরেই পাকিস্তান ক্রিকেট বোর্ড আমাদের উপেক্ষা করছিল। বিশ্বকাপের পর বোর্ডের কেউ আমার সঙ্গে কথা বলেনি। ভবিষ্যতে খেলব কি না, সেই নিয়েও কোনও নিশ্চয়তা দেওয়া হয়নি। যে বোঝার সে ঠিক বুঝে যাবে। দেশের পরিকল্পনায় না থাকলে নিজের সিদ্ধান্ত নিজেকেই নিতে হয়। আমি সেটাই করেছি।"

## আট ম্যাচে ছয় হার, আইপিএলে হেড-অভিষেকরা থাকলেও আর চার-ছক্কার ব্যাটিং করবে না হায়দরাবাদ

আগ্রাসী ক্রিকেট খেলে গত বার নজরে এসেছিল তারা। এ বার সেই আগ্রাসনই বিপদে ফেলে দিয়েছে সানরাইজার্স হায়দরাবাদকে। গত বারের ফাইনালিস্টরা আট ম্যাচের মধ্যে ছ'টিতেই হেরেছে। প্লে-অফ ক্রমশ দূরে সরছে। এ বার তাই আগ্রাসনের রাস্তা থেকে সরে আসতে চাইছে হায়দরাবাদ। মুম্বইয়ের কাছে হেরে অধিনায়ক প্যাট কামিন্সের বার্তা, দায়িত্বশীল ব্যাটিং করতে হবে দলকে।মুম্বইয়ের বিরুদ্ধে শুরু থেকেই চালিয়ে খেলতে গিয়ে এক সময় ৩৫ রানে ৫ উইকেট পড়ে গিয়েছিল হায়দরাবাদের। সেখান থেকে হাইনরিখ ক্লাসেন এবং অভিনব মনোহর দলকে টেনে তোলেন। তবে জিততে পারেনি হায়দরাবাদ।ম্যাচের পর কামিন্স বলেন, "অভিনব এবং ক্লাসেনের জন্য আমাদের রানটা ভাল হয়েছে। সার্বিক ভাবে আমরা ভাল খেলতেই পারছি না। দলের পতন আটকানোর জন্য অন্তত এক জনকে দরকার ছিল। আমরা একটানা উইকেট হারিয়েছি।"কামিন্সের সংযোজন, "আমরা ম্যাচের আগেই আলোচনা করেছিলাম এটা নিয়ে। ইনিংস ধীরে ধীরে তৈরি করতে হবে। শুরুতে বেশি বল খেললেও যদি ক্রিজে জমে যাও, তা হলে পরের দিকে সেটা পুষিয়ে দেওয়া সম্ভব। আর আমরা শুরুই করলাম শূন্য রানে দু'উইকেট হারিয়ে।"কামিন্সের মতে, এই আগ্রাসী কৌশল আর চলছে না। বলেছেন, "প্রথম ম্যাচে আমরা ২৮০-র মতো রান তুলেছিলাম। পরের ম্যাচেই কম রানে আউট হয়ে গেলাম। এটাই টি-টোয়েন্টি ক্রিকেট। আগ্রাসন এখনও পর্যন্ত আমাদের সে ভাবে কাজে লাগেনি। আপাতত কয়েকটা অ্যাওয়ে ম্যাচ রয়েছে। সেখানে উইকেট বুঝে খেলতে হবে।"

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল : rainbowprintingworks@gmail.com

## ২০১৮-১৯ অর্থবছর থেকে ২০২৫'র এপ্রিল পর্যন্ত

# ১৬,৯৪২ জনকে স্বচ্ছতার সঙ্গে চাকরি দিয়েছে সরকার ঃ মুখ্যমন্ত্রী




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল:** ২০১৮-১৯ অর্থ বছর থেকে ২০২৫ এর এপ্রিল পর্যন্ত রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ১৬,৯৪২ জনকে নিয়োগ করা হয়েছে। স্বচ্ছতার সঙ্গে যোগ্য প্রার্থীদের চাকরি প্রদান সরকারের অন্যতম লক্ষ্য। দুর্নীতিমুক্ত প্রশাসন, স্বচ্ছতার সঙ্গে ও সময়ের মধ্যে কাজ সম্পাদন করাকে অগ্রাধিকার দিয়েছে সরকার।

আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৪৭৯টি পদে নিয়োগ পত্র বিতরণ অনুষ্ঠানে অংশ নিয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে আজ ৪৭৯টি পদে অফার দেওয়া হচ্ছে। এরমধ্যে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে ১২৬ জন, পূর্ত দপ্তরে ১৯৭ জন এবং রাজ্য সমবায় ব্যাংকে ১৫৬ জন রয়েছেন। নিজ নিজ যোগ্যতা অনুসারে এই চাকরি পাচ্ছেন চাকরি প্রাপকরা। এজন্য কারোর কাছে যেতে হয়নি। অথচ আগে মিছিল মিটিংয়ে না গেলে সেই সুযোগ পাওয়া যেত না। তাও আবার বছরের পর বছর অপেক্ষা করতে হতো। কিন্তু আমাদের সরকার আসার পর স্বচ্ছতার সঙ্গে চাকরি প্রদানের পলিসি নেওয়া হয়েছে। স্বচ্ছতার কারণেই নিয়োগ পত্র পাচ্ছেন আপনারা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও স্বচ্ছতার সঙ্গে নিয়োগ প্রক্রিয়ায় গুরুত্ব দিয়েছেন। আর প্রধানমন্ত্রীর দিশায় কাজ করছে রাজ্য সরকারও। আজকের অফার প্রাপকদের কর্মজীবন সুন্দর ও উজ্জ্বল হোক বলেও প্রত্যাশা ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী।

 ) দিয়ে মুখ্যমন্ত্রী জানান, চলতি বছরের ৫ ফেব্রুয়ারি স্বামী বিবেকানন্দ ময়দানে আয়োজিত অফার প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণ করেছিলেন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেখানে জেআরবিটির মাধ্যমে ৩৭টি দপ্তরে ২,৪৩৬ জন মাল্টি টাস্কিং স্টাফ (গ্রুপ ডি) পদে, স্বাস্থ্য দপ্তরের ফার্মাসিস্ট/ ল্যাব টেকনিশিয়ান পদে ৩৬৯ জনকে অফার দেওয়া হয়। সবমিলিয়ে সেদিন ২,৮০৬ জনকে নিয়োগ পত্র দেওয়া হয়। যা ত্রিপুরায় ইতিহাস সৃষ্টি করেছে। চলতি বছরের ১৯ এপ্রিল টিপিএসসির মাধ্যমে ১১ জনকে স্মল সেভিংস ইন্সপেক্টর পদে অফার দেওয়া হয়। সবমিলিয়ে ২০২৫ সালের এপ্রিল পর্যন্ত ৩,২৯৬ জন সরকারি চাকরির নিয়োগপত্র পেয়েছেন। এছাড়াও ২০২৩ সালের ডিসেম্বরে জেআরবিটির মাধ্যমে গ্রুপ সি লোয়ার ডিভিশন ক্লার্ক, এগ্রি এসিস্ট্যান্ট সহ ইত্যাদি পদে রাজ্য সরকারের ৩৫টি দপ্তরে ১,৯৮০ জনকে নির্বাচিত করে নিয়োগপত্র দেওয়া হয়। পরিসংখ্যান তুলে ধরে মুখ্যমন্ত্রী জানান, ২০১৮-১৯ অর্থ বছর থেকে ২০২৫ এর এপ্রিল পর্যন্ত রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ১৬,৯৪২ জনকে নিয়োগ করা হয়েছে। তাছাড়া প্রয়োজন ভিত্তিক সরকারি বিভিন্ন দপ্তরে আউটসোর্সিং চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়েছে ৫,৭৭১ জনকে। সিকিউরিটি গার্ড ও অন্যান্য পরিষেবা ক্ষেত্রে বিভিন্ন এজেন্সির মাধ্যমে ২,৯৮৭ জনকে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে নিযুক্ত করা হয়েছে। ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে গত তিন বছরে রাজ্যের শিল্প এলাকাগুলিতে ১,৬১৭টি কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে। ২০২৪ ☞ ৬ এর পাতায় দেখুন

## শপিং মল থেকে চুরির অভিযোগে তিন নাবালক আটক

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৭ এপ্রিল:** উদয়পুর রাজারবাগ এলাকায় একটি শপিং মল থেকে চুরির অভিযোগে তিন নাবালককে আটক করেছে রাধা কিশোরপুর থানার পুলিশ। ঘটনাটি ঘটেছে গত বৃহস্পতিবার রাত সাড়ে আটটা থেকে নয়টার মধ্যে, সেভেন সেভেন অর্থাৎ আরতি স্টোর্স নামে একটি মলে।

মল কর্তৃপক্ষের দাবি, ঘটনার পর সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখে কয়েকজন সন্দেহভাজনকে শনাক্ত করা হয়। যদিও শুক্রবার থেকে অভিযুক্তদের খোঁজ মিলছিল না। অবশেষে রবিবার সকালে মলের কর্মকর্তারা ফুটেজ দেখে তিনজনকে শনাক্ত করে আটক করতে সক্ষম হন এবং পরে রাধা কিশোরপুর থানায় খবর দেন। পুলিশ এসে ওই তিন নাবালককে থানায় নিয়ে যায়।

মলের একাউন্টস বিভাগের কর্মকর্তা মধুসূদন পাল জানান, আটক তিনজনই স্কুল পড়ুয়া এবং নাবালক। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, তারা গত এক মাস ধরে মল থেকে বিভিন্ন ধরনের সামগ্রী চুরি করে আসছিল। ধারণা করা হচ্ছে, এই ঘটনার সঙ্গে আরও কয়েকজন জড়িত রয়েছে। পুলিশ ইতিমধ্যে তদন্ত শুরু করেছে এবং পুরো ঘটনার পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান চলছে।

# টেট পরীক্ষা: ২৭ এপ্রিল এবং ৪ মে পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে ১৬৩ ধারা জারি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** টিআরবিটি পরিচালিত টেট পরীক্ষার পেপার-১ এবং পেপার-২ আগামী ২৭এপ্রিল, ২০২৫ এবং ৪ মে, ২০২৫ তেলিয়ামুড়া মহকুমার বিবেকানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মাইগঙ্গা সুকান্ত দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, পিএম-শ্রী মোহরছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, মহারাণীপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, সারদাময়ী বিদ্যাপীঠ, নেতাজীনগর হাইস্কুল, কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, তেলিয়ামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে দুপুর ১২টা থেকে ২টা ৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে। টেট পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করতে পরীক্ষা কেন্দ্রের আশপাশ এলাকায় ঐদিনগুলিতে তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক এক আদেশবলে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা আইন-২০২৩"এর অন্তর্গত ১৬৩ ধারা জারি করেছেন। আদেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কেউ উল্লেখিত পরীক্ষা কেন্দ্রগুলিতে প্রবেশ করতে পারবেনা। তবে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতিপ্রাপ্ত টিআরবিটি অফিসিয়াল, পরীক্ষার কাজে নিযুক্ত কর্মী, পরীক্ষা কেন্দ্র কমিটির সচিব, জেলাশাসক, মহকুমা শাসক, জেলা পুলিশ সুপার, মহকুমা পুলিশ আধিকারিক সহ আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিয়োজিত নিরাপত্তা কর্মী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন। পরীক্ষা কেন্দ্রগুলির ২০০ মিটারের মধ্যে পরীক্ষা চলাকালীন ৫ বা ততোধিক ব্যক্তি একসাথে জড়ো হতে পারবেনা। পরীক্ষা চলাকালীন স্বরবর্ধক যন্ত্র ব্যবহার করা যাবে না। নিরাপত্তি কর্মী ব্যতীত কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে কোন ধরণের ধারালো অস্ত্র বা লাঠি নিয়ে প্রবেশ করতে পারবেনা। উল্লিখিত বিধি নিষেধ আগামী ২৭ এপ্রিল, ২০২৫ এবং ৪ মে, ২০২৫ দুপুর ১২টা থেকে দুপুর ২টা ৩০ মিনিট পর্যন্ত কার্যকর থাকবে। তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

## রংতুলির বার্ষিক আয়োজনে ছয় শতাধিক পুরস্কার বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** রবিবার বিশালগড়ের একটি বেসরকারি প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হলো রংতুলির বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠান। প্রায় ছয় শতাধিক ছাত্রছাত্রীকে এদিন পুরস্কৃত করা হয়। বিশালগড় ছাড়িয়ে রাজ্যের গণ্ডি পেরিয়ে জাতীয় স্তরেও খ্যাতি অর্জন করেছে রংতুলি। রাজ্যের বিভিন্ন প্রতিযোগিতার পাশাপাশি হায়দ্রাবাদ, মুম্বাই, গুজরাটসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রতিযোগিতায় পুরস্কার লাভ করেছে রংতুলির ছাত্রছাত্রীরা। তাদের সবাইকে এদিনের অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়।রবিবার দুপুর ১২ ঘটিকায় অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশালগড়ের তরুণ বিধায়ক সুশান্ত দেব। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশালগড় পুর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ, বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন অতসী দাস এবং আর্ট সোসাইটির সভাপতি কৃষ্ণকান্ত দেবনাথ।অনুষ্ঠানের শুরুতে কাশ্মীরের পহেলগামে নিহতদের এবং প্রয়াত রাজ্যের বিশিষ্ট বাউল শিল্পী অজয় বাউলের স্মৃতির উদ্দেশ্যে এক মিনিট নীরবতা পালন করা হয়।রাজ্যের বিভিন্ন এলাকা থেকে ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অভিভাবকরাও। নিজের বক্তব্যে, পুর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ ছাত্রছাত্রীদের সবকিছুর ঊর্ধে মানুষ হওয়ার পরামর্শ দেন। বিধায়ক সুশান্ত দেব কাশ্মীরে ঘটনার তীব্র নিন্দা জানিয়ে নিহতদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন এবং ছাত্রছাত্রীদের ভারতীয় কৃষ্টি ও সংস্কৃতি শেখানোর বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

পরবর্তী সময়, রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রায় ছয় শতাধিক ছাত্রছাত্রীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

## চুরি যাওয়া বাইক উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৭ এপ্রিল:** উত্তর রাউৎখলা যেন ধীরে ধীরে অপরাধের আখড়ায় পরিণত হচ্ছে। টাকারজলা থানা এলাকা থেকে চুরি যাওয়া একটি মোটরবাইক উদ্ধার হয়েছে বিশালগড়ের উত্তর রাউৎখলার নুরুল হকের বাড়ি থেকে।জানা গেছে, তিনদিন আগে টাকারজলা থানার অমরেন্দ্রনগর এলাকার বাসিন্দা ডিয়াম জমাতিয়ার বাইকটি চুরি হয়ে যায়। রবিবার সকালে ডিআইবি শাখার তৎপরতায় বিশালগড় থানার পুলিশ নুরুল হকের বাড়িতে অভিযান চালিয়ে চুরি যাওয়া বাইকটি উদ্ধার করে।তবে, মূল অভিযুক্ত নুরুল হকের ছেলে রাজীব এখনো পলাতক রয়েছে। তার বিরুদ্ধে আগেও একাধিক অভিযোগ রয়েছে বলে পুলিশ জানিয়েছে। রাজীবকে গ্রেপ্তারের জন্য পুলিশ তল্লাশি জারি রেখেছে।

## স্কুটি-বাইক সংঘর্ষে আহত দুই যুবক

**নিজস্ব প্রতিনিধি, বিশ্রামগঞ্জ, ২৭ এপ্রিল:** রবিবার দুপুরে বিশ্রামগঞ্জ মোটর স্ট্যান্ডের সামনে ৮ নম্বর জাতীয় সড়কে স্কুটি ও বাইকের সংঘর্ষে দুই যুবক গুরুতর আহত হয়েছেন। প্রত্যক্ষদর্শীদের থেকে জানা গেছে, টিআর০৭ডি৪৯৯১ নম্বরের স্কুটি নিয়ে দুই যুবক বিশ্রামগঞ্জ বাজারের দিকে যাচ্ছিলেন। সেই সময় রাস্তার পাশে থামানো টিআর ০৭এইচ৮৯৭৫ নম্বরের একটি বাইকের পেছনে সজোরে ধাক্কা মারেন তারা। ফলে স্কুটিতে থাকা দুই যুবক জাতীয় সড়কে ছিটকে পড়ে যান।

ঘটনার খবর পেয়ে বিশ্রামগঞ্জ দমকল বাহিনী দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহত দুই যুবককে উদ্ধার করে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। পরে বিশ্রামগঞ্জ থানার পুলিশও হাসপাতালে ছুটে যায়।

আহত দুই যুবকের নাম নিবাস দেববর্মা (১৮), পিতা রঘুনাথ দেববর্মা, বাড়ি রংমালা এবং বয়ক দেববর্মা (১৮)। বর্তমানে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে তাদের চিকিৎসা চলছে। স্থানীয় সূত্রে জানা গেছে, দু"জনের অবস্থা স্থিতিশীল হলেও, চিকিৎসকরা পর্যবেক্ষণে রেখেছেন। ঘটনাটি ঘিরে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

## শতবর্ষ প্রাচীন বিশালাকার বটগাছ কাটা নিয়ে উত্তেজনা কৈলাসহরে!

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৭ এপ্রিল:** শতবর্ষ প্রাচীন বিশালাকার একটি বটগাছ কাটা নিয়ে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়েছে কৈলাসহরে। দুইদিন অফিস বন্ধ থাকার সুযোগ নিয়ে বিনা অনুমতিতে গাছ কাটার কাজ চলছিল। তবে রবিবার সামাজিক সংস্থা 'গো গ্রিন' এবং কৈলাসহর প্রেসক্লাবের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে গাছ কাটা বন্ধ করার দাবি জানায়।

জানা গেছে, মনু নদীর বাঁধকে উঁচু ও প্রশস্ত করার কাজের জন্য এক ঠিকাদার বনদপ্তরের সংলগ্ন এলাকায় থাকা ঐতিহাসিক বটগাছটি কেটে ফেলার উদ্যোগ নেয়। ইতিমধ্যেই গাছটির ডালপালা কেটে ফেলা হলেও গাছের গোড়া কাটতে পারেনি তারা। বিশালাকার এই বৃক্ষ নিধনের ঘটনা দেখে পরিবেশপ্রেমীরা গভীর উদ্বেগ প্রকাশ করেন।

ঘটনার খবর পেয়ে বনদপ্তরের এক আধিকারিক সেখানে উপস্থিত হয়ে গাছ কাটার কাজ বন্ধ করে দেন। তিনি জানান, রেঞ্জ অফিসারের নির্দেশে তিনি এই বৃক্ষ নিধন বন্ধ করতে এসেছেন। তবে গাছ কাটার অনুমতি ছিল কিনা, তা তিনি নিশ্চিত নন বলে জানিয়েছেন।

এদিকে, স্থানীয় বাসিন্দারা দাবি তুলেছেন, যদি গাছ কাটতেই হয়, তবে বটগাছের নিচে অবস্থিত ছোট মন্দিরটি যেন স্থানান্তর করে পুনর্নির্মাণ করা হয়। বিষয়টি ঘিরে এলাকায় এখনও উত্তেজনা রয়েছে।

## পঞ্চায়েত সদস্যের হত্যায় গ্রেফতার ৫ অভিযুক্ত

ফিরোজাবাদ, ২৭ এপ্রিল (হি.স.) : উত্তর প্রদেশের ফিরোজাবাদ জেলাতে পঞ্চায়েত সদস্যের হত্যায় গ্রেফতার ৫ অভিযুক্ত। উল্লেখ্য, শনিবার পঞ্চায়েত সদস্য পাপ্পু কুশবাহকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে ও তারপরে গুলি করে হত্যা করা হয় বলে অভিযোগ। তার ছেলে থানায় মামলা অভিযোগ দায়ের করে। পুলিশের ৪টি দল অভিযুক্তদের ধরতে অভিযান চালায়। খন্ডরের কাছে ৪ অভিযুক্তকে গ্রেফতার হয় এবং এক অভিযুক্ত পুলিশকে লক্ষ্য করে গুলি চালায়। পুলিশ পাল্টা গুলি চালালে আহত হয় সে। আহত অভিযুক্তকে জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## সাব্রুমে বাড়ি বাড়ি রান্নার গ্যাস প্রজেক্ট চালু করার দাবি জিতেন্দ্র চৌধুরীর

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ২৭ এপ্রিল।।** সাব্রুম বিরোধী দলনেতা তথা সিপিআইএম পলিটব্যুরোর সদস্য জিতেন্দ্র চৌধুরী সাব্রুম শহরে বাড়ি বাড়ি রান্নার গ্যাস সরবরাহের জন্য একটি প্রজেক্ট চালু করার দাবি জানিয়েছেন। তিনি বলেন, 'সাব্রুম মহকুমায় কলাছড়া, সাত চাঁদ, মনুবাজার, হরিনাবাজার, জলেফা হয়ে সাব্রুম শহরে রান্নার গ্যাস সরবরাহ প্রজেক্ট চালু করা প্রয়োজন।'বর্তমানে সাব্রুমে তিনটি গ্যাস পয়েন্ট রয়েছে মনুবাজার-শ্রীনগর রাস্তায় দোমুর্খায়, মনুঘাট-আমলিঘাট রাস্তায় শ্যামপাড়ায় এবং মাগুম এডিসি ভিলেজে বনরাইবাড়িতে। এর মধ্যে দোমুর্খা থেকে কলাছড়া জিজিসি পর্যন্ত গ্যাস সরবরাহ করা হচ্ছে, এবং বাকী দুটি পয়েন্টও গ্যাস সরবরাহের জন্য প্রস্তুত।

জিতেন্দ্র চৌধুরী আরও জানান, এই প্রজেক্ট চালু হলে সাব্রুম শহরের বাসিন্দারা রান্নার গ্যাস সরবরাহের সুবিধা পাবেন, যা তাদের দৈনন্দিন জীবনকে সহজ করবে।

## বাবামনি ও মামনির পুণ্য মহাপ্রয়াণ দিবসে আমতলী অযাচক আশ্রমে উৎসব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল।।** রবিবার, ২৭ শে এপ্রিল, পরমারাধ্য শ্রী শ্রী বাবামনি ও পরমপূজনীয় শ্রী শ্রী মামনির বাৎসরিক পূণ্য মহাসমাধি দিবস উপলক্ষে আমতলী অযাচক আশ্রমে উৎসব ও মেলার আয়োজন করা হয়। এই পুণ্যময় দিনে অনুষ্ঠিত হয় সমবেত উপাসনা, যা সকাল থেকে শুরু হয়ে সারা দিনব্যাপী চলতে থাকে।

উপাসনার শেষে হরিওম বিগ্রহে অঞ্জলি প্রদান করা হয়। এরপর শুরু হয় সারাদিনব্যাপী হরিওম কীর্তন, যা ভক্তদের মধ্যে এক অপরিসীম আধ্যাত্মিক অভিজ্ঞতা প্রদান করে। এই মহাসমাধি উৎসবে রাজধানী আগরতলা শহরসহ বিভিন্ন এলাকা থেকে প্রায় ১০ থেকে ১৫ হাজার ভক্তের সমাগম ঘটে।

দুপুর ১টা থেকে শুরু হয় ভক্তদের মাঝে মহাপ্রসাদ বিতরণ। সন্ধ্যায়, হরিওম বিগ্রহে অঞ্জলি প্রদান করা হয় এবং এর মধ্য দিয়ে মহাসমাধি উৎসব মেলার সমাপ্তি ঘটে।

এই উৎসবে উপস্থিত ছিলেন ত্রিপুরার সম্মিলিত অখণ্ড সংগঠনের সাধারণ সম্পাদক দীপক কুমার নন্দী, কমলাসাগরের বিধায়িকা অন্তরা সরকার দেব, ত্রিপুরা সম্মিলিত অখণ্ড সংগঠনের কার্যকরী সম্পাদক প্রদীপ কুমার ভৌমিক, পশ্চিম ত্রিপুরা জেলার অখণ্ড সংগঠনের সম্পাদক অরুন কুমার পাল, উৎসব কমিটির সাধারণ সম্পাদক ভূষণ পাল সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা।

আমতলী অযাচক আশ্রমে আয়োজিত এই মহাসমাধি উৎসব ও মেলা গোটা এলাকাতে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করেছে। হরিওম কীর্তনের মাধ্যমে গোটা ত্রিপুরা রাজ্যে শান্তি ও সম্প্রীতির বার্তা পৌঁছানোর লক্ষ্য ছিল এই উৎসবের।

## বাবা-ছেলে হত্যাকাণ্ডে ডোমজুড় থেকে গ্রেফতার এক

হাওড়া, ২৭ এপ্রিল (হি.স.): জাফরাবাদে বাবা-ছেলে খুনে গ্রেফতার আরও এক সন্দেহভাজন। হাওড়ার ডোমজুড় থেকে অভিযুক্তকে গ্রেফতার করেছে বিশেষ তদন্তকারী দল। শনিবার রাতে অভিযান চালিয়ে অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। তাকে মুর্শিদাবাদদে নিয়ে যাওয়া হচ্ছে। পুলিশ ধৃতকে আদালতে পেশ করে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাবে বলে জানা যাচ্ছে। এখনও পর্যন্ত এই হত্যাকাণ্ডের ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হলো ৫।

## জাল নোট সহ ধৃত এক

মুর্শিদাবাদ, ২৭ এপ্রিল (হি.স.): জাল নোট-সহ মুর্শিদাবাদে পুলিশের জালে এক। জানা গিয়েছে, গোপন খবরের ভিত্তিতে শনিবার রাতে মুর্শিদাবাদের রানিনগরের কাতলামারী মাষ্টারপাড়ায় আউয়াল নামে একজনের বাড়িতে অভিযান চালায় পুলিশ। তল্লাশি অভিযান চলাকালীন বাড়ির ভিতর ড্রামের মধ্যে থরে থরে সাজানো জাল নোটের সন্ধান পায় পুলিশ। তাকে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ।

## ডঃ কে কস্তুরীরঙ্গনের শেষকৃত্য সম্পন্ন শোকপ্রকাশ সিদ্দারামাইয়ার

বেঙ্গালুরু, ২৭ এপ্রিল (হি.স.): ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র প্রাক্তন প্রধান ডঃ কে কস্তুরীরঙ্গনের শেষকৃত্য রবিবার সম্পন্ন হয়েছে। পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় ডঃ কে কস্তুরীরঙ্গনের শেষকৃত্য সম্পন্ন হয়। গত ২৫ এপ্রিল ৮৪ বছর বয়সে তিনি প্রয়াত হন, রাষ্ট্রীয় মর্যাদায় এদিন শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

ডঃ কে কস্তুরীরঙ্গনের প্রয়াণে শোকপ্রকাশ করেছেন কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। তিনি বলেছেন, 'ডঃ কস্তুরীরঙ্গনের মৃত্যু দেশের জন্য এক অপূরণীয় ক্ষতি, তিনি একজন বিখ্যাত বিজ্ঞানী ছিলেন। মহাকাশের ক্ষেত্রে তিনি দেশের জন্য বিশাল অবদান রেখেছেন। কর্ণাটকে তিনি অনেক অবদান রেখেছেন। তাঁকে স্মরণ করা রাজ্য সরকারের কর্তব্য।'

## দেওয়াল চাপা পড়ে বৃদ্ধার মৃত্যু

আরামবাগ, ২৭ এপ্রিল (হি.স.): হুগলি জেলার আরামবাগে ঝড়-বৃষ্টির দাপটে ভেঙে পড়ল মাটির বাড়ি। ঘরের দেওয়াল চাপা পড়ে মৃত্যু হল এক বৃদ্ধার। জখম হয়েছেন তাঁর দুই ছেলেও। মৃতার নাম কমলা ছাতি (৬৫)। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার রাতে ঝড়-বৃষ্টির সময় বৃদ্ধা মাকে মাটির ঘর থেকে সরিয়ে নিয়ে যাচ্ছিলেন তাঁর দুই ছেলে। সেই সময় আচমকা টিনের ছাউনি দেওয়া মাটির ঘরটি হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। মাটির দেওয়াল চাপা পড়ে ঘটনাস্থলেই বৃদ্ধার মৃত্যু হয়, জখম অবস্থায় তাঁর দুই ছেলেকে হাসপাতালে ভর্তি করা হয়। তাঁদের মধ্যে একজনকে বর্ধমান মেডিক্যাল কলেজে রেফার করা হয়। শনিবার রাতের ঝড়-বৃষ্টিতে আরামবাগ মহকুমা এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। একাধিক বাড়ির চাল ঝড়ে উড়ে গিয়েছে। বিদ্যুৎহীন বিভিন্ন এলাকা। যার ফলে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে।

## ছত্তিশগড়ে আটক ২৪ সন্দেহভাজন

রায়পুর , ২৭ এপ্রিল (হি.স.) : ছত্তিশগড়ের দুর্গ জেলায় রবিবার সকাল থেকে পাক অনুপ্রবেশকারীদের খোঁজে তল্লাশি অভিযান চালায় পুলিশ। পুলিশের একটি দল রায়পুরের বিভিন্ন এলাকা থেকে ২৪ জন সন্দেহভাজন ব্যক্তিকে আটক করে। এক পুলিশ আধিকারিক জানান, আটক ব্যক্তিদের নথি পরীক্ষা করা হচ্ছে। পুলিশ আরও জানান , কেন্দ্রীয় সরকারের নতুন নির্দেশ অনুযায়ী, ২৯ এপ্রিলের মধ্যে পাকিস্তানি নাগরিকদের ভারত ত্যাগ করতে হবে।

## অকালপ্রয়াত বামপন্থী নেতার প্রয়াণে সভা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২৭ এপ্রিল:** বামপন্থী নেতা অলক মজুমদারের স্মরণে এক বিশেষ সভার আয়োজন করল সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটি। রবিবার দুপুর দেড়টায় সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয় এই স্মরণসভা। প্রয়াত অলক মজুমদার খোকন, যিনি সিপিআইএম বিলোনিয়া শহরাঞ্চল কমিটির সদস্য এবং সারা ভারত কৃষক সভার বিলোনিয়া শহরাঞ্চল কমিটির সক্রিয় সদস্য ছিলেন, তাঁর অকাল প্রয়াণে শ্রদ্ধা জানাতে উপস্থিত হন বাম নেতৃত্ব।

সভার সূচনায় অলক মজুমদারের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে এক মিনিট নীরবতা পালন করা হয় তাঁর স্মরণে।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ অলক মজুমদারের সংগ্রামী জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনায় অংশ নেন এবং শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানান। পাশাপাশি তাঁরা পরিবারকে পাশে থাকার আশ্বাসও প্রদান করেন।

এই স্মরণসভায় উপস্থিত ছিলেন সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির সম্পাদক বিজয় তিলক, বিধায়ক অশোক মিত্র সহ অন্যান্য বিশিষ্ট বাম নেতৃত্বরা।

## জওহর বাল মঞ্চের উদ্যোগে রাজ্য স্তরের শিশু শিবিরের আয়োজন




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ এপ্রিল:** জওহর বাল মঞ্চ, ৭ থেকে ১৮ বছর বয়সী শিশুদের জন্য গঠিত একটি সংগঠন, রবিবার আগরতলা প্রেস ক্লাবে এক রাজ্য স্তরের শিশু শিবিরের আয়োজন করে। ভারতের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরুর স্মৃতির উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এই সংগঠন শিশুদের মধ্যে নেতৃত্বের গুণাবলী ও দায়িত্ববোধ গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জওহর বাল মঞ্চের ন্যাশনাল কো-অর্ডিনেটর তথা ত্রিপুরা ইনচার্জ মনোজ কুমার দত্ত, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা অন্যান্য বিশিষ্টজনেরা। শিশুদের উদ্যোগেই আয়োজিত এই শিবিরে বিভিন্ন নৃত্য ও সঙ্গীত পরিবেশনা করা হয়। শিশুদের প্রতিভা প্রদর্শনের মাধ্যমে তাদের ব্যক্তিত্ব বিকাশে সহায়ক ভূমিকা রাখার উদ্দেশ্যই ছিল এই আয়োজনের মূল লক্ষ্য।

অনুষ্ঠানের শেষে বিজয়ী শিশুদের হাতে পুরস্কার তুলে দেন আমন্ত্রিত অতিথিরা। জওহর বাল মঞ্চের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দিনগুলিতে রাজ্যজুড়ে এ ধরনের আরও শিশু-কেন্দ্রিক কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনা নেওয়া হয়েছে। সংগঠনের লক্ষ্য, দেশের ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে সুনাগরিক তৈরির ভিত্তি গড়ে তোলা।

## থানার পুকুর সংস্কারে উদ্যোগী জেলা প্রশাসন

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২৭ এপ্রিল:** বিকশিত ভারত এবং 'এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা' দৃষ্টিভঙ্গির অধীনে বিলোনিয়ায় শহর উন্নয়নের পথে আরেকটি পদক্ষেপ নিল দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন। জেলা শাসক মোহম্মদ সাজাদ পি শনিবার বিলোনিয়া থানার ওসি শিবু রঞ্জন দে-সহ থানার পুকুর পরিদর্শন করেন। তাদের সাথে ছিলেন বিলোনিয়া থানা পুলিশ ইন্সপেক্টর ও অন্যান্য কর্মীরা।

পুকুরের সামগ্রিক সৌন্দর্যবর্ধন, সংস্কার এবং উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিকল্পনার মধ্যে রয়েছে ঘাটের উন্নতি সাধন, ফিটনেস ব্যবস্থা সংযোজন এবং পুকুরে সাঁতার প্রশিক্ষণের সুবিধা চালুর উদ্যোগ।

জেলা শাসক স্থানীয় বাসিন্দাদের কাছ থেকেও মতামত সংগ্রহ করেন। তিনি আশাপ্রকাশ করেন যে, খুব শীঘ্রই সংস্কারকাজ সম্পন্ন করে থানার পুকুরটি জনসাধারণের জন্য উন্মুক্ত করে তোলা হবে। দক্ষিণ ত্রিপুরা জেলার এই উদ্যোগ শহরবাসীর মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas